মালদহ জেলার দক্ষিণ অংশের কথ্য বাংলা ভাষা মিশ্র বৈশিষ্ট্য যুক্ত। কেননা প্রাচীন কাল থেকে আজ পর্যন্ত মালদহ জেলায় এসেছে পাল, সেন,তুর্কি,পাঠান,মোগল,ইংরেজ শাসকরা; এমনকি ডাচ বণিক,খ্রিষ্টান পাদরি, রেশম ও নীল কুঠির বিদেশি মানুষজন। এর পাশাপাশি এসেছে ছোটনাগপুর মালভূমির অন্তর্গত রাজমহল অঞ্চলের সাঁওতাল ও মালপাহাড়িয়া,সাউরিয়া পাহাড়িয়া সহ বিভিন্ন জনগোষ্ঠীর মানুষজন। এসেছে পার্শ্ববর্তী বিহার ও মিথিলা থেকে মৈথিলি ব্রাহ্মণসহ বৃহত্তর জনগোষ্ঠী, ভোজপুরি,মগহি প্রভৃতি ভাষাভাষী অঞ্চলের মানুষজনও। স্বাধীনতার আগে ও পরে বাংলাদেশ থেকে বহু উদ্বাস্তু মানুষ এখানে বাস করছে। পার্শ্ববর্তী জেলা মুর্শিদাবাদ থেকে এবং প্রতিবেশি প্রদেশ বিহার থেকেও বেশ কিছু মুসলিম পরিবার এই জেলায় এসে স্থায়ীভাবে বসবাস করছে। ফলে মালদহ জেলার বৈচিত্রময় সংস্কৃতির সঙ্গে সঙ্গে কথ্য ভাষার রূপটিও হয়ে উঠেছে বিচিত্র সংস্কৃতি ও বিভিন্ন ভাষার ধ্বনি সমবায়ে সমৃদ্ধ।

উৎসগত দিক থেকে এই অঞ্চলের কথ্য বাংলায় সংস্কৃত মূল,দেশিমূল,আগন্তুক ও মিশ্র শব্দের উপস্থিতি লক্ষ করা যায়। এর সঙ্গে রয়েছে এমন কিছু শব্দ যার মূল নির্ণয় করা যায় না। এগুলি সাধারণত চলিত বাংলায় ব্যবহার হয় না। এগুলিকে অজ্ঞাতমূল হিসেবে চিহ্নিত করা হয়েছে। সংস্কৃত মূলের মধ্যে রয়েছে - তৎসম, অর্ধ-তৎসম, তদ্ভব; দেশিমূলের মধ্যে রয়েছে – আষ্ট্রিক-দ্রাবিড় গোষ্ঠী সহ ভারতবর্ষের অন্যান্য প্রদেশের ভাষা থেকে জাত শব্দ। আগন্তুক শব্দের মধ্যে রয়েছে – এদেশীয় হিন্দি এবং বিদেশি মূলের মধ্যে আরবি-ফারসি, তুর্কি; পোর্তুগিজ ও অন্যান্য ভাষা উৎস থেকে আগত ভাষার শব্দের সঙ্গে অন্য ভাষার শব্দ বা প্রত্যয়, উপসর্গ, অনুসর্গ ইত্যাদি যোগে গঠিত মিশ্র শব্দ।

এই অঞ্চলের কথ্য বাংলায় মান্যচলিতের মতোই সংস্কৃত মূল শব্দাবলির সংখ্যা বেশি। তবে দীর্ঘদিন ধরে গৌড় জনপদ মুসলিম শাসনে থাকার কারণে এই অঞ্চলের তুর্কি, আরবি-ফারসি জাত শব্দের সংখ্যাও বেশ ভালো পরিমাণে দেখা যায়। জেলা গঠনের পূর্বে এই জেলার বেশ কিছুটা অংশ বিহারের পূর্ণিয়া জেলার অন্তর্ভুক্ত ছিল, এই অঞ্চলের কথ্যবাংলায় তাই হিন্দি শব্দের উপস্থিতি ভালো পরিমাণেই দেখা যায়। পাশাপাশি পার্শ্ববর্তী বিহার রাজ্যের উপস্থিতি এই অঞ্চলের কথ্যবাংলায় হিন্দি শব্দের প্রভাবকে জোরদার করেছে। বাংলার আঞ্চলিক রূপের সঙ্গে হিন্দির আঞ্চলিক রূপের সংমিশ্রণে গড়ে উঠেছে 'খোট্টা ভাষা'। এই জেলার অনেক অংশই প্রথমে বিহারের অন্তর্ভুক্ত ছিল; পরে এই জেলার সঙ্গে সংযুক্ত হয়েছে। সেই কারণে তুলনামূলক বয়স্ক মানুষদের মুখে খোট্টার প্রচলন বেশি কিন্তু অল্পবয়সিদের ক্ষেত্রে কথ্যবাংলারই প্রাধান্য। তবে সেক্ষেত্রেও খোট্টার কিছু শব্দ বা শব্দাংশ কথ্যবাংলার উপরেও প্রভাব বিস্তার করেছে। চলিত বাংলার হাত ধরেই এই অঞ্চলের কথ্যবাংলায় এসেছে পোর্তুগিজ ও অন্যান্য বেশ কিছু ভাষার শব্দসম্ভার। সভ্যতার অগ্রগতির সঙ্গে তাল মিলিয়ে চলার জন্য আধুনিক জীবনযাত্রাকে স্বাগত জানাতে হয়েছে, ফলে দৈনন্দিন জীবনে বেড়েছে ইংরেজির ব্যবহার। তবে যেসব শব্দ এই অঞ্চলের কথ্য বাংলায় এসেছে; তার অধিকাংশই এই অঞ্চলের উচ্চারণ বৈশিষ্ট্য লাভ করেছে।

**এই অঞ্চলের কথ্য বাংলার শব্দ ভান্ডারের উপাদানগত পরিচয় এরূপ-**

১. সংস্কৃত মূল – তৎসম, অর্ধতৎসম, তদ্ভব।
২. দেশিমূল – অষ্ট্রিক-দ্রাবিড় সহ অন্যান্য, অজ্ঞাতমূল।
৩. আগন্তুক শব্দ – হিন্দি, বিদেশিমূল (আরবি-ফারসি,পোর্তুগিজ,তুর্কি,ইংরাজি,অন্যান্য ভাষা-উৎস)
৪. মিশ্র শব্দ




## ১. সংস্কৃত উৎসজাত শব্দ

### ১.১. তৎসম শব্দ

এই অঞ্চলের কথ্য বাংলায় তৎসম শব্দের ব্যবহার খুব কম। আঞ্চলিক উচ্চারণ বৈশিষ্ট্যের কারণে অধিকাংশ তৎসম শব্দই অর্ধতৎসম শব্দের রূপ লাভ করেছে। সামান্য কিছু তৎসম শব্দ এই অঞ্চলে অবিকৃতভাবে উচ্চারিত হয়; যদিও এই গুলির কয়েকটিতে সামান্য ধ্বনিতাত্ত্বিক পরিবর্তন ঘটেছে। সাধারণ মানুষের মধ্যে তৎসম শব্দের ব্যবহার কম। শিক্ষিত হিন্দু সমাজের মধ্যেই তৎসম শব্দগুলি কিছুটা ব্যবহৃত হতে দেখা যায়। অবশ্য তৎসম শব্দ হিন্দু মুসলমান উভয় গোষ্ঠীর সাধারণ মানুষের মধ্যেও ব্যবহৃত হয়। হিন্দু মুসলমান উভয় বাচক গোষ্ঠীর মধ্যে যে তৎসম শব্দগুলি ব্যবহৃত হয় সেগুলি এরূপ -

ক) কপাল - কার কপালে কে খায়, জুদ্‌দা হৈলে বুঝা জায়। (প্রবাদ)
খ) গন্ধ - ঐঠে অত্ত গন্ধ কোর্‌ছে ক্যান বে, কিছু মোইর্‌যাছে বুঝি!
গ) গুড় - গুড় কত্ত কোইর‍্যা কিন্‌লি বে/রে?
ঘ) ঘর - তোর্‌ঘে ঘর কিসের, মাটির না দালানের?
ঙ) চুল - লাউয়ার কাছ থাইক্যা জোল্‌দি জোল্‌দি চুলটি কাইট্যা আয়।
চ) ছাদ - অর্‌ঘে আজ ছাদ ঢালাই হোইলো।
ছ) তাল - তাল দুটো কুন্‌ঠে থ্যাইক্যা অ্যাইন্যাছে তোর বাপ্‌?
জ) তালু - হাঁর তালু-টা খুবি বিশাইছে।
ঝ) দশ - দশ টাকা দিবি তো দে, নাহিলে চুরি কোইর‍্যা লিবো।
ঞ) দয়া - লোকটার শরিলে/শরিরে অ্যাকটুকও দয়া মায়া নাই, চ্যাংড়াটাকে কেহ্‌ অ্যামন কোইর‍্যা মারে!
ট) দাশি (< দাসী) - তুমি কি হামকে দাশি পায়্যাছো, জে গোটাই দিন হামি খ্যাইট্যা মোরবো?
ঠ) ধন্‌ - অত্ত ধন্‌ লিয়্যা/লিয়ে জে লোকটা কি কোরবে, অর ত কেহ্‌ নাই।
ড) নারিকেল - হাঁর্‌ঘে নারিকেল গাছটাতে এব্যার অ্যাকটাও নারিকেল ধরেনি।
ণ) ফল - তোর্‌ নানার লাইগ্যা কিছু ফল লিয়াশিশ্‌।
ত) ফাল - শম্‌বারের হাট থাইক্যা হালের ফাল্‌-টা ঠিক কোইর‍্যা লিয়াশিশ্‌ তো।
থ) বিল - হাঁর্‌ঘে গাঁয়ের পান্‌জোরেই ম্যাল্লায় বড় বিল আছে।
দ) বিশ্‌ (< বিষ) - বিনেরঘে লয়্যা বোহুটা বিশ্‌ খাইয়্যা/খায়া লেছে/লিছে।
ধ) মধু - খাইতে/খ্যাইতে মধু,ফেল্‌তে ফাকাস্‌ (বাঁধা/আখ)
ন) মানুশ (< মানুষ) - তোরঘে বাড়ুতে/বাড়িতে কুন্‌ঠেকার মানুশ্‌ আইস্যাছে রে/টে?
প) মুখ - বেটিটার মুখ, অর নানির মতন/মতুন।
ফ) লাঙ্গল - অ্যাখন্‌/আখুন্‌ তো লাঙ্গল দিয়্যা লোকে চাশ্‌ কমি করে, টাক্‌টার/টেক্‌টার দিয়্যাই লোকে ভুঁই/জমি চাশ্‌ কোইর‍্যা লিছে।
ব) শক্তি - তোর কত শক্তি/শক্‌তি/শোক্‌তি আছে বে; পাত্‌থরটা উঠা দেখি!

এছাড়াও শিক্ষিত হিন্দু সমাজের মধ্যে আরও কিছু তৎসম শব্দ ব্যবহৃত হয়, এগুলি হল- ঘট,মন্দির,মেঘ,পলাশ,ইত্যাদি।

## ১.২. অর্ধ-তৎসম শব্দ

এই অঞ্চলের কথ্য বাংলায় তৎসম শব্দের মত অর্ধতৎসম শব্দও খুব বেশি ব্যবহৃত হতে দেখা যায় না। আঞ্চলিক উচ্চারণ পদ্ধতি; বিশেষ করে পদান্তে বা পদমধ্যে 'অ্যা' ধ্বনির আধিক্য, অল্পপ্রাণ ধ্বনির মহাপ্রাণ উচ্চারণ বা মহাপ্রাণ ধ্বনির অল্পপ্রাণ উচ্চারণ প্রবণতা, অনুরূপভাবে ঘোষ ধ্বনির অঘোষ ধ্বনিতে এবং অঘোষ ধ্বনির ঘোষ ধ্বনি উচ্চারণ প্রবণতা, অপিনিহিতির মত স্বরাগম, ব্যঞ্জনদ্বিত্বের আধিক্য, ল-কারীভবন ইত্যাদি নানা কারণেই এই অঞ্চলের কথ্য বাংলার শব্দগুলি আধিকাংশ সময়ই মান্য চলিতের থেকে একটু ভিন্নভাবে উচ্চারিত হয়। ফলস্বরূপ এই অঞ্চলের কথ্য বাংলায় তৎসম শব্দগুলি উচ্চারণের সময় আঞ্চলিক উচ্চারণ বৈশিষ্ট্য লাভ করে বেশিরভাগ ক্ষেত্রেই অর্ধতৎসম শব্দে রূপান্তরিত হয়ে গেছে। আবার কিছু শব্দ তৎসম শব্দ থেকে কালগত ও স্তরপরম্পরায় পরিবর্তিত না হয়ে সরাসরি পরিবর্তিত হয়ে অর্ধতৎসম শব্দের রূপ লাভ করেছে। এই অঞ্চলে প্রচলিত অর্ধতৎসম শব্দগুলি এরূপ --

| এই অঞ্চলের কথ্য বাংলায় ব্যবহৃত অর্ধ-তৎসম শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | মূল/তৎসম শব্দ | মন্তব্য |
|---|---|---|---|
| অন্‌নায়,অন্‌নাই | অন্যায় | অন্যায় | ব্যঞ্জনদ্বিত্ব |
| আইলস্যা | অলস | অলস | অ > আ, স্বরাগম |
| আখা | উনুন | উখা | উ > আ |
| আল | আইল | আলি(জমির আল) | স্বরলোপ |
| আল | বোলতার হুল | অল | স্বরাগম |
| অ্যাইল্ | আইল | আলি(জমির আল) | আ > অ্যা, অপিনিহিতি |
| অ্যালসা | অলস | অলস | অ > অ্যা, স্বরাগম |
| উঁচ্চা,উঁচা | উঁচু | উঁচু | ব্যঞ্জনদ্বিত্ব, উ > আ |
| উদাম্ | উলঙ্গ | উদ্দাম(উলঙ্গ অর্থে) | ব্যঞ্জনলোপ |
| উপ্‌পর | উপর | উপর | ব্যঞ্জনদ্বিত্ব |
| এন্‌দুর্ | ইঁদুর | ইঁদুর | ই > এ |
| ওড়াল্ | অসামঞ্জস্য/ উঁচু- নীচু ভাব | উড়+আল (প্রঃ) | উ > ও |
| ওইত্‌তাচার | অত্যাচার | অত্যাচার | অ > ও,স্বরাগম |
| ওপোর | উপর | উপর | উ > ও, অ > ও |
| ওশুন | রসুন | রশুন | ব্যঞ্জনলোপ |
| কইন্যা | মেয়ে,বউ | কন্যা | স্বরাগম |
| কত্‌তো | কত | কত | ব্যঞ্জনাগম |
| কদম | কদম | কদম্ব | ব্যঞ্জনলোপ |
| করোবি | করবী | করবীর | ব্যঞ্জনলোপ |
| কাত্‌তিক | কার্তিক | কার্তিক | র > ত |
| ক্যাইট | তলানি | কিট্ট | অ্যা ধ্বনির আগমন |
| কিরিশক | কৃষক | কৃষক | কৃ > কিরি, ষ > শ |
| কুটুম্ | কুটুম | কুটুম্ব | ব্যঞ্জনলোপ |
| কেট | বাতিল | কিট্ট | ই > এ, ব্যঞ্জনলোপ |
| কৈশ্‌শা | কষে | কষিয়া | অ > ঐ,ব্যঞ্জনদ্বিত্ব |
| কোশ্ | ক্রোশ | ক্রোশ | ব্যঞ্জনলোপ |
| খোলা | তাওয়া | খোলক | ব্যঞ্জনলোপ,অ > আ |
| চ | চল | চল | ব্যঞ্জনলোপ |
| চক্‌চইক্যা | চকচকে | চাকচিক্য | স্বরলোপ |
| চক্‌চক্ | চকচকে | চাকচিক্য | স্বরলোপ |
| চান্ | চাঁদ | চন্দ্র | ব্যঞ্জনলোপ |
| চিন্ | চিহ্ন | চিহ্ন | ব্যঞ্জনলোপ |
| চৈত | চৈত্র | চৈত্র | ব্যঞ্জনলোপ |

| এই অঞ্চলের কথ্য বাংলায় ব্যবহৃত অর্ধ-তৎসম শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | মূল/তৎসম শব্দ | মন্তব্য |
|---|---|---|---|
| ছালি | দুধের সর | সং ছল্লী | স্বরাগম,ব্যঞ্জনলোপ |
| জবা | জবা | সং জপা | প > ব |
| টগ্‌গর | টগর | সং তগর | ট > ত,ব্যঞ্জনদ্বিত্ব |
| টাং | পা | সং টঙ্গ | ব্যঞ্জনলোপ, স্বরাগম |
| তালুয়া | তালু | সং তালু | 'য়া' যুক্ত হয়েছে। |
| দুন্নাম | দুর্নাম,নিন্দা | সং দুর্নাম | সমীভবন |
| ধামা | ধামা | সং ধামক | ব্যঞ্জনলোপ |
| নিচ্‌চ্যা | নীচু | সং নীচ্‌ | ব্যঞ্জনদ্বিত্ব |
| নেমু | লেবু | সং নিম্বু | ব্যঞ্জনলোপ |
| পদ্‌দ | পদ্ম | সং পদ্ম | সমীভবন |
| ফাগুন | ফাল্গুন | সং ফাল্‌গুন | ব্যঞ্জনলোপ |
| ফেচচু | ফিঙে | সং ফিঁঙ্গক | ব্যঞ্জনধ্বনির রূপান্তর |
| মহু | মধু | সং মধু | ধ > হ |
| মামু | মামা | সং মামক >মামা | উ যুক্ত হয়েছে |
| মোইধ্যে | মধ্যে,মাঝে | সং মধ্যে | স্বরাগম |
| মোইদ্‌ধে | মধ্যে,মাঝে | সং মধ্যে | স্বরাগম,ব্যঞ্জনাগম |
| ম্যাগ | মেঘ | সং মেঘ | এ >অ্যা, অল্পপ্রাণীভবন |
| লাড্ডু,লাড়ু | নাড়ু | সং লড্ডু | স্বরাগম |
| লালঠা | লোভী (পুং) | সং লালা + ঠা | স্বরলোপ |
| লালঠি | লোভী (স্ত্রী) | সং লালা+ঠা+ঈ(স্ত্রী প্রঃ) | স্বরলোপ |
| শাগ | শাক | সং সাক | ঘোষীভবন |
| শাব্বল | শাবল | সং শর্বলা | ব্যঞ্জনদ্বিত্ব |
| শাশ্‌ড়ি | শাশুড়ি | সং শ্বশুর+ঈ (স্ত্রী প্রঃ) | স্বরলোপ |
| শোশুর | শ্বশুর | সং শ্বশুর | অ >ও, ব্যঞ্জনলোপ |
| হাড়ডি | হাড় | সং হড্ড | স্বরাগম |

## ১.৩. তদ্ভব শব্দ

মান্য চলিতের মতো এই অঞ্চলের কথ্য বাংলাতেও সংস্কৃত উৎসজাত তদ্ভব শব্দেরই প্রাধান্য লক্ষ করা যায়। তবে উচ্চারণ গত দিক থেকে অধিকাংশ তদ্ভব শব্দই এখানে আঞ্চলিক উচ্চারণ বৈশিষ্ট্য সমন্বিত হয়েই উপস্থিত হয়েছে। আবার বেশ কিছু তদ্ভব শব্দ এই অঞ্চলে ব্যবহৃত হয়, যেগুলির ব্যবহার বর্তমানের মান্য চলিতে নেই বললেই চলে। এই শব্দগুলির ব্যবহার আমরা মধ্যযুগের বাংলা ভাষার বিভিন্ন সাহিত্যিক নিদর্শনে লক্ষ করি। এদিক থেকে এই শব্দগুলির মধ্যে এই অঞ্চলের কথ্যবাংলার

প্রাচীন রূপ লক্ষ করা যায়। মান্য চলিতে নেই বা ব্যবহার খুব কম; এই অঞ্চলে ব্যবহৃত, এই রকম তদ্ভব শব্দগুলি নিম্নরূপ-

| এই অঞ্চলের কথ্য বাংলায় ব্যবহৃত তদ্ভব শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস (সংস্কৃত) |
|---|---|---|
| আকাম | ক্ষতি | < অ + কাম < কম্ম < কর্ম |
| আন্ | জেদ | অন্য > প্রাঃ অন্ন |
| আরসি,আরশি | আয়না | আদর্শ > প্রাঃ আয়রিস,আদরিস > বাং আরসি/আরশি |
| আল্না | লবন ছাড়া | অলবণিক > আলুনিয়া > আল্না |
| অ্যাইড় মাছ | আড় মাছ | আটি > প্রাঃ আড়ি > আড় > অ্যাইড় + সং মৎস্য > মাছ |
| অ্যাঁইড়া | এঁড়ে | অন্ড + এ < ইয়া = এঁড়ে |
| অ্যাক্ঠে | একত্রে | < এক + < ঠাঁই < স্থান |
| অ্যাঘ্ড়ু | এখন, কিছুক্ষন | < এই ঘড়ি = এতদ্ + ঘটি |
| অ্যালজিভ্ভা | আলজিহ্বা | আলজিহ্বা > আলজিব > অ্যালজিভ্ভা |
| উ | ও, সে | অসৌ |
| উকাশ্ | অবকাশ | অবকাশ |
| উঝোট্ | হোঁচট | < উচ্চাটন |
| উন্হা | গরম করা | উষ্ণ > প্রাঃ উন্হ > উন্হা |
| উফাদিক্ | উচ্ছিষ্ট | < উপ (অতিরিক্ত) + অধিক |
| উব্জা | উৎপন্ন হওয়া | উৎপদ্য > উপ্পজ্জ > উপজ |
| উভুর্ | উপুড় | অবমূর্ধা |
| উভুর | উবুর | অবমুন্ড > প্রাঃ উমন্ড > উবুর > উভুর |
| উলিবুলি | নারীভাষায় বিরক্তি | আকুলি ব্যাকুলি > এলোবিলি |
| এইঠে | এখানে | <এই ঠাঁই < এতদ্ স্থান |
| আঁইড়্যা,অ্যাঁইড়্যা | ষাঁড় | অন্ড > প্রাঃ অংড় > আঁড়িয়া > আঁইড়্যা |
| ওইগ্ল্যা | ঐগুলো | < ঐগুলো < অদস্ কুল |
| ওইঠে | ওখানে | < ঐ ঠাঁই < অদস্ স্থান |
| ওশার্ | প্রশস্ত, চওড়া | অবসর |
| কখা | কাখ | কঙ্কাল > কাঁকাল > কাঁখ > কখা |
| কমলানেমু/লেবু | কমলালেবু | কাম্পিল্ল > প্রাঃ কঅলা > কমলা+লেবু > লেমু |
| কাখোল,কাঁখ্যাল,কাখল | কাঁখ | কঙ্কাল > কাঁকাল > কাখোল,কাঁখ্যাল,কাখল |
| কাঁড়োল | বাঁশের তৈরি আকর্ষি | কন্ডন < কাঁড়ন |
| কান্টা | বাড়ির পেছন দিক | < কন্ঠ + অ |

| এই অঞ্চলের কথ্য বাংলায় ব্যবহৃত তদ্ভব শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস (সংস্কৃত) |
|---|---|---|
| কান্‌ধা | কিনারা | স্কন্ধ > কান্ধ + আ (প্রঃ) |
| কামকারি | কর্মঠ | কর্ম্ম > প্রাঃ কম্ম > বাং কাম + কৃ > করা + ই |
| কাম্‌হার্‌ | কামার | কর্ম্মকার > প্রাঃ কম্মার > কাম্‌হার |
| কাহিন্যা,কেহেনি,কেহনি | কনুই | কফোনি > কহোনি > কাহিন্যা,কেহেনি,কেহনি |
| ক্যাঁথা | কাঁথা | কন্থা > প্রাঃ কংথা > বাং কাঁথা > ক্যাঁথা |
| ক্যালাপাতি,কলাপাত্তা | সবুজ | কদলক,কদলী > হিঃ কেলা > ক্যালা,কলা+সং পত্র >পাত্তা ,পাতি |
| কুঁকড়া,কোঁকড়া | কোকড়ানো, ঢেউ খেলানো | কর্কট > কক্‌কড় > কংকড় > কুঁকড়া,কোঁকড়া |
| কুঁঠি | মাটির তৈরি গোলা | কোষ্ঠিকা |
| কুনি | নখ | কোন + ই |
| কুম্‌হা | কূপ | কূপ |
| কুম্‌হার | কুমোর | কুম্ভকার > প্রাঃ কুম্ভার > কুম্‌হার |
| কুড়হোল,কুড়হাইল | কুড়াল,কুড়ুল | কুঠার >প্রাঃ কুঢার > কুড়াল > কুড়হোল,কুড়হাইল |
| কুড়িহা,কুড়হ্যা,কুইড়্যা, কুঁড়্যা | কুঁড়ে | কুষ্ঠ > কুড় > কুড়হ্যা,কুড়িহা,কুঁড়্যা,কুইড়্যা |
| খাট্‌লা | খাট | খটবা > প্রাঃ খট্টা > বাং খাট + লা > খাটলা |
| খাপ্‌ড়ি | মাথার খুলি | খর্পর |
| খাবোল্‌ | অঞ্জলি - | কবল > খাবল |
| খাল্‌ | চামড়া | খল্ল |
| খ্যাও | দফা,ফের | ক্ষেপ > খেঅ > খ্যাও |
| খিচ্‌ড়ি,খিচরি | খিচুড়ি | কৃসর > প্রাঃ কিসর > কিছর > খিচর > খিচ্‌ড়ি,খিচরি |
| খির | ক্ষীর,পায়েস | ক্ষীর > প্রাঃ খীর > খির |
| খুল্‌লা | মুরগির কুঠরি | খালি > খোল + আ (প্রঃ) |
| খোলা | তাওয়া | খোলক > খোলঅ > খোলা |
| গতর,গত্তোর | শরীর | গাত্র > গত্তর > গতর |
| গড় | ঢেঁকির খোল. | গর্ত্ত > প্রাঃ গড্ড > বাং গড় |
| গহম | গম | গোধূম > প্রাঃ গোহূম > বাং গম > গহম |
| গহামা | গোখরো সাপ | গোধূম > গহাম + আ (প্রঃ) |
| গাই,গায় | গাভী | গাভী > প্রাঃ গাঈ > গাই,গায় |
| গাছ মরিচ | কাঁচালঙ্কা | গচ্ছ > প্রাঃ গাছ > বাং গাছ + সং মরিচ |
| গাভিন্‌ | গর্ভবতী পশু | গর্ভিনী |
| গিরহস্ত,গিরোশ | গৃহস্থ | গৃহস্থ > প্রাঃ গিরস্থ > গিরশ,গিরহ |

| এই অঞ্চলের কথ্য বাংলায় ব্যবহৃত তদ্ভব শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস (সংস্কৃত) |
|---|---|---|
| গুঁহির্ | গভীর | গভীর |
| গুয়াল,গুয়ালা | গোয়াল | গোপাল > প্রাঃ গোবাল > গুয়াল,গুয়ালা |
| গোহিল | গোয়ালঘর | গোশালা > গোহাল |
| গোতিয়্যা | গোত্র, জ্ঞাতি | গোত্র |
| ঘট্ঠা | ঘর্ষরজানিত দাগ | ঘৃষ্ট > ঘট্ঠ > ঘটঠা |
| ঘশ্ঠোন্ | ঘর্ষণ | ঘৃষ্ট + অন |
| ঘিন্টি | জট | গ্রন্থি > গিনটি |
| ঘিনাহা | ঘৃণ্য | ঘৃণা > ঘিণা |
| ঘিনাহা | নোংরা-স্বভাবের (পুং) | ঘৃনা > ঘিনা;ঘৃনার্হ > ঘিনাহ + আ |
| ঘিনাহি | নোংরা স্বভাবের(স্ত্রী) | ঘৃনা > ঘিনা;ঘৃনার্হ > ঘিনাহ+আ > ঘিনাহা + ই |
| ঘোঁচ্ড়া | অশৃঙ্খলভাবে ঘোরানো | কুঞ্চন > ঘোঁচ + রা (প্রঃ) |
| ঘোলাইট্ট্যা | ঘোলাটে | ঘুর্ণি > প্রাঃ ঘোল + আ > ঘোলা + ইটা |
| চটপটা | চটপটে | ঝটিতি > ঝাট > চাট > চট+পট |
| চাক্লা | গোল | চক্র > চাক + লা |
| চাভোল্ | চোয়াল | চর্বণ > চাব > চাভ + ল/<br>চর্ব্ব্ > চাভা + ল > চাভাল > চাভোল<br>(গতিঃ অনুকার হিসেবে)+আ |
| চুল্হা | উনুন | চুল্লী |
| চোকা | খোসা | চোলক > চোকলা > চোক্কা |
| চোপা | মুখমন্ডল | চুব্র > চ্যুপ > চোপা |
| ছা | শাবক | শাবক > ছাও |
| ছাইতন | ছাতিম গাছ | সপ্তপর্ণ > ছাতিঅন |
| ছাইহ্যা | ছাইরং | ক্ষার > ছার > ছাই+হ্যা |
| ছাতা,ছাতি | ছাতা | ছত্র > প্রাঃ ছত্ত > বাং ছাতা > ছাতি |
| ছ্যান্দা | ছিদ্র | ছিদ্র |
| ছিত্র্যা | প্রশস্ত,ছাড়ানো | ছত্রকার |
| ছিন্হ্যার | ছিনাল | ছিন্ন > ছিন্নাল |
| ছিল্কা | খোসা | ছিন্ন > ছিল + কা (প্রঃ) |
| ছিলা | খোসা ছাড়ানো | ছিন্ন > ছিল + আ (প্রঃ) |
| ছিড়ছিড়িয়্যা | সবেগে দৌড় | √ছিড়ছিড় + ইয়া (প্রঃ) |
| ছিঁড়্যা | জল নিষ্কাশনী নালা | √ছদ + আ (প্রঃ) |

| এই অঞ্চলের কথ্য বাংলায় ব্যবহৃত তদ্ভব শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস (সংস্কৃত) |
|---|---|---|
| ছুঁচা | জলশৌচ | সং শৌচ |
| ছুত্না | নামমাত্র | সং সূত্র > ছুতা + নাতা (অনুকার) |
| ছুব্ | থুথু | সং ক্ষিপ্ > ছেপ্ |
| ছুঁরি,ছোরা | ছুরি | ছুরিকা প্রাঃ ছুরিয়া, আ বাং ছুরি ছুঁরি,ছোরা |
| ছেইলা,ছেলা | বালক | সং শাবক > ছাবাল > ছাওয়াল >ছেলা,ছেইলা |
| ছোট মা | কাকিমা | ক্ষুদ্র > প্রাঃ ছুট্ট >ছোট + সং মাতা >মা |
| জনম | জন্ম | জন্ম |
| জাঁওই | জামাই | জামাতা >জামাই >জাঁওই |
| জাতি | জাঁতি (সুপারি কাটার যন্ত্র) | যন্ত্র > প্রাঃ জংত > জাঁত + ই |
| জাম্‌মা,জামা | যমজ | যমজ |
| জাড় | ঠান্ডা | জাডা >প্রাঃ জড্ড, জড্ডা >জাড |
| জ্যালা,জাইল্যা | জেলে | জালিক > প্রাঃ জাজিলে > জ্যাল্যা |
| জ্যাঠা | জ্যাঠা | জ্যেষ্ঠতাত >জ্যাঠা |
| জি | মহাশয় | জীব > জীঅ |
| জিট্‌ঠি | টিকটিকি | জ্যেষ্ঠি |
| জুত্ | মনোযোগের সঙ্গে যুক্ত > জুত্ত >জুত | |
| জুয়াল,জুঁয়াল | জোয়াল | যুগ >প্রাঃ যুঅ >বাং জুআল, জুয়াল |
| জো | উপায় | যোগ |
| জোনাহ্‌কি,জোনাকি | জোনাকি | জ্যোৎস্না > প্রাঃ জোন্‌হা >জোনা + কি, হ্‌কি |
| জোশ্ | ঝোল | জোষ |
| ঝনা,ঝনা | জন | জন + আ (প্রঃ) |
| ঝোর | ঝোল | জোষ |
| টাটা | যন্ত্রণা | তপ্ত > তাত > টাট + আ (প্রঃ) |
| ট্যাঙ্গা | টক | টঙ্ক |
| টুটি | গলা | ত্রোটি |
| ঠোর | ঠোঁঠ | ওষ্ঠ >প্রাঃ ওট্‌ঠ > ঠোঁট >ঠোর |
| ডাঁড় | ক্ষতিপূরণ | দণ্ড |
| ডাঁশবোল্‌ল্যা | মৌমাছি | দংশ > ডাঁশ + বোল্‌ল্যা |
| ড্যাওয়া | বারান্দার প্রান্তভাগ দার্বট > দাওয়া >ড্যাওয়া | |
| ড্যাঁশ | ডাঁশ | দংশ > প্রাঃ ডংস >ডাঁশ |
| ড্যাহিন্ | গিরগিটি | ডাকিনী >ডাইনি >ড্যাহিন্ |
| ডেড়ুহি | দেড়গুণ | দ্বিঅর্ধ + হা/হি (প্রঃ) |
| ডোগ্ | ডগা | অগ্র |

| এই অঞ্চলের কথ্য বাংলায় ব্যবহৃত তদ্ভব শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস (সংস্কৃত) |
|---|---|---|
| ঢ্যাকা | ধাক্কা | ধাক্কা |
| ঢুঁড়া | খোঁজ | ঢুণ্ঢ্ |
| ঢের | অনেক, বেশি | অধিকতর > ধিঅর |
| তশর | প্রজাপতি | ত্রসর > তসর > তশর |
| তাতা | গরম | তপ্ত > তাত + আ (প্রঃ) |
| তাহোই | তাহোইমশায় | তাত > তাঅ > তাহ + ওই |
| ত্যাল | তেল | তৈল > প্রাঃ তেল্ল > বাং তেল > ত্যাল |
| ত্যাল্কাট্টা | আরশোলা | তেল > তেল + চাটা |
| ত্যাহার্ | ত্রিভাগ,ত্রিগুণ | ত্রিহার |
| তিত্তা,তিতা,তিত্যা | তেতো | তিক্ত > প্রাঃ তিত্ত > তিত্তা,তিতা,তিত্যা |
| থ্যাত্থোল | পাজি,অবাধ্য | ধূর্ত |
| থুয়্যা | রেখে | স্থা |
| থোম | থাম | স্তম্ভ > প্রাঃ থম্ব > থাম > থোম |
| দড়্হো | শক্ত | দৃঢ় > দঢ় |
| দ্যাওর,দ্যাঅর | দেওর | দেবর > দেঅর > দেওর > দ্যাওর,দ্যাঅর |
| দিগ্ঘি | দিঘি | দীর্ঘিকা > প্রাঃ দিগ্ঘিঅ > দিঘি,দিগ্ঘি |
| দুদ্ | স্তন,দুধ | দুগ্ধ > প্রাঃ দুদ্ > বাং দুধ > দুদ্ |
| দুব্ড়া,দুব্ড়ি | দূর্বাঘাস | দূর্বা > দুব্রা |
| দোহোর | দ্বিতীয়বার | দ্বিহার |
| দোহোরা | দ্বিভাজ, দ্বিগুন | দ্বিহার |
| ধাগা | মোটা সুতো | তগ্গ (প্রাঃ) > তাগা > ধাগা |
| লাতি | দৌহিত্র | নপ্তৃক > নত্তিঅ > নাতি > লাতি |
| নাতিন,লাতিন | দৌহিত্রী | নপ্তৃক > নত্তিঅ > নাতি + ইন (স্ত্রী প্রত্যয়) > লাতিন |
| নাম্লা | বিলম্বিত পরে | (বি) লম্ব + লা (প্রঃ) |
| নাং | উপপতি | নগ্ন > নাঙ্গ > নাং |
| ন্যাইন্জ্ | লেজ | লঞ্জ > লেজ |
| ন্যাইন্দ্ | নাদ | নন্দা |
| ন্যাহোর্ | কাত করে রাখা | নম্র > নমর > ন্যাউর |
| নিন্দ্ | ঘুম | নিদ্রা > নিন্দ > নিন্দ্ |
| নুনছ্যা,নুনছা,নুনতা | লবণাক্ত,নোনতা | লবন > প্রাঃ লোন্ > নুন + ছা/তা (প্রঃ) |
| পল্হ্যায় | মাছ ধরার যন্ত্র | পলব |
| পহার্ | প্রহর | প্রহর |
| পঁহাত্ | সকাল | প্রভাত |
| পাতলা | পাতলা | পত্র >প্রাঃ পত্তল >পাতল+আ |

| এই অঞ্চলের কথ্য বাংলায় ব্যবহৃত তদ্ভব শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস (সংস্কৃত) |
|---|---|---|
| পাত্তা | পাতা | পত্র >পাতা >পাত্তা |
| পাথোল | আড়াআড়ি | প্রস্থ >পাথ + অল >পাথোল |
| পান্‌জোর | পার্শ্ব | পাঞ্জর |
| পিঠ্যা, পিট্‌ঠ্যা | পিঠে | পিষ্টক >প্রাঃ পিট্‌ঠক >পিটঠ্যা,পিঠ্যা |
| পিন্‌ধা | পরিধান | পিনদ্ধ |
| পিড়হ্যা | পিঁড়ে | পিণ্ডিকা |
| পুআল | খড় | পলাল |
| পুছ্‌ | জিজ্ঞাসা | √ প্রচ্ছ |
| পুঁথ্‌লা | পুতুল | পুত্তল |
| পুয়া | পোয়া | পাদ >প্রাঃ পায >বাং পোয়া >পুয়া |
| পৈখোর, পোখোর | পুকুর | পুস্করিণী |
| পৈথ্যান্‌ | বিছানার পায়ের অংশ | পাদস্থান |
| পোতা | পৌত্র | পৌত্র > পোত্ত > পোতা |
| পোতিন্‌ | পৌত্রী | পৌত্র > পোত্ত > পোতা + ইন (স্ত্রী প্রত্যয়) |
| পোল্‌লা,পোরলা | পটল | পটোল > ম.বা.পরলা > পোল্‌লা,পোরলা |
| পোহিন্‌ | পোনা | পোতাধান > পোহান |
| ফাঙড়ি | শাখা-প্রশাখা | পীঠিকা |
| ফাঁড়্‌ | চওড়া,প্রস্থ | ফণ্ড > ফার |
| ফিঁচ্যা | মাছের লেজ | পুচ্ছ > পিছা |
| ফুটানি | বাবুগিরি | স্ফুট + আনি |
| ফুর্‌তি | তাড়াতাড়ি | স্ফূর্তি |
| ফুশ্‌ফুশি | ফুসফুস | পুপ্‌ফুস্‌ > ফুপ্‌ফুস্‌ > ফুসফুস > ফুশ্‌ফুশি |
| ফেউ | গোয়েন্দা,তুচ্ছ | ফেরু |
| ফোট্‌ | ফোঁটা,ফোঁড়া | স্ফুট |
| বাঁওর | বাতাস,ঘূর্ণি | বায়ু + আর (প্রাঃ) |
| বাঙরু | বেঁটে(পুং) | বামন > বাউন > বাঙরু |
| বাঙরি | বেঁটে (স্ত্রী) | বামন > বাউন > বাঙরু + ই (স্ত্রী প্রঃ) |
| বাছরু | বাছুর | বৎসরূপ >প্রাঃ বচ্ছরূঅ > বাছরু |
| বান্‌ঝা | বাঁঝা | বন্ধ্যা > বংঝা > বান্‌ঝা |
| বাথান | ফসল পাহারা দেওয়ার অস্থায়ী ঘর | বাসস্থান > প্রাঃ বাহথান > বাথান |
| বানিয়া | ব্যবসায়ী | বনিক > প্রাঃ বান্যা > বানিয়া |
| বাপ | বাবা | বপ্র > প্রাঃ বপ্প > বাং বাপ্‌ |

| এই অঞ্চলের কথ্য বাংলায় ব্যবহৃত তদ্ভব শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস (সংস্কৃত) |
|---|---|---|
| বালশ্ | নবজাতক | বল + অ = বাল + শ (প্রঃ) |
| বালু,বাল্লু | বালি | বালুক > প্রাঃ বালুয়া > বালু,বাল্লু |
| বাড়ুহ্ন | ঝাঁটা | বর্ধনী |
| ব্যাইট্ঠ্যা | বেঁটে | বন্ট > বেঁটে > ব্যাইট্ঠা |
| ব্যাগ্যাত্তা | অনুরোধ | ব্যগ্রতা |
| ব্যাটা | ছেলে,বেটা | পুত্র > প্রাঃ বিট্র > ব্যাটা |
| বিদ্ড়া | ভ্যাংচানো | বিজুরি |
| বিহ্যা | বিয়ে | বিবাহ |
| বিহ্যাই,বিয়াই | বেয়াই | বৈবাহিক > প্রাঃ বেহাহিঅ > বিহ্যাই |
| বিহ্যান,বিহ্যাইন | বেয়ান | বৈবাহিক > প্রাঃ বেহাহিঅ > বিহ্যাই + ন |
| বুনা | বুনা | বপন > বুন্না > বুনা |
| বুড়ুহা | বৃদ্ধ | বৃদ্ধ > বুড়্‌ঢ > বুড়া > বুড়ুহা |
| বুড়ুহি | বৃদ্ধা | বৃদ্ধ > বুড়্‌ঢ > বুড়া > বুড়ুহা + ঈ (স্ত্রী প্রঃ) |
| বৈত্তা | নিষ্কৃতি, উদ্ধার | বর্তা > বৈত্তা |
| বৈরাতি | বরযাত্রী | বরযাত্রী |
| বৈশ্ন্যা | হাঁড়ি রাখার জায়গা | বস + অন + ইয়া (প্রঃ) |
| বৈহির‍্যা | কানে খাটো | বধির > বহির + ইয়া (প্রঃ) |
| বোগ্লা | বক | বক্ + লা |
| বোর,বইর | কুল | বদরী > প্রাঃ বোরী > বোর,বইর |
| বোহিন | বোন | ভগিনী > প্রাঃ বহিনী > বোহিন |
| বোহু | বউ | বধূ > বউ,প্রাঃ বহূ > বোহু |
| ভ্যাই | ভাই | ভ্রাতৃ > প্রাঃ ভাই > ভ্যাই |
| ভাইজি | ভায়রা | ভাতৃ > ভাই + জি |
| ভাতার | স্বামী | ভর্তৃ > প্রাঃ ভত্তার > ভাতার |
| ভাতার | উপপতি | ভর্তৃ > প্রাঃ ভত্তার > বাং ভাতার |
| ভাদোই | আউশ ধান | ভাদ্র > ভাদ + আই |
| ভানি | বৌদি | ভাতৃ > ভাই + নি (স্ত্রী প্রঃ) |
| ভায়রা | ভায়রা | ভ্রাতৃ > ভায়র > ভায়রা |
| ভুঁই | জমি | ভূমি |
| ভেগ্না,ভ্যাইগ্না,ভ্যাগ্না | ভাগ্নে | ভগিনেয় > ভাগিনা > ভাগ্না,ভ্যাগ্না,ভ্যাইগ্না,ভেগ্না |
| ভোথ্রা | ভোঁতা | ব্যহত > ভোঁত + রা |
| মইন্যা,মাইনা | ময়না | মদনসরিকা > প্রাঃ ময়না > মইন্যা,মাইনা |
| মা,মাও | মা | সং মাতা >প্রাঃ মাআ >মা+ও |

| এই অঞ্চলের কথ্য বাংলায় ব্যবহৃত তদ্ভব শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস (সংস্কৃত) |
|---|---|---|
| মাঁচান | মাচা | মঞ্চ > প্রাঃ মংচ > বাং মাচা + ন |
| মাচ্ছি | মাছি | মক্ষিকা > প্রাঃ মচ্ছিআ > মাছি > মাচ্ছি |
| মাট্কি,মোট্কি | মাটির বড় হাড়ি | মৃত্তিকা > প্রাঃ মত্তিআ > বাং মাটি > মাট > মাট্কি,মোট্কি |
| মাট্টি | মাটি | মৃত্তিকা > প্রাঃ মিত্তিআ > বাং মাটি > মাট্টি |
| মান্জা | কোমর | মধ্য > মাঝা > মান্জা |
| মাত্থা | মাথা | মস্তক > প্রাঃ মত্থঅ > মাত্থা |
| মাথৈল | ঝাঁপি | মস্তক > প্রাঃ মত্থঅ > বাং মাথা + ইল |
| মাহোই | মাহোই মা | মাতৃক > মাউই > মাহোই |
| ম্যাড়া,ম্যাড়ুহা | ভেড়া | মেঢ় > প্রাঃ মেড্ঢ > বাং মেড়া > ম্যাড়া,ম্যাড়ুহা |
| মিট্ঠা,মিঠ্যা | মিষ্টি | মিষ্ট > প্রাঃ মিট্ঠা > মিঠ্যা |
| মিন্শ্যা | পুরুষ (ব্যঙ্গার্থে) | মনুষ্য |
| মিশ্যা | মেশা/মেশানো | মিশ্রিত > প্রাঃ মিস্সিঅ > মিশ্যা |
| মিশালা | মিশ্রিত | মিশ্র > প্রাঃ মীসালিঅ > বাং মিসাল,মিশাল > মিশালা |
| মুঙ্গ,মুঙাইর | মুগ | মুদগ > প্রাঃ মুগ্গ |
| মুত | মূত্র | মুত্র > প্রাঃ মুত্ত > বাং মুত |
| মূলাই | মূলো | মূলক > প্রাঃ মূলঅ > মূলা,মূলাই |
| মৈল্ | ময়লা | ময়লা |
| মোচ্,মচ্ | গোঁফ | শ্মশ্রু >মস্সু |
| মোশা | মশা | মশক > প্রাঃ মসঅ > বাং মশা > মোশা |
| রাঁড়ি | বিধবা | রন্ডা > প্রাঃ রংডা > রাঁড় + ঈ |
| লক্ | চুপ | লক্ষ |
| লয়্যা | নতুন | নব > নয়া |
| লা | নৌকা | নৌ > নাও > না |
| লাইহোর | বৈবাহিক শব্দ | জ্ঞাতিগৃহ > নাইঅর |
| লাঘাল্ | নাগাল | নাগাল |
| লাদি,লাদ্দি | ছাগল ইত্যাদির নাদি | লণ্ড |
| লাল্ঠা | লোভী | লালা > লাল + ঠা |
| ল্যাহি | নাভি | নাভি > লাভি > লাহি |
| লিক্যাশ্ | নিকাশ | নিষ্কাশন |
| লিখি | উকুনের ডিম | লিক্ষা |
| লিচিন্ | নিশ্চিন্ত, স্বস্তি | নিশ্চিন্ত |
| লিল্ল্যা | শুধু,নিরালা | নিষ্কল > নিকলা |
| লে | নাও | লইয়া |

| এই অঞ্চলের কথ্য বাংলায় ব্যবহৃত তদ্ভব শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস (সংস্কৃত) |
|---|---|---|
| লোগ্ | আঙ্গুল | নখ |
| শাড়হি | শাড়ি | শাটী > প্রাঃ সাডী > শাড়হি |
| শিঝা | সেদ্ধ | সিধ্যতে > সিজঝই > সিঝা |
| শিথ্যান্ | বিছানার মাথার অংশ | শিরস্থান |
| শিয়ানা | চালাক | সজ্ঞান > সেয়ান + আ (প্রঃ) |
| শিয়্যা | সেলাই করা | সীবন |
| শুঁই | সূচ | সূচী |
| শুলপি | বর্শা | শূল > প্রাঃ শূল > বাং শূলফী > শুলপি |
| শোইল,শোওল | শোল | শকুল > প্রাঃ সউল > শোল > শোইল,শোওল |
| সইরষা,সরষ্যা | সরিষা | সর্ষপ > প্রাঃ সরিষব,সরিস্ > সরিষা > সইরষা,সরষ্যা |
| সিধ্যা | সোজা | শুদ্ধ > হিঃ সীধা > সিধা,সিধ্যা |
| সেন্দুর,সেঁদুর,সেনুর | সিঁদুর | সিন্দূর > সিঁদূর > সেন্দুর;সেনুর |
| হলদ্যা,হৈলদ্যা | হলুদ রংয়ের | হরিদ্রা > হলিদ্দা > হৈলদ্যা,হলদ্যা,হলুদ |
| হ্যাইল্কা | হালকা | লঘুক > প্রাঃ হলুঅ > হাল্কা > হ্যাইলকা |

এই অঞ্চলে এমন কিছু তদ্ভব শব্দ ব্যবহৃত হয়, যেগুলির মধ্যে কালগত দিক থেকে প্রাচীন রূপ পরিলক্ষিত হয়। এই শব্দগুলির অনেক গুলি মধ্য বাংলার বিভিন্ন সাহিত্যিক নিদর্শনেও ব্যবহৃত হয়েছে। এই শব্দগুলি হল -

অ্যাকঠে (একত্রে),উব্জা (উৎপাদন), কুনি/কোনি (নখের কোনা), খ্যাও (ক্ষেপ), চাক্লা(গোলাকার), ছিল্ক্যা/ছিল্কা(খোসা), জুত (ঠিকমত), টাটা (ব্যাথা), টুটি (কনালি,গলা), থুয়্যা (রেখে), দড়হো (দৃঢ়,শক্ত), ধলো (ফর্সা,সাদা), ধাগা (বাঁধার সুতো বিশেষ), নিন্/নিন্দ্ (নিদ্রা), পুছ (জিজ্ঞাসা), বৈথ্যান্ (পদস্থান)।

## ২. দেশিমূল

### ২.১. অষ্ট্রিক - দ্রাবিড় ও অন্যান্য থেকে

এই অঞ্চলের কথ্য বাংলায় সংস্কৃত মূল ছাড়াও এই দেশেরই অন্যান্য ভাষা বা ভাষাগোষ্ঠীর শব্দ সরাসরি বা পরিবর্তিত হয়ে বেশ কিছু শব্দ ব্যবহৃত হয়। এই শব্দগুলির মধ্যে অষ্ট্রিক ও দ্রাবিড় গোষ্ঠীর শব্দ যেমন রয়েছে, পাশাপাশি মারাঠি, ওড়িয়া, মৈথিলি্ ইত্যাদি ভাষার শব্দও রয়েছে। উল্লেখ করা যায় একসময় বাংলার রাজধানী 'গৌড়'; মালদহ জেলার এই দক্ষিণ অংশেই অবস্থিত। এর পাশাপাশি মানিকচকের রাজমহল ঘাট ছিল এই বাংলার একটি প্রবেশদ্বার। ফলস্বরূপ বিভিন্ন প্রদেশের মানুষ বিভিন্ন প্রয়োজনে এখানে সুপ্রাচীন কাল থেকেই এসেছে। তাই এই অঞ্চলে কথিত অন্যান্য প্রাদেশিক ভাষার বা

অন্য ভাষাগোষ্ঠীর শব্দগুলি সরাসরি এসেছে; না চলিত বাংলার মাধ্যমে এই অঞ্চলে এসেছে, তা নিয়ে দ্বিমত থাকতেই পারে। তবে এই অঞ্চলের কথ্য বাংলায় শব্দগুলির উপস্থিতি বলিষ্ঠ ভাবেই লক্ষ করা যায়। এই অঞ্চলের কথ্য বাংলায় ব্যবহৃত দেশিমূলজাত শব্দগুলি নিম্নরূপ -

| **এই অঞ্চলের কথ্য বাংলায় ব্যবহৃত দেশিমূলজাত শব্দ** | **চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ** | **মন্তব্য** |
|---|---|---|
| আকাল | দুর্ভিক্ষ | বাক্য প্রয়োগ - আকালের সময় শভ/সব কিছুর দাম বেশি |
| আমানি | পান্তাভাতের জল | 'আমানি খাবার গর্ত্ত দেখ বিদ্যমান'- কবিকঙ্কণ চন্ডী |
| আলু | আলু | |
| অ্যাহি-ড্যাহি,আহি-ডাহি | ছটফট,কাতরানো | |
| কুলা | কুলো | |
| খহাড়ু,খোয়াড়,খেঁয়াড়,খোঁয়াড় | খোঁয়াড় | মারাঠি 'খোংড' |
| খাঁখার | মিথ্যা কলঙ্ক,দুর্নাম | 'রন্ধন করতে ছুঁড়ী আনিবে খাকার'। (কবিকঙ্কন চন্ডী) |
| ঘাটোয়াল | ঘাটোয়াল | |
| চাউল | চাল | সাঁওতালি 'চেল' |
| চালচাট্টা | আরশোলা | |
| চ্যাঙ্ড়া | বালক | 'চেঙ্গড়া' বয়সে বিবাহ কৈরে যুবায় ছাড়িয়া যাও' (গোপীচন্দ্রের গান) |
| চেঙ্ড়ি | বালিকা | |
| চোপা | মুখমন্ডল | |
| ছুচ্কা | গালিবিশেষ | |
| ছুঁচকি | গালিবিশেষ | |
| ঝাপ্নি | ঢাকনা | মৈথিলি 'ঝাপনি' |
| ঝ্যাইটোন্ | আবর্জনা | |
| ঝিঙ্যা,ঝিঙা,ঝিঙ্গা | ঝিঙে | |
| ঝুল্‌লু | দোলনা | মারাঠি,তেলেগু 'ঝুল' |
| টপ | তাড়াতাড়ি | |
| টাকলু,টাক্কল,টাক | টাক | মারাঠি 'টক্কল' >টাক্কল >টাকলু |
| ঠেঁটি | মোটা সুতির শাড়ি | |
| ঠোক্না | মাথায় ঘুষি মারা | |
| ডহর্ | রাস্তা | |
| ডাব | ডাব | |
| ডিঁহি | ভিটে | |

| এই অঞ্চলের কথ্য বাংলায় ব্যবহৃত দেশিমূলজাত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | মন্তব্য |
|---|---|---|
| ডোভা | ডোবা | |
| ঢ্যাল্ | ঢিল | |
| ঢ্যাল্ঢ্যালা | ঢলঢলে | |
| ঢিঁকি | ঢেঁকি | মুন্ডারি 'ঢেঙ্কি' |
| ঢেম্না | গালিবিশেষ | |
| ঢেম্নি | ঢেমনি (গালিবিশেষ) | |
| তেতুল,ত্যাতোল | তেঁতুল | |
| তোতৈড়্যা | তোতলা | |
| পাটিশাট্টা | পাটিসাপটা | |
| প্যাট | পেট | |
| বাড়ি | আঘাত | |
| বায়োই | বাবুই | ওড়িয়া 'বাআ' |
| ভালাই | উপকার | মৈথিলি 'ভলাঈ' |
| ম্যালায়,ম্যাল্লাই | অনেক | |
| শঁশ্ | শশা | |
| হেঁশাল, হেঁশ্যাল ঘর | রান্নাঘর | মারাঠি 'হান্ডীশাল' |

## ২.২. অজ্ঞাতমূল শব্দ

এই অঞ্চলের কথ্য বাংলায় এমন কিছু শব্দ ব্যবহৃত হয়, যেগুলি মান্যচলিতে বা অন্য কোথাও ব্যবহৃত হতে দেখা যায় না। এই শব্দগুলির মধ্যে অনেকগুলি শব্দের উৎস নির্ণয় করা যায় না। এই শব্দগুলিকেই অজ্ঞাতমূল শব্দাবলি রূপে চিহ্নিত করা হয়েছে। চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দসহ এই অঞ্চলের কথ্য বাংলায় ব্যবহৃত অজ্ঞাতমূল শব্দাবলির তালিকা নিচে দেওয়া হল -

| **এই অঞ্চলের কথ্যবাংলায় ব্যবহৃত অজ্ঞাতমূল শব্দ** | **চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ** | **বাক্যে প্রয়োগ** |
|---|---|---|
| আজ্লান্,আজলানি | ভান | বেশি আজ্লান্/আজলানি কোরিশ না। |
| আপ্শা | আছড়ানো | জিনিশটি আপ্শাছিস কেনে? |
| আভারোত | অযোগ্য | অয় খুবি আভারোত । |
| আমাশা | আমাশয় | নানার আমাশা হয়্যাছে। |
| আলামালা | সূর্য না দেখা দেওয়া | দিনটা আজ আলামালা কোরছে। |
| আশ্টা ছাড়া/আশট্যা ছাড়া | অসার/অপ্রাসঙ্গিক | আশ্টা ছাড়া/আশট্যা ছাড়া কথা কোহিবি ন্যা। |

| এই অঞ্চলের কথ্যবাংলায় ব্যবহৃত অজ্ঞাতমূল শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | বাক্যে প্রয়োগ |
|---|---|---|
| অ্যাইল্‌মা ডেড়্‌হি | অনুপূর্বক কথা | অ্যাইল্‌মা ডেড়্‌হি কথা কোহিবি ন্যা। |
| অ্যাঁয়খ্যার | ক্ষীর জাতীয় | অ্যাঁয়খ্যার খায়্যাছিশ্‌? |
| উখুড় | দুইপায়ে ভর দিয়ে বসা | উখুড় হয়্যা বইস্যাছিশ ক্যানে ? |
| উছ্‌রোঙ্গা/উছ্‌রুঙ্গা | গঙ্গা ফড়িং | উছ্‌রোঙ্গা/উছ্‌রুঙ্গাটি খুবি জালাইছে। |
| উন্‌নাহ,উন্‌না | তুলনা,খোটা | উন্‌নাহ,উন্‌না দিবি না কিন্তু । |
| উপুর্‌ জুলি | জ্বালাতন | উপুর্‌ জুলি কোরিশ না। |
| উড়ুহাটি | উচ্ছন্ন | উড়ুহাটির মতো পাইশা উড়াল্‌ছে। |
| ওটে | প্রয়োগ নেই/সম্বোধন অর্থে | ওটে, কুন্‌ঠে জ্যাবি ? |
| ওল্‌হা | কাঁচা সরশো পোড়া | বাদামের ওল্‌হা খায়্যাছিশ্‌ ? |
| কট | পার্শ্ব | ম্যালাটি লোক শুইত্যাছে,ওইগোনে এখন কট ঘুরা জায়না। |
| কহা কহা | খুব গরম | কহাকহা ভাতটি খাইতে পারবি? |
| কাছা | জঙ্ঘা | কাছাতে খুবি লাইগ্যাছে। |
| কানজ | শিঙ্গি মাছ | কানজ মাচ্‌ পুয়াতির লেগ্যা ভাল। |
| কালবাবুস/কালবোঁস | কালবাউস মাছ | কালবাবুস/কালবোঁস মাছ খায়্যাছিশ্‌? |
| কুহুরা | কীর্তিকলাপ | বেশি কুহুরা করিশ্‌ না, ভাতটি খায়্যা লে। |
| কোদা | হাম, বসন্ত | অর বেটিটার কোদা হয়্যাছে। |
| কোরা | কড়ি-বরগা | ঘরের কোরাটা ভাইঙ্গ্যা গেছে। |
| খাইপালি | যে স্ত্রীলোক বারবার খায় | অয় খুবি খাইপালি। |
| খাচ্‌ড়া | খিস্তিপূর্ণ | খাচ্‌ড়া কথা কোহিবি না। |
| খাধ্‌ড়ি | নোংরা | অরঘে লয়্যা বহুটা খুব খাধ্‌ড়ি । |
| খাপসন্নী | যে স্ত্রীলোক কেবল ঝগড়া করে | খাপসন্নী মাগীর সঙ্গে পারবি না। |
| খালুয়া | অলস | খালুয়া লোক কুন্‌ কামে লাগবে। |
| খ্যায়শ্যাল/খ্যাঁইশাল | ঝগরাটে | অর বহুটা খুব খ্যায়শ্যাল/খ্যাঁইশাল। |
| খিদিবিদি | বিরক্তি | কামটা করতে করতে খিদিবিদি লাইগ্যা গেল |
| খুয়া/খয়া | খোয়া | খুয়া/খয়াটি কুন্‌ঠে থ্যাইকা আনলি ? |
| খোবিশমাগী | গালিবিশেষ | শালা খোবিশমাগীর খুব তেজ। |
| গুড়্‌হি | জেলে | গুড়্‌হির তো পানিতেই কাম। |
| গাজোল | অবিশ্রান্ত বৃষ্টি | এই গাজোল পানিতে কুন্‌ঠে জাবি ? |
| গাড়ুমাড়িয়্যা | জাপটে ধরা | গাড়ুমাড়িয়্যা ধইর্যাছে। |
| গাড়্‌হয়ামুখা | স্থূলকায় | গাড়্‌হয়ামুখা লোকটা কুন্‌ঠে থ্যাইকা আইলো! |
| গিদ্যার্‌ | ভঙ্গিমা | তুই খুব গিদ্যার জানিশ্‌। |

| এই অঞ্চলের কথ্যবাংলায় ব্যবহৃত অজ্ঞাতমূল শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | বাক্যে প্রয়োগ |
|---|---|---|
| গোটি | ল্যাটা মাছ | আজ হারঘে গোটি মাচ্ আইন্যাছে। |
| চাইলতোল | বারান্দা | চাইলতোল -এ উইঠ্যা বস। |
| চান্দাড় | বর্হিভাগের বারান্দা | চান্দাড় -এ চিয়ারটা আছে। |
| চালা | শব্দ | চালা দিশ না মাচ্টি ভাইগ্যা জাবে। |
| চিঁঅড় | তেঁতুল বিছে | হট্, চিঁঅড় কামড়াবে। |
| চিঁঅড়্ | এঁটুলি | গোরুটাকে খুব চিঁঅড়্ ধইর‍্যাছে। |
| চিক্যাশ্ | সূর্য | চিক্যাশ্ দ্যাখা জাইছে? |
| চিত্যাই | রুটি বিশেষ | চিত্যাই খাইতে খুবি লরম। |
| চুরুশ | সমান | বাঁশগ্যালা চুরুশ কইর‍্যা কাট। |
| চুল্লু | মদ | চুল্লু খায়্যা লেছে। |
| ছুট্‌টি | সজনে ডাটা | ছুট্‌টির ডান্টিগুলা খাদে ফেল্যা আয়। |
| ছ্যাচ্‌কি/ছেচ্‌কি | খুন্তি | ছ্যাচ্‌কি/ছেচ্‌কিটা লিয়ে আন। |
| জনজরা | ভুট্টা | জনজরার ভুঁই -এ জা। |
| জালমাছ | চিংড়ি | জালমাছ লিয়া আইসো। |
| জিরিজিরি | মিহি | আলুটি জিরিজিরি করে কাট। |
| ঝালাপালা | প্রাক্-সকাল্ | ঝালাপালা সময়ে হাল লিয়ে জাবি। |
| টিক্‌রি | ছোটো রুটি | একটা টিক্‌রি খায়্যা লে। |
| টিয়্যা/টিয়া | টিয়া | টিয়্যা/টিয়া পাখি এখন কইম্যা গেছে। |
| টুনি | মুখবন্ধনী | গোরুগ্যালাকে টুনি পিন্‌ধ্যা। |
| টে | প্রয়োগ নেই | জিনিশটি কুন্‌ঠে লিয়ে জাবি টে ? |
| ঠেঁউনা | হাঁটু | ঠেঁউনাতে খুব বিশ। |
| ডেরশালি | বড় শ্যালিকা | উ ডেরশালির বাড়ি গিয়্যাছে। |
| ঢাব্বা | বৃহৎ আকৃতি | ঢাব্বা জিনিশটা এখন কুন্‌ঠে থুবি। |
| ঢ্যালা/ঢিলা | উকুনের বিভাগ | ঢ্যালা/ঢিলাটি ওশুদ্ দিয়্যা মার। |
| তড়া | নাগাল | ঐ পানিতে তড়া পাইবি ? |
| ধ্যাড়া | পাতলা পায়খানা | বোক্‌রিটি দুদিন থ্যাইকা ধ্যাড়াইছে। |
| ধিরকা | ধমক | অখে ধিরকাইছো ক্যানে ? |
| নয়নজলি | নয়ানজুলি | নয়নজলিতে পাটটি দিতে হইবে। |
| পাঘা | গোরু মহিষের দড়ি | সবটি পাঘা লিয়ে আয়। |
| প্যাইচ্‌ছ্যা | ছোট ডালি | হাট থ্যাইকা একটা প্যাইচ্‌ছ্যা লিয়্যা আইসো। |
| প্যাইল্‌ঠ্যামু | ইয়ার্কি | মাস্টারের সাথে প্যাইল্‌ঠ্যামু করিশ না। |
| পুট্‌কি | মলদ্বার | পুট্‌কি চুলকাইছিশ ক্যানে। |
| পেঁচকুট্‌টি | কুচকুচে কালো | অর বহুটা খুব পেঁচকুট্‌টি । |

| এই অঞ্চলের কথ্যবাংলায় ব্যবহৃত অজ্ঞাতমূল শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | বাক্যে প্রয়োগ |
|---|---|---|
| ফোহোড় | অনভিজ্ঞ | ফোহোড় লোক দিয়্যা কি ভালো কাম হয়। |
| বাগ্‌রা | চড়ুই | গাছটাতে ম্যালাটি বাগ্‌রা বইস্যাছে। |
| বেলে | নাকি | তুই বেলে গাড়ি লিবি ? |
| ভক্ | তাড়াতাড়ি | ভক্ কর‍্যা খায়্যা লে। |
| ভ্যাইদ্দা | অসফল ব্যক্তি | হাঁর মতো ভ্যাইদ্দা লোক টুঁইড়্যা পাবি না। |
| ভ্যাদাক্কা | বৃহৎ আকৃতি | ভ্যাদাক্কা আমটা হামি খাবো না। |
| ভ্যাদা | ভেটকি মাছ | ভ্যাদা মাচ্ খ্যায়াছিশ? |
| ভ্যাদ্‌ভ্যাদিয়া | অতিরিক্ত পাকা/পক্ক | ভ্যাদ্‌ভ্যাদিয়া আমটি আগে খায়্যা লে। |
| ভুশ্‌কি | যে স্ত্রীলোক গোপনে পর পুরুষ গামিনী হয় | ভুশ্‌কি লোককে লিয়ে পারা মুশকিল। |
| ভোকনা | মোটাসোটা | ভোকনা বাছুরটাকে বান্। |
| ভোগা | মিথ্যা,ফাঁকি | হাঁকে ভোগা দিয়্যা ভেগে জাইশ না। |
| ময়াঁ/মায়া | মঞ্জা মাছ | ময়াঁ/মায়া মাছের সালুন রান। |
| ম্যালাই/ম্যাল্লায়/ম্যাল্লাই/মেল্লাই | অনেক | ম্যালাই/ম্যাল্লায়/ম্যাল্লাই/মেল্লাই কাম বাকি। |
| মাইআরি | মেয়েলি | মাইআরি কথা কোহিবি না। |
| রে | রে | কুন্‌ঠে জাবি রে ? |
| রোহিন | দফা,আবার | এ রোহিনে হামি জাবো না, তুই জা। |
| লাদ্‌না | লাঠি | লাদ্‌না খান কুন্‌ঠে রাইখ্যাছিশ? |
| লাফাঙ্গা | উশৃঙ্খল | লাফাঙ্গা চ্যাংড়াকে দিয়ে কাম হবে না। |
| লাব্‌নি/লাব্‌না | মাটির কলসি | লাব্‌নি/লাব্‌নাটা ধো। |
| ল্যাশ্‌ড়া | নড়বড়ে | অয় খুবি ল্যাশ্‌ড়া। |
| লিকা | খোসা ছাড়ানো | আমটা ভালো কইর‍্যা লিকা। |
| লিখাটটু | অকেজো | তোর মতো লিখাটটু লোক দুনিয়াতে নাই। |
| লিত্‌ত্যা | সংকোচ,লজ্জা | অর বহুটার কুনু লিত্‌ত্যা নাই। |
| লেশরু | অলস | অয় খুব লেশরু । |

### ৩. আগন্তুক শব্দ

#### ৩.১. হিন্দি

মালদহ জেলার দক্ষিণ অংশের বাংলা কথ্য ভাষায় হিন্দি শব্দ জাত আঞ্চলিক শব্দ প্রচুর পরিমাণে দেখা যায়। এর কারণ বিহার এবং ঝাড়খন্ডের একেবারে পাশেই এই জেলা অবস্থিত। এছাড়াও মালদা জেলাটি যখন প্রথম (১৮১৩ খ্রিষ্টাব্দে) গঠিত হয়; তখন পূর্ণিয়া জেলার বেশ কিছুটা অংশ এই জেলার অন্তর্ভুক্ত হয়। এর পাশাপাশি এই জেলার বেশ কিছু মানুষ; শ্রমিকের কাজ করতে, এই জেলার বাইরে দিল্লী, হরিয়ানা, পাঞ্জাব, ছত্রিশগড় সহ আরো কিছু রাজ্যে যায় । এর ফলে এই জেলায় হিন্দি শব্দের

আগম ঘটে অনবরত। এই জেলার দক্ষিণ অংশের কথ্য-বাংলায় ব্যবহৃত হিন্দি শব্দ জাত আঞ্চলিক শব্দগুলি নিম্নরূপ-

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস (হিন্দি থেকে) |
|---|---|---|
| আঁক্ড়ি | আঁকশি | অঁকড়ী |
| আগড়াম-বাগ্‌রাম | অর্থহীন,আজেবাজে | অগড় বগড় |
| আগিলা | সম্মুখের, অগ্রবর্তী | অগ্‌লা |
| আটা | রুটি | আটা |
| আন্দা | অন্ধব্যক্তি | অন্ধা |
| আন্‌দাড়ি,আনাড়ি | আনাড়ি,অনভিজ্ঞ | অনাড়ী |
| আন্‌ধার্‌শা,আনশা | খাদ্য-বিশেষ | অন্দর্‌সা |
| আনাজানা | আসা যাওয়া | আনাযানা |
| আল্‌জাল্‌,আইল ঝ্যাইল | এলোমেলো | আল্‌জাল্‌ |
| উখ্‌ড়া | মুড়কি | উখড়া |
| উশ্‌খুশ্‌ | অস্থিরতার ভাব | অসখস |
| উটি,রুটি | রুটি | রোটি |
| উড়ৈশ্‌,উড়োশ্‌ | ছারপোকা | উড়শ |
| এড়ি | গোড়ালি | এড়ী |
| ওড়্‌ | প্রান্ত, শেষ | ওর |
| ওন্‌হা | ওড়না | ওঢ়না |
| ওশ্‌রা | বারান্দা | ওসারা |
| কল্‌গি,কোল্‌গি | করবী(ফুল) | কল্‌গা |
| কাঁইহা | মাড়োয়ারি বণিকদের এক শ্রেণি | ক্বাইয়্যা |
| কাগ | কাক | কাগ্‌ |
| কাচ্চা | অপক্ক | কচ্চা |
| কাড়াই,কাড়্‌হাই | কড়াই | কড়াহী |
| কানা | অন্ধ(পুরুষ) | কানা |
| কানি | অন্ধ (নারী) | কানী |
| কান্‌ধা,কান্‌হা | পার্শ্ব, কিনারা | কন্না |
| কামাই | উপার্জন | কামাঈ |
| কাঁহাটাল,কাঁটাহাল | কাঁঠাল | কট্‌হল্‌ |
| কাহ্‌না | কাঁধ | কন্না |
| ক্যাহুনি,কোহিনা,কেউনি | কনুই | কোহ্‌নী,কুহ্‌নী |
| ক্যাইয়া,কাউয়া | কাক | কৌআ |
| কিরা | শপথ,কসম,প্রতিজ্ঞা | কিরিয়া |

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস (হিন্দি থেকে) |
|---|---|---|
| কুড়ি | কুড়ি | কোড়ী |
| কুত্তা | কুকুর (পুং) | কুত্তা |
| কুত্তী | কুকুর (স্ত্রী) | কুত্তিয়া |
| কুম্হার | কুম্ভকার | কুম্হার |
| কুশিয়ার,কুশিয়াল,কুশোর | আখ | কুসিয়ার |
| কুদ্ | লাফাও | কুদ্ |
| কুদ্না | লাফাও/লাফাও না | কুদ্,কুদনা |
| কোল্গি,কোল্কি | কল্কি | কল্গী |
| কোল্জ্যা | মেটে,প্রাণ | কলেজা |
| কোচ্চুল | হাতা | করছুল |
| খাড়ো, খাড় | সোজা,সিধে,দাঁড়া | খড়া |
| খাড়ো,খাড়া | দাঁড়ানো | খড়া |
| খাট্টা | টক | খট্টা |
| খাট্লা | দোলনা | খাটোলা |
| খ্যাঁখোর্ | উচ্চস্বরের বকুনি | খংকার |
| খিরা | শশা | খিরা |
| খুদা | খননের কাজ | খুদাই |
| খুঁট্টা,খুঁটা | খুঁটি | খূঁটী |
| খুশখুশ করা,খুসুরখুসুর করা | ফিসফিস করা | খুসুর খুসুর |
| খৈল্যান্, খলিয়ান | খামার | খলিয়ান্ |
| খোরা | বাটি | খোরা |
| গপ্শো | মোটা | গব্দা |
| গহ্না,গাহানা,গহিন্যা | গয়না | গহ্না |
| গল্লি | গলি | গলী |
| গামছা | গামছা | গামছা |
| গারা | রোপণ করা | গাঢ়না |
| গাদ্লা | গদি জাতীয় কাঁথা | গদিলা |
| গ্যাদা | নবজাত শিশু | গেদা |
| গ্যাঁইড় | পাছা,নিতম্ব | গাঁড় |
| গুঙি/গুঙ্গি | বোবা (মেয়ে) | গূঁগা+ঈ |
| গুদ্ড়ি | ছেঁড়া কাপড় | গুদ্ড়ী |
| গুল্লা | গোড়ালি | গুল্লা |
| গুদ্ড়ি | ছেঁড়া কাপড় | গুদ্ড়ী |
| গুমসাটা গরম,গুমসাটা | গুমোট ভাব | গুম্সা |
| গুদ্দা | শাঁস | গুদা |

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস (হিন্দি থেকে) |
|---|---|---|
| গোদ্দি,গাদ্দি | গদি | গদ্দী |
| গোঙা,গোঙ্গা,গুঙ্গা,গঙা | বোবা (ছেলে) | গূঁগা |
| ঘরামি | ঘরের দেওয়াল যে দেয় | ঘরামী |
| ঘুট্‌টি | হাঁটু | ঘুট্‌না |
| ঘুম্‌টা | অবগুণ্ঠন | ঘূংঘট |
| চট্‌পট্‌ | তাড়াতাড়ি | চপট |
| চঠাই | চড়ুই | চটক্‌ |
| চাচা,চাছা | কাকা | চাচা |
| চাচি,চাছি | কাকিমা | চাচী |
| চান্দি | রূপা | চান্‌দী |
| চানা | ছোলা,বুট | চনা |
| চারা | মাছকে আকর্ষণ করার খাদ্য দ্রব্য | চারা |
| চামটি | বেল্ট | চমোটা |
| চামার্‌নি,চামান্‌নি | দাইমা,ধাত্রী | চামারনি |
| চ্যান | স্বস্তি, আরাম | চয়্‌ন |
| চিক্‌না | পরিচ্ছন্ন (পুং) | চিক্‌না |
| চিক্‌নি | পরিচ্ছন্ন (স্ত্রী) | চিক্‌নিয়া |
| চিতান,চিথান সাতার | চিৎ সাতার | চিতান |
| চিল্‌লা | চিৎকার | চিল্লা |
| চিখ,চিখরাইছে | চিৎকার | চীখ্‌ |
| চুক | ত্রুটি,ভুল | চূক |
| চুতিয়া,চুত্তিয়া | গালিবিশেষ,মূর্খ | চূতিয়া |
| চোটঠা | চোর, প্রবঞ্চক | চোট্টা |
| ছল্লি | খুন্তি,ফুটো ফুটো হাতা বিশেষ | ছল্‌নী |
| ছপ্পর খাট | খাট | ছপর্‌খট্‌ |
| ছাতি | বুক | ছাতী |
| ছানা,ছ্যানা | ছানা | ছেনা |
| ছ্যাচ্যাই | সত্যি | সাচ্চা |
| ছিল্‌কা | গাছের ছাল, ফলের পাতলা আবরণ বা খোসা, চামড়া | ছিল্‌কা |
| ছিটকানি,সিটকিনি | ছিটকিনি | সিট্‌কিনি |
| জড় | মূল,শিকড় | জড় |
| জাড় | শীত,ঠান্ডা | জাড়া |
| জাহাঙ্গিয়া,জাঙিয়া | জাঙিয়া | জাঁঘিয়া |
| জ্যাঠ | জৈষ্ঠ্য | জেঠ্‌ |

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস (হিন্দি থেকে) |
|---|---|---|
| জুত্‌তা | জুতা | জুতা |
| জুদ্‌দা | আলাদা, পৃথক ভাবে | জুদা |
| জোট | যৌথ | জুট্‌না |
| জোস,ঝোল | ঝোল | ঝোর |
| ঝাড়া | পায়খানা | ঝাড়া |
| ঝাঁপ | দরজা | ঝাপ |
| ঝুট্‌ঠা | মিথ্যা | ঝুঠ |
| ঝুল্লু | দোলনা | ঝুল্‌লু |
| টামাটুর,টামাটুল | টমেটো | টমাটর |
| টাটি | বেড়া | টট্টর |
| ট্যাং,ঠ্যাং | পা | টাংগ্‌ |
| টুটি,টুঁটি | কণ্ঠনালি, কণ্ঠ | টোঁটী |
| টুলি | পল্লি,পাড়া | টোলী |
| টোক্‌রি | ছোট ঝুড়ি | টোকরী |
| টোপি,টিপি | টুপি | টোপী |
| ঠিলি | ছোটো কলসি | ঠিল্‌য়া |
| ঠেস | কোনো কিছুতে হেলান দিয়ে বসা,নিন্দা | ঠেস |
| ডর | ভয় | ডর্‌ |
| ডাব্বু | বড় হাতা | ডব্বু |
| ডাটা | তিরস্কার | ডাঁটনা |
| ডিব্বা | ঢাকনি যুক্ত ছোট পাত্র, পানের বাটা | ডিব্বা |
| ডিব্বা | হুঁকোর ডিবে | ডিব্‌বা |
| ডুবকী | ডুব সাঁতার | ডুবকী |
| ডোঙা | ছোট বা সরু নৌকা বিশেষ | ডোংগা |
| ডোই | কাঠের হাতা | ডোঈ |
| ডোল্‌ | বালতি | ডোল |
| ঢাকুন | ঢাকনা | ঢক্‌না/ঢক্‌নী |
| ঢ্যাল্‌ | ঢেলা, মাটির ছোট খন্ড | ঢেলা |
| ঢ্যারা | ঢ্যারা | ঢ্যারা |
| ঢিকি,ঢেকি | ঢেঁকি | ঢেংকী |
| থাব্‌ড়ি | হাততালি | থাপ্পড় |
| ঢেমনি | গালি বিশেষ | ঢ্যামন |
| তালুয়ার | তরবারি | তল্‌ওয়ার |
| তাগ্‌ড়া | হৃষ্টপুষ্ট | তাগড়া |

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস (হিন্দি থেকে) |
|---|---|---|
| দহরা | পুনরাবৃত্তি | দুহ্‌রানা |
| দাদা | পিতামহ | দাদা |
| দাদি | পিতামহী,মাতামহী | দাদী |
| দুব্‌লা | কৃশ, দুর্বল | দুব্‌লা |
| দুলাহা,দুল্‌হা | বর,স্বামী | দুল্‌হা |
| দুল্‌হিন | কনে, বিবাহের পাত্রী | দূলহ্‌ন |
| দুলারি | স্ত্রী, আদরিণী বা সোহাগিনি কন্যা | দুলারী |
| দোনো | দুই | দুনোঁ |
| ধুবি,ধোবি | ধোপা | ধোবী |
| ধোলাই | ধোয়া,কাচা | ধুলাঈ |
| ধোবা,ধোবিয়া | ধোপা | ধোবী |
| ধোতি,ধত্তি,ধুত্তি | ধুতি | ধোতী |
| নকর | চাকর | নওকর |
| নানি | দিদিমা | নানী |
| নানা | মাতামহ | নানা |
| নিকাশ | বের হওয়া, শেষ, সমাপন | নিকাস |
| নুনছা,ননছ্যা | লবণাক্ত | নুন+ছা >নুনছা |
| পাত্‌লি | রোগা চেহারার(স্ত্রী) | পত্‌লা |
| পাইহ্যা | চাকা | পহিয়া |
| পিছ্‌লা | পশ্চাদ্‌বর্তী | পিছ্‌লী |
| পিয়াস | তৃষ্ণা | পিয়াস |
| পুছ্‌,পুছে,পুছা | প্রশ্ন করা, গ্রাহ্য করা | পূছ্‌না |
| পুথ্‌লা | পুতুল | পুত্‌লা |
| পুট্‌ঠা | পাছা,নিতম্ব | পুট্‌ঠা |
| পুশ্‌ | পৌষ | পূস্‌ |
| পেনস্যা,পাইনস্যা,পেনসা | পানসে | পনসা |
| পেঁজ,পেঁয়াজ,পিঁয়াজ | পেঁয়াজ | প্যাঁজ |
| পেটি | বেল্ট | পেটী |
| পোতি | পৌত্রী | পূতী |
| পোতা | পৌত্র | পোতা |
| পোতিন | পৌত্রী | পোতী |
| ফ্যাক্‌সা | ফ্যাকাশে | ফীকা |
| ফুর্তি | দ্রুত | ফরূতী |
| ফুপা | পিসেমশায় | ফূফা |
| ফুপি | পিসি | ফূফী |
| ফুলারি | তেলে ভাজা বেসনের বড়া | ফুলূরী |

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস (হিন্দি থেকে) |
|---|---|---|
| ফের্ | পুনরায় | ফের |
| ফেপ্‌রা | ফুসফুস | ফেফড়া |
| বগলে | পাশে | বগল্ |
| বতক | পাতিহাঁস | বতখ্ |
| বল্ | বলদ | ব্যায়ল্ |
| বক্‌রি | ছাগ | বক্‌রা+ঈ |
| বাত্‌লা | বলা, বলে বা বুঝিয়ে দেওয়া | বাত্‌লানা |
| বাতা | বলে দেওয়া,বলা | বতানা |
| ব্যাটা | ছেলে | বেটা |
| বানহোই | ভগ্নী-পতি | বহনোঈ |
| বানিয়া | ব্যবসায়ী | বনিয়া |
| বাপ | বাবা | বাপ |
| বালুয়া | বালি মিশ্রিত | বলুয়া |
| বায়োই | বাবুই (পাখি) | বয়া |
| বাটি | বাটি | বট্‌রী |
| বাটোয়া | পার্স | বটুয়া |
| ব্যাঁইটা | ভাগ করা | বাঁটনা |
| বিল্লি | বিড়াল | বিল্লী |
| বিলাই | বিড়াল | বিলাঈ |
| বিহান | সকাল | বিহান |
| বুড়্‌ঢা | বৃদ্ধ | বুড়্‌ঢা |
| বুট | ছোলা | বুঁট |
| বুবু | দিদি | বুবু |
| বেইমান | অকৃতজ্ঞ | বেঈমান |
| বেটি | মেয়ে | বেটা+ঈ |
| বোর,বইর,বোইর | কুল | বের্ |
| বোরা | বস্তা | বোরা |
| বোহিন | বোন | বহিন্ |
| বোঁকা | পাঁঠা | বোক |
| বোগ্‌লা | বক | বগ্‌লা |
| ভর্‌তা | আলু,বেগুন,কচু ইত্যাদি সিদ্ধ ও চটকে মাখা | ভর্‌তা |
| ভাউজ,ভাউজি | বউদি | ভৌজী |
| ভাগা | চম্পট দেওয়া | ভাগ্‌না |
| ভাতিজা | ভাইপো | ভতীজা |
| ভাতিজ্যা বহু | ভাইপো বউ | ভতীজা+বহু |

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস (হিন্দি থেকে) |
|---|---|---|
| ভালাই | কল্যাণ, মঙ্গল | ভালাই |
| ভাজি,ভাঁজি | মুড়ি | ভাজী |
| ভিজ্জা | ভেজা | ভিজ্না |
| ভুন্নি | ফড়িং | ভুন্গা |
| ভুখা | ক্ষুধার্ত | ভূকা |
| ভৈঁষ,ভুঁইস | মহিষ | ভ্যাঁয়স্ |
| ভোর | সকাল | ভোর |
| ভোত্‌রা,ভোথ্‌রা, ভথ্‌রা | ভোঁতা | ভোথরা |
| ভোক্,ভোখ্ | খিদে | ভুখ |
| মরিচ | লঙ্কা | মিরচা |
| মহ্‌কা | সুগন্ধ | মহক্ |
| ম্যায়সা | মেসো | মৌসা |
| মাকই | ভুট্টা | মকঈ |
| মাছুয়া | জেলে, মাছের ব্যবসায়ী | মছুয়া |
| মুড়া | মোড়া,বসার উপকরণ বিশেষ | মোঢ়া |
| মুদি | মুদি | মোদী |
| মোশহারি,মোশারি | মশারি | মশোহরী |
| মোট্‌কা | মোটা | মোটা,মোটাঈ |
| রহা | থাকা | রহ্‌না |
| লয়া | নতুন | নয়া |
| ল্যাল | পেঁয়াজ কলি | নল |
| লিড়ানি,নিড়ানি | জমি নিড়ানো | নিঁড়ানা |
| লেরু | গোরুর বাছুর | লেরুআ/লেরু |
| লোকড়ি | জ্বালানি কাঠ | লকড়ী |
| লোগ্‌ঘি | লগি | লগ্‌গা |
| লোহু | রক্ত | লোহু |
| শালুন্ | তরকারি | সালন |
| শুঝা | দেখা | সোঝনা |
| শেব্ | আপেল | শেব |
| সলত্যা,সলতা | প্রদীপের সলতে | সিলবট্ |
| সানা | সিদ্ধ,চট্‌কে মাখা | সান্‌না |
| সিলোপ্‌চি | হাত ধোওয়ার পাত্র | চিলম্‌চী |
| সোঝা,সঝা | সোজা | সোঝা |
| সোনার | স্বর্ণকার | সোনার |
| হাইতার | হাতিয়ার | হথিয়ার |
| হাড্ডি | হাড় | হড্ডী |

## ৩.২. বিদেশিমূল

### ৩.২.১ আরবি-ফারসি

এই অঞ্চলের কথ্য বাংলায় যেসব বিদেশিমূল জাত শব্দাবলি দেখা যায়, তার মধ্যে আরবি - ফারসি শব্দই বেশি। বাংলার প্রাচীন রাজধানী গৌড় দীর্ঘকাল মুসলিম শাসকদের অধীনে ছিল। শুধু তাই নয় মোগল, পাঠান, তুর্কি সহ নানা মুসলিম উপসম্প্রদায়ের মানুষ এখানে দীর্ঘকাল ধরে বসবাস করে আসছেন। তাদের ধর্মীয় ও উপাসনাগত শব্দগুলির প্রায় সম্পূর্ণই আরবি -ফারসি জাত। এছাড়াও বেশ কিছু ছাত্র - যুবক ধর্মীয় শিক্ষার উদ্দেশ্যে উত্তর প্রদেশ, বিহার, দিল্লি সহ অন্যান্য রাজ্যের মাদ্রাসাগুলিতে পাড়ি দেয়। তাদের মাধ্যমেও প্রচুর আরবি-ফারসি শব্দগুলি সরাসরি বা পরোক্ষভাবে প্রচলিত; যা এই অঞ্চলে কথ্য বাংলার উপরেও প্রভাব বিস্তার করেছে। এই অঞ্চলের কথ্য বাংলায় তাই আরবি - ফারসি শব্দসমূহ বেশভালো পরিমাণেই উপস্থিত রয়েছে। আমরা এই আরবি - ফারসি জাত শব্দগুলিকে আলোচনার সুবিধার্থে কয়েকটি ভাগে আলোচনা করব।

ক) আরবি জাত

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস (আরবি থেকে) |
|---|---|---|
| অদা | অঙ্গীকার | ওয়াদহ্ |
| অয়াক্ত্ | সময় | বকত্ |
| আউতা | আওতা | এহাত্বঃ |
| আউরাত | স্ত্রীলোক | আওরত |
| আকিদ্যা | ব্যবহার,ইচ্ছা | আকীদঃ |
| আখেরি | শেষ | আখীর |
| আজাব | শাস্তি | আযাব |
| আদাই | আদায় | আদা |
| আব্বা | বাবা | আব (=পিতা) |
| আমান | অখন্ড | আমান্ |
| আম্মা | মা | উম্মান (=মা) |
| আরোশ | বিয়ের কনে | আরূস |
| আল | সন্তান সন্ততি | আল্ |
| আহাম্মোক | নির্বোধ | অহ্মক্ব |
| আয়েশ | আরাম | আয়শ্ |
| ইজমালি | যৌথ | ইজ্মালীয়্ |
| ইজাহার | কোন ফৌজদারী ঘটনা | ইয্হার |
| ইন্শান | মানুষ | ইনসান |
| ইবলিস | শয়তান | ইবলীস |

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস (আরবি থেকে) |
|---|---|---|
| ইলিম্ | বিদ্যা | ইল্ম্ |
| ইল্লত | নোংরামি | ইল্লত |
| ইন্তেকাল | মৃত্যু | ইন্তিক্বাল |
| ইরাদা | সংকল্প | ইরাদহ্ |
| ইলাজ | চিকিৎসা | ইলাজ |
| ইশক্ | প্রেম | ইশক্ব |
| ইস্তেমাল | ব্যবহার | ইস্তিমাল |
| ইয়াদ | স্মরণ | য়াদ |
| ইয়ানত | সাহায্য | ইসআনত্ |
| উম্রা | ধর্মীয় অনুষ্ঠান (মুসলিমদের) | উম্রঃ |
| উরুস | উরস (মুসলিমদের ধর্মীয় অনুষ্ঠান) | উর্স্ |
| উশুল | আদায় | ওয়াসূল |
| ওশ্তাদ্ | শিক্ষক | উসতায্ |
| ওহি | ঐশীবানী | ওয়াহী |
| ওয়াজ | বক্তৃতা | ওয়া'য |
| এতিম | মাতাপিতাহীন বালক বালিকা | য়তীম্ |
| এবাদত | প্রার্থনা | ইবাদত |
| এলান | বিজ্ঞাপন | ইলান |
| কব্জা | কব্জা | ক্ববজা |
| কব্জা | হাতের মুঠো | ক্ববযহ্ |
| কসম | শপথ | ক্বসম্ |
| কাইদা | কৌশল | ক্বাইদহ্ |
| কাওয়ালা | বিক্রয়ের চুক্তি দলিল | ক্ববালহ্ |
| কাগজাদ | দলিল পত্র | কাগযাত |
| কাজা | ভঙ্গ | ইশক্ব |
| কাজিয়া | বিবাদ | ক্বযীয়্যাহ্ |
| কাতার | সারি | ক্বিত্বার |
| কাফি | যথেষ্ট | কাফী |
| কামিল | পরিপূর্ণ | কামিল |
| কাহিল | দুর্বল | কাহিল্ |
| কিয়ামত | পুনরুত্থানের দিন | ক্বিয়াম্ |
| কেরাত | কুরআন পাঠের সবিশেষ নিয়মকানুন | ক্বিরাঅত |
| কেস্সা | গল্প | ক্বিসমঃ |
| কোবুল | বিবাহের সম্মতি | ক্ববূল |
| কৈফৎ | কারণ সহ জবাব | কয়ফিয়ত্ |

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস (আরবি থেকে) |
|---|---|---|
| খার্‌তাল | ঝগড়াটে | খত্বুল্‌ |
| খারাপ | খারাপ | খরাব |
| খালা | মাসি | খালহ্‌ |
| খালাস | শেষ | খালাস |
| খালু | মেসো | খালুন |
| খাস্‌লত | স্বভাব | খস্‌লত |
| খিজলাইশ্‌ | বিরক্ত করা | খিজালত |
| খিরা | শশা | খিয়ার |
| খিলোল | দাঁত পরিস্কার করার কাঠি | খিল্লাল |
| খুলাসা | স্পষ্ট | খুলাসহ্‌ |
| খোব্‌বিশ | শয়তান | খুবীশ |
| গোসল | স্নান | গুসল্‌ |
| গোস্‌সা | রাগ | গুস্‌সহ্‌ |
| জবোর | ক্ষমতাবান | জবর |
| জহুরা | অলৌকিক শক্তি | যুহূরু |
| জিম্মা | হেফাজত | যিম্মহ্‌ |
| জোত | প্রজার চাষের জমি | যয়্‌অত |
| তর্‌ফা | দিকের বা পক্ষের | ত্বরফ্‌ |
| তশ্‌ | হাত ধোয়ার বড় পাত্র | ত্বসতু |
| তাম্বু,তোম্বু | তাঁবু | তম্‌বু |
| তাসির | প্রভাব | তাসীর |
| তোস্‌বি | মুসলমানি জপমালা | তস্‌বীহ্‌ |
| তোহোবিল | তহবিল | তহ্‌বীল |
| দালাল | দালাল,ঘটক | দল্লাল্‌ |
| দবদবা | প্রতাপ | দব্‌দবহ্‌ |
| দাওয়াত | নিমন্ত্রণ | দওয়্‌ত্‌ |
| দিমাক | মস্তিক | দিমাগ্‌ |
| দিয়াড়,দিয়াড়া | পলিমাটি পড়ে গড়ে ওঠা নদীর তটভূমি | দিয়ার |
| নতিজা | পরিণাম | নতীজহ্‌ |
| নাপাসি | আত্মবিলাপসূচক অব্যয় | নফ্‌সী |
| নিয়ামত | তোহ্‌ফা | নিমত |
| নোক্‌তা | বিন্দু (আরবি ফারসি অক্ষরের) | নুক্ত্বহ্‌ |
| ফকির,ফোকির | ভিখিরি | ফকীর |
| ফশল,ফশোল | ফসল | ফসল |
| ফস্‌ | অসতর্কভাবে | ফস্‌খ্‌ |

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস (আরবি থেকে) |
|---|---|---|
| ফিলহাল | হাল-ফিল, সম্প্রতি | ফিলহাল |
| ফুচ্‌কা | ফাজিল | ফিস্‌ক্ব |
| বদলা | বিনিময় | বদল্‌ |
| বাদিয়া | পাক-ভারতের বেদুইন বা যাযাবর জাতি বিশেষ,মুসলিম সম্প্রদায় বিশেষ | বাদিয়াতুন্‌ |
| বাবোদ | জন্য | বাবত্‌ |
| মওকা | উপযুক্ত সময় | মওক্ব |
| মহলম | প্রলেপ | মর্‌হম্‌ |
| মাইয়াত | মৃত ব্যক্তি | মইয়্যিত্‌ |
| মাওলা | প্রভু | মওলা |
| মাজাক | ঠাট্টা | মযাক্ব |
| মাদারসা | বিদ্যাশিক্ষাকেন্দ্র | মদর্‌সহ্‌ |
| মুসল্লী | নামাজি | মুসল্লী |
| মুসিবদ | বিপদ | মুসীবত |
| মোহজিত,মহজিদ,মসজিদ | মসজিদ | মস্‌জিদ |
| মোহোকুমা | জেলার অংশ, মহকুমা | মহ্‌কমঃ |
| রুকু | নামাজের সময় দুই হাঁটুতে ভর করে নতমস্তকে দাঁড়ান | রুকূ |
| রাকাত | নামাজের অংশ বিশেষ | রক্‌অত্‌ |
| শপ্‌,শোপ্‌ | পাটি | সফ্‌ফ |
| শান্‌কি | মাটির গামলা | সহ্‌নক + ই (ক্ষুদ্রার্থে) |
| সবুত | দৃঢ় | সবূত |
| সাফ | পরিস্কার | সাফ্‌ |
| সেন্ধুক | সিন্দুক | সন্দূক্ব |
| সাহাবী | যে সমস্ত মুসলিম হযরত মুহাম্মদ-এর সাহচর্য লাভ করেছিলেন | সহবিয়্যু |
| হরকত | আপত্তিকর ব্যবহার | হরকত্‌ |
| হাওলাত | ঋণ্‌ | হবালত্‌ |
| হাউজ | জলাধার্‌ | হওয্‌ |
| হালাল | ইসলাম ধর্মানুসারে বৈধ ও পবিত্র | হলাল |
| হাশোর | পুনরুত্থান | হশার |
| হিদায়েত | সত্যপথ প্রদর্শন | হিদায়ত্‌ |
| হিলাল | নতুন চাঁদ | হিলাল |

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস (আরবি থেকে) |
|---|---|---|
| হিস্‌সা | প্রাপ্য অংশ | হিস্‌সঃ |
| হুকা, হুক্কা | হুঁকো | হুক্কঃ |
| হুর | অতিশয় সুন্দরী | হূর |
| হুলকুম | গলা | হলকূম |

## খ) ফারসি জাত-

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস (ফারসি থেকে) |
|---|---|---|
| আইনা,আয়না | আয়না | আঈনা |
| আঙুর,আঙ্গুর | আঙুর | আঙগুর |
| আবাজ | আওয়াজ | আওয়ায্ |
| আরা,আরি | করাত | আর্রহ |
| আশনাই | প্রেম | আশ্‌নাঈ |
| আশমান | আকাশ | আসমান |
| আশমানি | আকাশি | আস্‌মান্+ই |
| অ্যাক্‌তরফা | শুধু একপক্ষ বিবেচনা করে কৃত | বাং এক+ফাঃ ত্বরফঃ |
| অ্যাক্‌লাত্তা | সংলগ্ন | য়ক্‌লখ্‌ত |
| ওস্তরা | কাঁচি | উস্‌তূরহ্ |
| কমজোরি | শক্তিহীনতা | কম্‌যোরী |
| কম্মর | কোমর | কমর |
| কমি | ন্যূনতা | কমী |
| কদু | লাউ | কদ্দু |
| করিন্দা | কর্মচারী | কারিন্‌দহ্ |
| কাকু | কাকা | কাকা |
| কাকি | কাকিমা | কাকা+ঈ |
| কামিয়াব | কৃতকার্য | কামিয়াব |
| কামিয়াবি | সাফল্য | কামিয়াবি |
| কালিগর | মিস্ত্রি | কারীগর্ |
| কাসা,কাস্সা | কাঁসা | কাসঃ |
| কিনাহারা | কিনারা | কিনারহ |
| কিশ্‌মিশ্,খিশ্‌মিশ্ | কিসমিস | কিশ্‌মিশ্ |
| কুলুখ | মাটির ডেলা | কুলূখ্ |
| কোপ | ভারি ও শানিত অস্ত্র দিয়ে আঘাত | কূবহ্ |

| এই অঞ্চলের কথ্য-<br>বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায়<br>প্রচলিত প্রতিশব্দ | উৎস<br>(ফারসি থেকে) |
|---|---|---|
| কোবিত্তোর | পায়রা | কবূতর |
| খনোখায় | খামোখা | খ্বাহ্মখ্বাহ্ |
| খানদানি | বংশমর্যাদাযুক্ত | খান্দান |
| খাম | বৃথা | খাম্ |
| খ্যাইশ্ট্যা | কদাকার | খাস্তহ্ |
| খুদ | স্বয়ং | খূদ |
| খুর্মা | বড় খেজুর বিশেষ | খুর্মা |
| খোরমুজ | তরমুজের মত ফুটি জাতীয় ফল | খর্বূযহ্ |
| খোরা | মাটির বা পাথরের বাটি বা পাত্র | খোরহ্ |
| গন্হা | গন্ধ | গন্দহ |
| গরম | উত্তাপ | গরম |
| গর্দান্ | কাঁধ | গরদান |
| গোর | সমাধি | গোর |
| গোশ্ | মাংস | গোশ্ত্ |
| গোলাবি | গোলাপি | গুলাবী |
| গোলাপ,গোলাব,গলাপ | গোলাপ | গুলাব |
| চশমখোর | চক্ষু লজ্জাহীন | চশম্খোর |
| চাক্কু | ছুরি | চাকূ |
| চাদ্দোর | চাদর | চাদর |
| চাভুক | চাবুক | চাবুক |
| চাল্লাক | বুদ্ধিমান | চালাক |
| চাশমা | চশমা | চশ্মহ্ |
| চ্যারাক | প্রদীপ | চিরাগ |
| চুগ্লি | আড়ালে নিন্দা | চূগল |
| জমিজায়দাদ,জমিনজায়দাদ | জমিজমা | যমীন+জাইদাদ |
| জহর | বিষ | যহ্‌র |
| জং | মরিচা | যংগ |
| জাগা,জাঘা | স্থান | জায়িগাহ্ |
| জান্ | প্রাণ | জান |
| জামা | জামা | জাম্ |
| জাম্বুরা | সাঁড়াশি | যম্বূর |
| জিন্জির | শিকল(দরজার) | যন্জীর |
| জুদা,জুদ্দা | পৃথক | জুদা |
| ডিহি | কতিপয় গ্রাম বা মৌজার সমষ্টি | দিহ্ |
| ডেগ | ধাতু নির্মিত বড় রন্ধনপাত্র | দেগ্ |

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস (ফারসি থেকে) |
|---|---|---|
| তরবুজ | ফুটি জাতীয় সরস ফল | তরবুয্ |
| তশোক,তোশক্ | তোশক | তোশক |
| তহবন,তহমন,তহমুন | লুঙ্গি | তহ্বন্দ্ |
| তা | একটা গোটা | তহ্ |
| তাবা | তাওয়া | তাওয়াহ্ |
| তারাজু | দাঁড়িপাল্লা | তরাযূ |
| দকান্ | দোকান | দুকান |
| দম | নিঃশ্বাস প্রশ্বাস | দম্ |
| দরমা | মাসিক বেতন | দর্মাহঃ |
| দরোজা,দজ্জা | দরজা | দরওয়াযহ্ |
| দাওয়াল,দেয়াল | দেওয়াল | দীওয়ার |
| দামাদ | জামাই | দামাদ |
| দারজি, দর্জ্জি | দর্জি | ফাঃ দরযী |
| দারু | ওষুধ | দারূ |
| দিলখোশ | হৃদয়গ্রাহী | দিল্+খুশ |
| দুশমান্ | শত্রু | দুশমান |
| দোশ | বন্ধু | দোস্ত্ |
| নাদান | বোকা | নাদান |
| নাল,লাল | লাল | লাল |
| নাশ্তা | জলযোগ | নাশ্তহ্ |
| নাং | উপপতি | নাংগ্ |
| পর্চা | জমির খতিয়ান | পর্চহ্ |
| পাইদল | পদব্রজে | পয়দল |
| পার্দা,পর্দা | পর্দা | পর্দহ্ |
| পাহ্লমান | কুস্তিগির | পহল্ওয়ান |
| প্যাইকার, পাইকার | ব্যবসায়ী | পয়কার, পয়িকার |
| প্যায়জামা,প্যাইজামা | পায়জামা | পা-জামা |
| পিরান | ঢিলা জামা | পীরাহন্ |
| পোলত্যা | প্রদীপের সলিতা | পলীতহ্ |
| বতোক | হাঁস | বত্তক |
| বাপস্ | ফেরত | ওয়াপস্ |
| বাহানা | অছিলা | বহানহ্ |
| বালিশ | বালিশ | বালিশ্ |
| ব্যারাম | রোগ | বে+আরাম |
| বিমার | পীড়া | বীমার |

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস (ফারসি থেকে) |
|---|---|---|
| বিশ্‌না | বিছানা | বিস্‌তর |
| বুজদিল | ভীরু | বুয্‌দিল্‌ |
| বে | প্রয়োগ নেই | বে(সম্বোধন অর্থে) |
| বে | বিনা | রে |
| বেচঈন | অস্থির | বে+চঈন |
| বেদানা | বেদানা | বে+দানহ্‌ |
| বেশরম | যার লজ্জা নেই | বে+শরম |
| বেহুদ্দা | বেয়াদব | বেহূদহ্‌ |
| বেহোঁশ | অচৈতন্য | বে+হূশ |
| মুন্‌জা | মোজা | মূযহ |
| মুর্‌গা,মুগ্‌রা | মোরগ | মুর্গ্‌ |
| মেহেমান | অতিথি | মিহ্‌মান |
| মৌসুমি,মোসমি | মৌসুমি | মৌসিম+ই |
| রগ | শিরা,উপশিরা | রগ |
| রমাল,রুমাল | রুমাল | রূমাল |
| রিশ্‌তেদার | আত্মীয়স্বজন | রিশতা+দার |
| রোজ | দৈনিক | রোয্‌ |
| রোজরোজ | প্রতিদিন | রোয্‌ |
| লরম্‌ | নরম | নর্‌ম্‌ |
| লশা | বর | নওশহ |
| লয়া | নতুন | নও |
| শবুজ,শুবুজ | সবুজ | সব্‌য্‌ |
| শাদা,শাধা | সাদা | সাদহ্‌ |
| শিকি,শিক্যা | সিকি | সিক্কহ,সিক্‌কঃ |
| শোব্‌জ্যা | সবুজ আভা যুক্ত | সব্‌য্‌+অ্যা |
| সদাগর | বণিক,সওদাগর | সওদাগর |
| সামান | সাজসরঞ্জাম | সামান |
| সিনা | বক্ষঃস্থল | সীনঃ |
| সিরা | মিষ্টির রস | শীরঃ |
| সিরাপ | ত্রিশতম অংশ | সিপারহ্‌ |
| সিরিশ | গাছ বিশেষ | সরীশ |
| হাজ্জার,হাজার | হাজার | হাযার |

গ) আরবি ও ফারসি জাত

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস (আরবি + ফারসি থেকে) |
|---|---|---|
| বেআক্কেল | অবিবেচক | ফাঃ বে+আঃ অক্ল্ |
| বেআদপ | অভদ্র | ফাঃ বে+আঃ আদব্ |
| বেআদবি | অভদ্রতা | ফাঃ বে+আঃ আদব্+বাং ঈ |
| বেইজ্জত | অসম্মান | ফাঃ বে+আঃ ইয্যত |
| বেইজ্জতি | অসম্মানিত | ফাঃ বে+আঃ ইয্যতি |
| বেইমান | বিশ্বাসঘাতক | ফাঃ বে+আঃ ঈমান |
| বেইমানি | বিশ্বাসঘাতকতা | ফাঃ বে+আঃ ঈমান+ফাঃ ঈ |
| বেওয়ারিশ | দাবিদার হীন | ফাঃ বে+আঃ ওয়ারিস |
| বেকুব | নির্বোধ, বোকা | ফাঃ বে+আঃ ওয়াকুফ |
| বেদখল | অধিকারচ্যুত | ফাঃবে+আঃ দখল |
| বেফায়দা | যাতে লাভ নেই, বৃথা | ফাঃ বে+আঃ ফাইদহ্ |
| বেবাক | সমস্ত | ফাঃ বে+আঃ বাক্ব |
| বেহায়া | নির্লজ্জ | ফাঃ বে+আঃ হয়া |
| বেহিসাবি | হিসাব করে চলে না এমন | ফাঃ বে+আঃ হিসাব+বাং ঈ |

ঘ) এছাড়াও এই অঞ্চলের কথ্য বাংলায় এমন কিছু শব্দ ব্যবহৃত হয় যেগুলির মূল আরবি-ফারসির মধ্যে নিহিত রয়েছে। কিন্তু উর্দু ভাষার সংস্পর্শে এসে এগুলি অনেক ক্ষেত্রে উর্দুর রূপ লাভ করেছে। এই অঞ্চলের কথ্যবাংলায় ব্যবহৃত এরূপ শব্দগুলি হল -

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস (আরবি- ফারসি মূল থেকে উর্দুর মাধ্যমে) |
|---|---|---|
| কোইলজ্যা | যকৃৎ, বুকের পাটা, মর্ম | কলীজহ্ |
| কাঁখই | কাঁকই, চিরুনি | কঙ্খা |
| কামাই | উপার্জন, অনুপস্থিতি | কমাঈ |
| খাম্বা | স্তম্ভ | খম্‌বা |
| চুঙি | ক্ষুদ্র চোঙ বা নল | চুঙগী |
| টোলা | পাড়া,পল্লি | টোলা |
| ঠুসা | ঠাসা,অত্যধিক আহার করা | ঠুস্‌না |
| ডাটা | তিরস্কার | ডাঁটনা |
| নাহা | স্নান করা | নহানা |

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস (আরবি- ফারসি মূল থেকে উর্দুর মাধ্যমে) |
|---|---|---|
| পাছাড় | পশচাৎ থেকে জাপটে ধরে আছাড়, মল্লযুদ্ধ | পছাড় |
| ফের | পুনরায় | ফির |
| বোগ্‌লা | বক, সারস | বগ্‌লা |
| বদলা | বিনিময়, প্রতিশোধ, পরিবর্তন | বদল্ |
| সামাই | সরু ও লম্বা আটা | সেব্‌ঈ |

## ৩.২.২. পোর্তুগিজ

এই অঞ্চলের কথ্যবাংলায় পোর্তুগিজ উৎস জাত কয়েকটি শব্দ ব্যবহৃত হয়। এর অধিকাংশই চলিত বাংলার প্রচলিত রূপের সঙ্গে সাদৃশ্য পূর্ণ। কয়েকটি ক্ষেত্রে কিছু ধ্বনিগত পরিবর্তন ঘটেছে। একথা অনস্বীকার্য যে এই শব্দগুলি চলিত বাংলার মাধ্যমেই এই অঞ্চলের কথ্য-বাংলায় গৃহীত হয়েছে। তবে শব্দগুলির মধ্যে এই অঞ্চলের নিজস্ব উচ্চারণ বৈশিষ্ট্যের স্পর্শ অনুভব করা যায়। এই অঞ্চলের কথ্য বাংলায় ব্যবহৃত পোর্তুগিজ মূলজাত শব্দগুলি হল।

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস (পোর্তুগিজ থেকে) |
|---|---|---|
| আতা,আত্‌তা | আতা | Ata |
| আনারস্,আনারোস্ | আনারস | Ananas |
| আলকাত্‌রা | আলকাতরা | Alcatrao |
| আলপিন,পিন | আলপিন | Alfinete |
| আল্‌মারি | আলমারি | Armario |
| আয়া,আয়্যা | আয়া,সেবিকা | Aya |
| ইস্‌তিরি | ইস্তিরি,ইস্ত্রি | Estirar |
| কোবি | কপি | Couve |
| গাম্‌লা | গামলা | Gamella |
| গিজ্জা | গির্জা | Igreja |
| চাভি | চাবি | Chave |
| জান্না,জাল্লা,জাল্‌না | জানালা | Janela |
| তামুক্ | তামাক | Tabaco |
| তোইল্যা,তয়্‌ল্যা,তাবালি | তোয়ালে | Toalha |
| পাউরোটি,পাউরুটি | পাউরুটি,পাঁউরুটি | Pao [Pao=Bread, Roti =Toasted] |

| এই অঞ্চলের কথ্য-<br>বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায়<br>প্রচলিত প্রতিশব্দ | উৎস<br>(পোর্তুগিজ থেকে) |
|---|---|---|
| পিপিয়্যা,পিপাহা,পাঁপিয়্যা | পেঁপে | Papaia |
| পেলেট | প্লেট | Peres |
| ফিত্যা,ফিত্ত্যা | ফিতা | Fita |
| বরগা | কড়ি বরগা | Verga |
| বারান্ডা,বারান্দা | বারান্দা | Varanda |
| বাল্টি,বাল্টিন | বালতি | Bolde |
| বাশুন্ | বাসন | Bacia |
| বোতল্,বোতুল | বোতল | Botelha |
| বোদাম,বুতাম্ | বোতাম | Botao |
| বোয়োম | বয়াম | Boiao |
| মাইরি | মাইরি/শপথ করে বলা | Maria |
| মিশ্তিরি | মিস্ত্রি | Mestre |
| শাবু | সাগু | Sagu |
| শাবুন্,শাবান্ | সাবান | Sabao |

## ৩.২.৩. তুর্কি

এই অঞ্চলের কথ্যবাংলায় সামান্য কিছু পরিমাণে তুর্কি উৎসজাত শব্দ রয়েছে। এগুলির অধিকাংশের সঙ্গেই চলিত বাংলার প্রচলিত রূপের সাদৃশ্য রয়েছে। তবে এগুলি যে চলিত বাংলার মাধ্যমেই এই অঞ্চলের কথ্যবাংলায় এসেছে তা নির্দ্বিধায় বলা যায় না। কেননা তুর্কি আক্রমণের অভিঘাত বাংলার এই অঞ্চলেই প্রথম আছড়ে পড়েছিল। তুর্কিরা বেশ কিছু কাল গৌড়ে শাসনকার্যও চলিয়েছিলেন। ফলে শাসকের ভাষা অনিবার্যভাবে এই অঞ্চলের কথ্যভাষায় প্রবেশ করেছিল। এই অঞ্চলে ব্যবহৃত তুর্কি উৎসজাত শব্দগুলিকে একটু লক্ষ করলেই দেখা যাবে যে মূল তুর্কি শব্দগুলির সঙ্গে মান্যচলিত বাংলার প্রচলিত শব্দগুলি যতটা সাদৃশ্যপূর্ণ, তার চাইতে এই অঞ্চলের ব্যবহৃত শব্দগুলির রূপ অনেক বেশি কাছাকাছি। এই অঞ্চলের ব্যবহৃত তুর্কি উৎসজাত শব্দগুলি নিম্নরূপ -

| এই অঞ্চলের কথ্য-<br>বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায়<br>প্রচলিত প্রতিশব্দ | উৎস<br>(তুর্কি থেকে) |
|---|---|---|
| উজ্বুক | উজবুক,বোকা, নির্বোধ | উজ্বক,উয্বক্ |
| কোম্চি,কোন্চি | কঞ্চি (বাঁশের শাখা) | কুম্চী |
| কাইচি,কাঁচি,ক্যাঁইচি,কেঁইচি | কাঁচি (কাপড় ইত্যাদি কাটার উপকরণ) | কুইঁচী |
| কাবু | কাবু (জব্দ,বশ, নিস্তেজ,দুর্বল) | কাব্উ |
| কুলি | কুলি(মাল বহনকারী মুটে বা মজুর) | কু’লী |
| খাতুন | খাতুন (মুসলিম মহিলাদের ব্যবহৃত উপাধি) | খাতূন |

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস (তুর্কি থেকে) |
|---|---|---|
| খান | খান (পাঠানদের উপাধি) | খান্ |
| গ্যাঁজ | অঙ্কুর | গোংজী |
| চক্‌মক্যা | চকমক (উজ্জ্বল) | চক্‌মক্ |
| চাক্‌কু,চাকু | ছুরি (কোন কিছু কাটার উপকরণ) | চাকু |
| বাড়ু ন,বারুন | ঝাড়ু , ফুলঝাড়ু | বারুন |
| বাবা | বাবা | বাবা |
| বাহাদুর | কৃতি, বীর,সাহসী,নির্ভীক | বহাদুর |
| বাহাদুরি | পৌরুষ, কৃতিত্বের গৌরব | বহাদুরী |
| বেগম | বেগম (মুসলিম মহিলা) | বেগম |
| বোচ্‌কা | বোঁচকা | বোক্‌চহ্,বোগ্‌চহ্ |

## ৩.২.৪. ইংরাজি

ইংরেজি থেকে যেসব শব্দ গৃহীত হয়েছে তা চলিত বাংলার মাধ্যমেই এই অঞ্চলের কথ্যবাংলায় এসেছে। তবে এই অঞ্চলে কথিত শব্দগুলিতে নিজস্ব আঞ্চলিক বৈশিষ্ট্য ও রীতি অনুসৃত হয়েছে; আবার অনেক ক্ষেত্রে শব্দগুলি অপরিবর্তিত থেকে গেছে। কিছু কিছু ক্ষেত্রে শব্দগুলির রূপ কিছুটা পরিবর্তিত হয়েছে। অনেক ক্ষেত্রে অন্ত্যব্যঞ্জন লুপ্ত হয়েছে বা যুক্ত ব্যঞ্জনের একটি লোপ পেয়ে একক ব্যঞ্জনে পরিণত হয়েছে। অনেক সময় শ্রুতি ধ্বনির আগম ঘটেছে। সর্বোপরি উচ্চারণে সরল ও সহজ ভাব এসেছে।

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস (ইংরাজি থেকে) |
|---|---|---|
| অপারশন্,অপারশুন | অপারেশন | Operation |
| অপিসার,ওপিসার | অফিসার | Officer |
| অর্‌জিনাল,অরজিনিল | আসল | Original |
| আইশ্‌কিরিম,ইশ্‌কিরিম্ | আইসক্রিম | Ice-cream |
| অ্যাক্‌শিডেন্ | অ্যাকসিডেন্ট | Accident |
| অ্যানার্‌জি | এনার্জি | Energy |
| অ্যালাশটিক | ইলাশ্‌টিক্ | Elastic |
| ইনটারেশ | ইন্টারেস্ট | Interest |
| ইনিশিন্,ইন্‌জেকশান | ইনজেকশন | Injection |
| ইশ্‌কুল | স্কুল | School |
| ইশ্‌ট্যান | স্ট্যান্ড | Stand |
| ইশ্‌পেশাল,ইশ্‌পিশাল | স্পেশাল | Special |

| এই অঞ্চলের কথ্য-<br>বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায়<br>প্রচলিত প্রতিশব্দ | উৎস<br>(ইংরাজি থেকে) |
|---|---|---|
| ইশ্‌পেরে | স্প্রে | Spray |
| উরিয়া | ইউরিয়া | Urea |
| কমপানি | কোম্পানি | Company |
| কাট্/কার্ড | কার্ড | Card |
| কারেন্ | কারেন্ট | Current |
| কারবেট্,কারবেড্ | কার্বাইড | Carbide |
| ক্যাম্ | ক্যাম্প | Camp |
| কির্‌কেট্ | ক্রিকেট | Cricket |
| কিলিয়ার | ক্লিয়ার | Clear |
| কেডিট | ক্রেডিট | Credit |
| কোশ্‌চিন | কোশ্চেন | Question |
| গাড | গার্ড | Guard |
| গিরিল | গ্রীল | Grill |
| গিলাশ | গ্লাস | Glass |
| গিয়াস,গ্যাস | গ্যাস (অম্বল) | Gas |
| চাজ | চার্জ | Charge |
| চিয়ার | চেয়ার | Chair |
| টাকটার | ট্রাক্টর | Tractor |
| টামাটুর,টামাটুল | টমেটো | Tomato |
| টিট্‌মেন | ট্রিট্‌মেন্ট | Treatment |
| টিবি | টি.ভি. | Television |
| টেরনিং,টেরলিং | ট্রেনিং | Training |
| টেরেন | ট্রেন | Train |
| টেশ্ | টেস্ট | Test |
| ডবল | ডাবল | Double |
| ডেরেন | ড্রেন | Drain |
| ডেরেশ্ | ড্রেশ | Dress |
| ডেলি | ডেইলি | Daily |
| থিরি | থ্রি | Three |
| থুরু | থ্রু | Through |
| দাক্‌তার্ | ডাক্তার | Doctor |
| পকেট,পকোট,পাকিট | পকেট | Pocket |
| পটর পটর | বকবকানি | Patter |
| পারাইভেট,প্যারাইভেট | প্রাইভেট | Private |

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস (ইংরাজি থেকে) |
|---|---|---|
| পারাইমারি,প্যারাইমারি | প্রাইমারি | Primary |
| প্যাট্‌টেল | প্যাডেল | Paddle |
| প্যান্‌ | প্যান্ট | Pant |
| প্যালাশ্‌টিক,পিলাশটিক | প্লাস্টিক | Plastic |
| পিলিয়ার | প্লেয়ার | Player |
| পিস্‌তুল | পিস্তল | Pistol |
| পেট্‌টোল,পেট্‌টুল | পেট্রোল | Petrol |
| পেশার্‌ | প্রেসার | Pressure |
| পেশেন্‌ | পেশেন্ট | Patient |
| পোগ্‌রাম,পোগ্রাম | প্রোগ্রাম | Program |
| পোল্‌টি | পোল্‌ট্রি | Poultry |
| ফরম | ফর্ম | Form |
| ফিরি | ফ্রি | Free |
| ফাশ্‌,ফাশ্‌ট্‌ | ফার্স্ট | First |
| বম্‌ | বম্ব | Bomb |
| বল্‌/বাল্‌প্‌ | বাল্ব | Bulb |
| বাক্‌সা/বাক্‌স/বাশ্‌ক | বাক্স | Box |
| বারাশ্‌,বেরাশ্‌ | ব্রাশ | Brush |
| বালটি,বালটিন্‌ | বালতি | Bucket |
| বাশ্‌ট্‌,বাস্ট | ব্লাস্ট | Blast |
| বিলেট | ব্লেড | Blade |
| বিরিজ | ব্রিজ | Bridge |
| বুলু | ব্লু | Blue |
| বেনচি | বেঞ্চ | Bench |
| বেলাজ,বালাউজ,বালাজ | ব্লাউজ | Blouse |
| বোতল,বতল্‌,বতুল | বোতল | Bottle |
| ভেটামিন | ভিটামিন | Vitamin |
| ভেসিয়ার,বেসিয়ার | ব্রেসিয়ার | Brassiere |
| মটর | মোটর | Motor |
| মাশটার,মাশ্‌টোর | শিক্ষক | Master |
| মিশিন,মিশিং | মেশিন | Machine |
| মেচ,ম্যাচ্‌ | ম্যাচ | Match |
| মেডাম | ম্যাডাম | Madam |
| মেপ | ম্যাপ | Map |
| রিপোট | রিপোর্ট | Report |

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস (ইংরাজি থেকে) |
|---|---|---|
| রেশ্‌টিরি/রেশ্‌টেরি | রেজিস্ট্রি | Registry |
| লম্‌বর্‌ | নম্বর | Number |
| শ্যাঁইক্যাল,শাঁইকেল | সাইকেল | Cycle |
| শেকেন/শেগেন্‌ | সেকেণ্ড | Second |
| সলিট | সলিড্র | Solid |
| সার্কেস | সার্কাস | Circus |
| সিমিট | সিমেন্ট | Cement |
| হাপ | হাফ | Half |
| হোটল,হটোল,হোইট্যাল্‌ | হোটেল | Hotel |
| হাইবিড | হাইব্রিড | Hybrid |

## ৩.২.৫. অন্যান্য

পূর্বোক্ত উৎস গুলি ছাড়াও চলিত বাংলার মতোই বেশকিছু শব্দ এই অঞ্চলের কথ্য বাংলাতেও ব্যবহৃত হতে দেখা যায়, যে শব্দগুলি অন্যান্য ভাষা- উৎস থেকে এসেছে। এই শব্দগুলির অধিকাংশই ইংরেজির মাধ্যমে প্রথমে মান্যচলিতে এসেছে, তারপরে চলিত ভাষার মধ্য দিয়ে এই অঞ্চলের কথ্য বাংলায় এসেছে। যেমন-

| এই অঞ্চলের কথ্য বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রতিশব্দ | উৎস |
|---|---|---|
| চা/চাঁ | চা | চীনা শব্দ |
| চিনি/চিন্‌নি | চিনি | চীনা শব্দ |
| লেচু/নেচু/লিচু | লিচু | চীনা শব্দ |
| লুচি/লুচ্‌চি | লুচি | চীনা শব্দ |
| কাগোজ/কাগজ | কাগজ | চীনা শব্দ |
| রেশ্‌কা/রিশ্‌কা/র‍্যাক্‌শা/রিক্‌শা | রিকশা | জাপানি শব্দ |
| ম্যালেরিয়া/ম্যাল্‌লেরিয়া | ম্যালেরিয়া | ইতালীয় শব্দ |
| নুঙ্গি/লুঙ্গি/লুঙি | লুঙ্গি | বর্মি শব্দ |
| ঘুম্‌নি/ঘুগ্‌নি | ঘুগনি | বর্মি শব্দ |
| মিছ্‌রি | মিছ্‌রি | মিশরীয় শব্দ |
| কার্‌তুজ | কার্তুজ | ফরাসি শব্দ |
| কুপন | কুপন | ফরাশি শব্দ |
| গুদাম | গুদাম | মালয়ী শব্দ |
| কাক্‌কাতুয়া | কাকাতুয়া | মালয়ী শব্দ |

## ৪. মিশ্র শব্দ

মান্য চলিতের মতো এই অঞ্চলের কথ্য বাংলাতেও বেশ কিছু মিশ্র শব্দ পরিলক্ষিত হয়। এই শব্দগুলির অনেক গুলিই মান্যচলিতে রয়েছে, আর কতগুলি এই অঞ্চলের নিজস্ব বৈশিষ্ট্য সমৃদ্ধ বা শুধুমাত্র এই অঞ্চলেই প্রচলিত। এই শব্দগুলি এক শ্রেণির শব্দের সঙ্গে অন্য শ্রেণির শব্দ, প্রত্যয়, উপসর্গ ইত্যাদির সমন্বয়ে গড়ে ওঠে। আঞ্চলিক উচ্চারণ বৈশিষ্ট্যের কারণে এগুলি অনেক ক্ষেত্রেই স্বতন্ত্র শব্দের রূপ লাভ করেছে। এই অঞ্চলের কথ্য বাংলায় ব্যবহৃত মিশ্র শব্দগুলি নিম্নরূপ-

### ক) বাংলা + আরবি

| | |
|---|---|
| আম + শুফ্রি (< আঃ সফর + ই) | = আমশুফ্রি (পেয়ারা) |
| বাড়ি + ওয়ালি/ওলি (< আঃ ওয়ালী ) | = বাড়িওয়ালি/বাড়িওলি (গৃহকর্ত্রী) |
| বড় + আব্বা (< আঃ আব্) | = বড় আব্বা (জ্যাঠামশায়) |
| ছোট + আব্বা (< আঃ আব্) | = ছোট আব্বা (কাকা) |

### খ) আরবি + বাংলা

| | |
|---|---|
| শুফ্রি (< আঃ সফর + ই) + আম | = শুফ্রি আম (পেয়ারা) |
| জুম্মা (< আঃ জুম্‌আ) + বার | = জুম্মাবার (শুক্রবার) |
| বিলাতি (< আঃ বিলায়ত্) + বাগুন (< বাইগন < সং বাতিগন) | = বিলাতিবাগুন (টমেটো) |

### গ) বাংলা + ফারসি

| | |
|---|---|
| খির (সং কচ্চর >কিচর > খিচঁ > খির) + খিন(< ফাঃ খন্দক) | = খিরখিন (নোংরা) |
| বেবসা/ব্যাবসা (< ব্যাবসা) + দার (< ফাঃ দার) | = বেবসাদার/ব্যাবসাদার (ব্যবসায়ী) |
| আন (< অন্য) + চান (< ফাঃ চয়েন) | = আনচান (অস্থির,উচাটন,আকুল) |

### ঘ) ফারসি + বাংলা

| | |
|---|---|
| আবাদ (< ফাঃ আবাদ) + ই (প্রত্যয়) | = আবাদি (চাষযোগ্য জমি) |
| গর ( < ফাঃ গর ) + মিল | = গরমিল (এলোমেলো,একসঙ্গে মিশিয়ে দেওয়া) |
| গোর (< ফাঃ গোর) + স্থান | = গোরস্থান > গোরোশ্‌থান্ (সমাধি ক্ষেত্র) |
| দরকার (< দরকার) + ই (প্রত্যয়) | = দরকারি (প্রয়োজনীয়) |
| নিল (< ফাঃ নীল) + কন্ঠ | = নিলকন্ঠ (অপরাজিতা) |
| বর (< ফাঃ বর) + বাদ | = বরবাদ (নষ্ট) |
| বিবি (< ফাঃ বীবী) + মা (< মাতা) | = বীবীমা > বীমা > বিম্যা (শাশুড়ি) |
| বে (< ফাঃ বে উপসর্গ) + হাত (< সং হস্ত) | = বেহাত (হাতছাড়া হওয়া) |
| মস্তান ( < ফাঃ মস্ত + আন) + ই (প্রত্যয়) | = মস্তানি (মত্ততা,গুন্ডামি) |

### ঙ) বাংলা + অজ্ঞাতমূল

আধ (সং অর্ধ) + খ্যাইড়্যা = আধখ্যাইড়্যা (অর্ধেক)
আদ্ (সং অর্ধ) + খ্যাচ্‌ড়্যা = আদ্‌খ্যাচ্‌ড়্যা (অর্ধেক,অসমাপ্ত)

### চ) অজ্ঞাতমূল + বাংলা

কাট্ + বাপ (সং বপ্র > বপ্প) = কাট্‌বাপ (সং বাবা)
গঙ্গা + ফড়িং / ফোরিং = গঙ্গাফড়িং / গঙ্গাফোরিং

### ছ) বাংলা + হিন্দি

অ্যাক্ (<এক) + চিমটি (< হিঃ চিম্‌টা) = অ্যাক্‌চিমটি > অ্যাক্‌চিন্ (অল্প)
ধাড়(< দাঁড় < সং দ্রোন) + কাইয়্যা (< হিঃ কৌয়া)= ধাড়কাইয়্যা (দাঁড় কাক)
বাড়ি(< সং বাটিকা) + ওয়ালা/অলা (< হিঃ ওয়ালা) = বাড়িওয়ালা/বাড়িঅলা (গৃহকর্তা,বাড়ির মালিক)

### জ) হিন্দি + বাংলা

গলি + কি = গলকি > গুল্‌খি (ছোট গলি)
ভাতিজ্যা (হিঃ ভতীজা) + জাঁওই (< জামাতা) = ভাতিজ্যা জাঁওই (ভাইপো জামাই)
ভোর + র‍্যাইত (রাত্রি > রাত) = ভোর্‌র‍্যাইত (ভোররাত)

### ঝ) আরবি + ফারসি

আহাম্মক (< আঃ অহ্‌মক্ব) + ই (< ফাঃ ই প্রত্যয়) = আহাম্মকি (বোকামি)
ইজ্জত (< আঃ ইয্‌যত) + দার (< ফাঃ দার ) = ইজ্জতদার (সম্মানযুক্ত)
ইমান (< আঃ ঈমান) + দার (< ফাঃ দার) = ইমানদার (ধার্মিক,বিশ্বস্ত)

### ঞ) ফারসি + আরবি

বে (< ফাঃ বে) + আক্কেল(< আঃ অক্ব্‌ল্) = বেআক্কেল (অবিবেচক)
বে (< ফাঃ বে) + আদপ/আদব (< আঃ আদব্) = বেআদপ/বেআদব (অভদ্র)
বে (< ফাঃ বে) + ইজ্জত (< আঃ ইয্‌যত) =বেইজ্জত (অসম্মান)
বে (< ফাঃ বে) + ইজ্জতি (< আঃ ইয্‌যতি) =বেইজ্জতি (অসম্মানিত)
বে (< ফাঃ বে) + ইমান (< আঃ ঈমান) = বেইমান (বিশ্বাসঘাতক)
বে (< ফাঃ বে) + ওয়ারিশ (< আঃ ওয়ারিস) = বেওয়ারিশ (দাবিদার হীন)
বে (< ফাঃ বে) + কুব (< আঃ ওয়াকুফ) = বেকুব (নির্বোধ, বোকা)
বে (< ফাঃ বে) + দখল (< আঃ দখল) = বেদখল (অধিকারচ্যুত)

বে (< ফাঃ বে) + ফায়দা (< আঃ ফাইদহ্) = বেফায়দা (যাতে লাভ নেই, বৃথা)
বে (< ফাঃ বে) + বাক (< আঃ বাক্ব্) = বেবাক (সমস্ত)
বে (< ফাঃ বে) + হায়া (< আঃ হয়া) = বেহায়া(নির্লজ্জ)

### ট) আরবি + হিন্দি

আতর (< আঃ ইত্র্ ) + বালা (< হিঃ ওয়ালা) = আতরবালা (আতর বিক্রেতা)

### ঠ) ফারসি + হিন্দি

লাহাড়ি (< ফাঃ নহার +ই) +পানি (< সং পানীয়) = লাহাড়ি পানি (প্রাতঃ রাশ)
দানা (< ফাঃ দানা) + পানি (< সং পানীয়) = দানাপানি (খাদ্যশস্য)
খানা (< ফাঃ খানা) + পানি (< সং পানীয়) = খানাপানি (খাওয়া -দাওয়া)
পিয়াঁজ (< ফাঃ পিয়ায্) + লোল (< হিঃ নল্) = পিয়াঁজলোল (পেয়াঁজকলি)

### ড) হিন্দি + ফারসি

আড়ত (< হিঃ আঢ়ত) + দার (< ফাঃ দার) = আড়তদার ( পাইকারি বিক্রেতা)
চোকি (< হিঃ চোকী) + দার (< ফাঃ দার) = চোকিদার (পাহারাদার, চৌকিদার)
চুড়ি (< হিঃ চূড়ী) + দার (< ফাঃ দার) = চুড়িদার (পোশাক বিশেষ)

### ঢ) ইংরেজি + বাংলা

মাশ্টার (< ইং Master )+ই = মাশ্টারি (মাস্টারি)
দাক্তার (< ইং Doctor) +ই = দাক্তারি (ডাক্তারি)
হাপ্ (< ইং Half ) + হাতা = হাপহাতা (হাফহাতা)

### ণ) বাংলা + ইংরেজি

গান + পাটি (< ইং Party ) = গানপাটি (গানের দল)
গানের + মাশ্টার (< ইং Master ) = গানের মাশ্টার (সংগীত শিক্ষক)

### ত) ইংরেজি + ইংরেজি

হাপ্ (< ইং Half ) + টাইম (< ইং Time ) = হাপ্টাইম (অর্ধ সময়)
হাপ্ (< ইং Half ) + ইশ্কুল (< ইং School) = হাপ্-ইশ্কুল (হাফ স্কুল)
হাপ্ (< ইং Half ) + লিটার (< ইং Litre ) = হাপ্লিটার (হাফ লিটার)
ইশ্কুল্ (< ইং School ) + মাশ্টার (< ইং Master ) = ইশ্কুল্ মাশ্টার (স্কুল শিক্ষক)
ইশ্টিশন (< ইং Station ) + মাশ্টার (< ইং Master ) = ইশ্টিশন মাশ্টার (স্টেশন মাস্টার)

### থ) ইংরেজি + আরবি

হেড (< ইং Head ) + মুলবি (< আঃ মৌলবী) = হেড্ মুল্‌বি (প্রধান মৌলবি)

### দ) ফারসি +ইংরেজি

বে (< ফাঃ বে) + টাইম (< ইং Time) = বেটাইম (অসময়)
নোক ( < নখ < ফাঃ নাখুন ) + পালিশ (< ইং Polish) = নোক পালিশ (নখপালিশ)

### ধ) বাংলা + পোর্তুগিজ

ফুল (< সং ফুল্ল) + কবি (< পোঃ Couve ) = ফুলকবি (ফুলকপি)
পাত (< সং পত্র) + কবি (< পোঃ Couve ) = পাতকবি (বাধাকপি)
ওল (< সং ওল্ল) + কবি (< পোঃ Couve ) = ওলকবি (ওলকপি)

### ন) পোর্তুগিজ + হিন্দি

পাউ (< পোঃ Pao ) + রোটি (< হিঃ রোটি) = পাউরোটি (পাউরুটি)

### প) ফারসি +উর্দু

বে (< ফাঃ বে) + ঢংগা (< উঃ ঢংগ্ ) = বেঢংগা (বেঢপ, বেমানান)
বে (< ফাঃ বে) + ফালতু (< উঃ ফালতূ) = বেফালতু (অপ্রয়োজনীয়)

### ফ) হিন্দি+ ইংরেজি

বাজনা (< হিঃ ) + পার্টি (< ইং Party) = বাজনাপার্টি (বাজনার দল)
দোসরা (< হিঃ ) + পার্টি (< ইং Party) = দোসরাপার্টি (অন্যদল,পৃথক দল)

### ব) ইংরেজি + হিন্দি

শাঁইকেল (< ইং Cycle) + বালা (< হিঃ ওয়ালা) = শাঁইকেল বালা (সাইকেলওয়ালা, সাইকেলের আরোহী/মালিক)
ভ্যান ( < ইং Van) + বালা (< হিঃ ওয়ালা) = ভ্যানবালা (ভ্যানের চালক)

### ভ) বাংলা + তুর্কি

বড় + বাবা (< তুঃ বাবা) = বড়বাবা (জ্যাঠামশায়)

## ৫. অবস্থা ও পরিবেশের পরিপ্রেক্ষিতে এই অঞ্চলের কথ্য বাংলায় ব্যবহৃত শব্দাবলির পরিচয়।

এই অঞ্চলের বসবাসকারী জনগণ প্রাত্যহিক জীবনে বিভিন্ন প্রয়োজনে নানা ধরনের শব্দ ব্যহার করে থাকেন। এই অঞ্চলের জনগোস্ঠীর ব্যবহৃত বিভিন্ন শব্দের একটি সার্বিক পরিচয়; শব্দগুলির উৎস সহ বিভিন্ন শীর্ষকে (Table ) তুলে ধরা হল। বিভিন্ন শিরোনামে এই অঞ্চলের মানুষের কথ্য ভাষার এবং বিভিন্ন উৎসজাত শব্দ ব্যবহারের প্রবণতা ধরা পড়বে এবং এই অঞ্চলের কথ্যবাংলার শব্দভান্ডারের পূর্ণাঙ্গ রূপটি ফুটে উঠবে বলে আশা করা যায়।

### ৫.১.পারিবারিক ও সামাজিক সম্পর্ক নির্দেশক শব্দ

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস |
|---|---|---|
| আব্বা | বাবা | আঃ আব (= পিতা) |
| বাপ্ | বাবা | সং বপ্র > প্রাঃ বপ্প > বাপ |
| বাপু | বাবা | বাপ +উ |
| বাবা | বাবা | তুঃ বাবা ( = পিতা) |
| আম্মা,আম্‌মা | মা | আঃ উম্মন (=মা) |
| মা | মা | সং মাতা > প্রাঃ মাআ > মা |
| মাও | মা | সং মাতা > প্রাঃ মাআ > মা + ও |
| ব্যাটা/বেটা | ছেলে | সং পুত্র > প্রাঃ বিট্ট > বেটা |
| বেটি | মেয়ে | বেটা+ঈ (স্ত্রী প্রঃ) |
| ব্যাটার বউ/বহু/বোহু | ছেলের বউ | সং পুত্র > প্রাঃ বিট্ট > ব্যাটা +সং বধূ > প্রাঃ বহূ >হিঃ বহু |
| ভাউজ,ভাউজি | বউদি | হিঃ ভৌজী |
| ভ্যাই/ভাই/ভ্যাইয়া | ভাই | সং ভ্রাতৃ > প্রাঃ ভাই > ভাই /ভ্যাই |
| ভাই বউ | ভাই বউ | সং ভ্রাতৃ > ভাই + সং বধূ > বউ |
| ভাই বোহু | ভাইবউ | সং ভ্রাতৃ > ভাই + হিঃ বহূ |
| ভাবি | বউদি | হিঃ ভাবী |
| ভানি | বউদি | ভাই + নি (স্ত্রী প্রঃ) |
| ভায়রা | ভায়রা | সং ভ্রাতৃ > ভায়র > ভায়রা |
| ভাতার | স্বামী | সং ভর্ত্তৃ,ভর্তৃ > প্রাঃ ভত্তার > ভাতার |
| গিথ্যান্ | স্ত্রী | সং গৃহস্থ + অ্যান (স্ত্রী প্রঃ) |
| লশা,লাশা | বর | ফাঃ নওসহ্ |
| দুল্‌হা,দুলাহা | বর | হিঃ দুলারা |
| দুশমন্ | শত্রু | ফাঃ দুশমন |
| কুটুম | আত্মীয় | সং কুটুম্ব |
| বোহিন,বহিন | বোন | সং ভগিনী > প্রাঃ বহিনী > বহিন |

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস |
|---|---|---|
| বোহোন্,বোহুন | ভগ্নীপতি | সং ভগিনী > বহিন +উ,হিঃ বোহুন |
| বিয়াই,বিহাই,বিহ্যাই | বেয়াই | সং বৈবাহিক > প্রাঃ বেআহিঅ > বিহ্যাই |
| বিহ্যান,বিহাইন,বিহান | বেয়ান | সং বৈবাহিক > বিহ্যাই + অ্যান |
| সতার্ বাবা | সৎ পিতা | সং সৎ > শতার + তুঃ বাবা |
| শতার্মা,সতার্মা,সৎ মা | সৎমা | সং সৎ > শতার + সং মাতা > মা |
| বড় মা | জেঠিমা | সং বড্র > বড় + মা |
| ভোগিন্পোত্ | ভগ্নীপতি | সং ভগিনীপতি |
| চাচা,চাছা | কাকা | সং তাতা > হিঃ চাচা |
| চাচি,চাছি | কাকিমা | হিঃ চাচা + ঈ (স্ত্রী প্রঃ) |
| ছোট আব্বা | কাকা | সং ক্ষুদ্র > প্রাঃ ছুট > ছোট + আঃ আব্ |
| ছোট মা | কাকিমা | সং ক্ষুদ্র > প্রাঃ ছুট্ট > ছোট + সং মাতা > মা |
| কাকা,কাকু | কাকা | ফাঃ কাকা |
| কাকি,কাকিমা | কাকিমা | ফাঃ কাকা + ঈ (স্ত্রী প্রঃ) |
| ভাতিজ্যা,ভাতিজা | ভাইপো | হিঃ ভতীজা |
| ভাতিজি,ভাতিঝি | ভাইঝি | হিঃ ভতীজা + ঈ (স্ত্রী প্রঃ) |
| ভাতিজ্যাবোহু | ভাইপো-বউ | হিঃ ভতীজা + বোহু বধূ সঃ |
| ভাতিজ্যাজাঁওই | ভাইপো-জামাই | হিঃ ভতীজা + জাঁওই |
| ফুপু,ফুপ্পু | পিসি | হিঃ ফূফী |
| ফুপা,ফুপ্পা | পিসে | হিঃ ফূফা |
| মামু,মামা | মামা | সং মায়ক > বাং মামা |
| মামি | মামী | সং মামক > মামা + ঈ (স্ত্রী প্রঃ) |
| মাসি | মাসি | সং মাতৃস্বসৃকা |
| ম্যায়সা,ম্যাইসা | মেসোমশাই | সং মাতৃস্বসৃকা > হিঃ মৌসা |
| মাহোই,মাহোইমা,মাহেমা | মাহোইমা | সং মাতৃক > মাউই > মাহোই |
| ভ্যাগ্ন্যা,ভাইগ্না | ভাগ্নে | সং ভাগিনেয় > ভগিনা > ভ্যাগ্ন্যা |
| ভাগ্নি,ভাইগ্নি | ভাগ্নি | সং ভাগিনেয় > ভগিনা + ঈ (স্ত্রী প্রঃ) |
| ভ্যাগ্ন্যাবোহু | ভাগ্নে-বউ | সং ভাগিনেয় > ভ্যাগ্ন্যা + বোহু |
| ভ্যাগ্নাজাঁওই | ভাগ্নে-জামাই | সং ভাগিনেয় > ভ্যাগ্ন্যা + সং জামাতা >জাঁওই |
| ভাশুর,ভাসুর | ভাশুর | সং ভ্রাতৃশ্বশুর > প্রাঃ ভাইস্সসুর > ভাশুর |
| নানা | দাদু | হিঃ নানা |
| নানি | দিদিমা | হিঃ নানী |
| ননদ | ননদ | সং ননন্দা,ননন্দ |
| ননদ জামাই,নন্ জামাই,নন্দুজামাই | ননদজামাই | সং ননন্দা + উ + জামাই |
| জা | জা | সং জায়া > জা |
| দ্যাওর,দেওর,দ্যায়োর,দ্যাঅর | দেওর | সং দেবর > দেঅর > দেওর,দ্যাওর |

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস |
|---|---|---|
| পিসি | পিসি | সং পিতৃস্বসৃকা > পিসি |
| খালা | মাসি | আঃ খালহ্ |
| খালু | মেসো | আঃ খালুন |
| শাশ্‌ড়ি/শাস্‌রী/শাশুড়ী | শাশুড়ি | সং শ্বশুর + ঈ (স্ত্রী প্রঃ) |
| বোহু | বউ | সং বধূ > প্রাঃ বহূ > হিঃ বহূ |
| পোতা | পৌত্র | সং পৌত্র > প্রাঃ পোত্ত > পোতা |
| পোতিন | পৌত্রী | সং পৌত্র > পোতা + ইন (স্ত্রী প্রঃ) |
| লাতি,নাতি | দৌহিত্র | সং নপ্তৃক > প্রাঃ নত্তিঅ > নাতি |
| লাতিন,নাতনি | দৌহিত্রী | সং নপ্তৃক > লাতি + ইন (স্ত্রী প্রঃ ) |
| জাঁওই,জামাই,জাঁয়োই | জামাই | সং জামাতা > জামাই > জাঁওই |
| দামাদ্,দামাত | জামাই | ফাঃ দামাদ |
| দাদা,দাদো,দাদু | ঠাকুরদা | হিঃ দাদা |
| দাদি,দিদি | ঠাকুরমা | হিঃ দাদী |
| তাহোই,তাহোই মশায় | তাহোই মশাই | সং তাত > তাঅ > তাহ + ওই |
| শমন্‌দি,শমোনিধি | শ্যালক | সং সম্বন্ধী |
| শাড়ু,শারু | ভায়রা,শালির বর | অজ্ঞাতমূল |
| শালি | শালি,শ্যালিকা | সং শ্যালী > প্রাঃ সালী > শালি |
| শালা | শালা,শ্যালক | সং শ্যালক > প্রাঃ সালাঅ > শালা |
| ভায়রা | ভায়রা | সং ভ্রাতৃ > ভায়র > ভায়রা |
| ভাইজি | ভায়রা | সং ভ্রাতৃ > ভাই + জি |
| ভ্যাইবোহু | ভাই-বউ | সং ভ্রাতৃ > ভ্যাই + বোহু |
| দ্যাঅর্ | দেওর | সং দেবর > প্রাঃ দেঅর |
| দাদো,দাদা | দাদু,ঠাকুরদা | সং তাতা > প্রাঃ তাদ >দাদা+ও |
| দাদি | দিদিমা,ঠাকুরমা | সং তাতা > দাদা + ঈ (স্ত্রী প্রঃ) |
| নানা | দাদু | হিঃ নানা |
| বিহ্যাই | বেয়াই | সং বৈবাহিক > প্রাঃ বেহাহিঅ |
| বিহ্যান্ | বেয়ান | সং বৈবাহিক > বিহ্যাই + অ্যান |
| মাহোই | মাহোই | সং মাতৃক > মাউঅ > মাহোই |
| শন্‌ভ্যাই | ভাই | সং সম্বন্ধ > সন + ভাই |
| শন্ বহিন্ | সৎ বোন | সং সম্বন্ধ > সন + বহিন |
| শতার্ বহিন | সৎ বোন | সং সৎ > শতা + র+ বহিন |
| শতার্ ভ্যাই | সৎ ভাই | সং সৎ > শতা + র + ভ্যাই |
| দোশ্,দোশ্‌ত | বন্ধু | ফাঃ দোস্ত |
| দোশ্‌বাপ,দোস্ত বাপ | বন্ধু বাবা | ফাঃ দোস্ত্ > দোশ + বাপ |
| দোশ্‌ভ্যাই,দোস্তভাই | বন্ধু-ভাই | ফাঃ দোস্ত > দোশ + ভ্যাই |

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস |
|---|---|---|
| মিতা | মিতা | সং মিত্র > প্রাঃ মিত্ত > মিত + আ |
| মিত্ বাপ্ | মিত বাবা | সং মিত্র > মিত + বাপ |

## ৫.২. বয়স ও অবস্থার ভিত্তিতে মানুষের বিভিন্ন পরিচয়মূলক শব্দ

| | | |
|---|---|---|
| বালশ্ | শিশু(নবজাতক) | সং বাল + শ |
| গুধ্যা | শিশু পুত্র | হিঃ গেদা |
| গুধি | শিশুকন্যা | হিঃ গেদা + ঈ (স্ত্রী প্রঃ) |
| চ্যাঙড়া | বালক | দেশিমূল |
| চেঙড়ি | বালিকা | দেশিমূল |
| ছোঁড়া | বালক | সং ছমণ্ড |
| ছুঁড়ি | বালিকা | সং ছমণ্ড > ছোঁড়া + ঈ (স্ত্রী প্রঃ) |
| ছেলা,ছেইলা | বালক | সং শাবক > ছাবাল,ছাওয়াল,ছাআল, > ছেলা |
| শাবালক্ | তরুণ | সা + বালিগ (আঃ) |
| জুয়ান্ | যুবক | সং যুবন |
| আউরাত্,অউরত্ | স্ত্রীলোক | আঃ আওরত |
| পোয়াতি,পুয়াতি | আসন্ন প্রসবা | সং পুত্রবতী,সং প্রসূতি |
| বুড়হা | বুড়া | সং বৃদ্ধ > প্রাঃ বুডঢ > বুড়া > বুড়হা |
| বুড়হি | বুড়ি | বুড়া + ঈ (স্ত্রী প্রঃ) |
| ইন্শান্ | মানুষ | আঃ ইনসান |
| বান্ঝা | বাঁঝা | সং বন্ধ্যা > বংঝা > বান্ঝা |
| বান্ঝি | বাঁঝি | বানঝা + ঈ (স্ত্রী প্রঃ) |
| ব্যাটা | বালক | হিঃ বেটা |
| বেটি | বালিকা | হিঃ বেটা + ঈ (স্ত্রী প্রঃ) |
| গুঙ্গা,গঙা,গোঙ্গা | বোবা | হিঃ গূঁগা |
| মেয়া,ম্যাইয়া | বালিকা | সং মাতৃকা |

## ৫.৩. আচরণ, স্বভাব ও দৈহিক গঠনের পরিপ্রেক্ষিতে বিশেষণ পদ

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস |
|---|---|---|
| অ্যালসা,আইলস্যা | অলস | সং আলস |
| কামকারি | কর্মঠ | সং কর্ম > প্রাঃ কম্ম > বাং কাম+ কৃ (করা +ই) |
| কুড়্হ্যা | কুঁড়ে | সং কুষ্ঠ > কুঢ় > কুড়হ্যা |
| খারাপ,খারাব | খারাপ | আঃ খরাব |
| ঘিন্ঘিন্যা | নোংরা স্বভাবের | সং ঘৃণা > প্রাঃ ঘিণা > ঘিন্ + আ (প্রঃ) |
| ঘিন্হা,ঘিনাহা | নোংরা স্বভাবের (পুং) | সং ঘৃণা > প্রাঃ ঘিণা + হা |
| ঘিনাহি | নোংরা স্বাভাবের (স্ত্রী) | ঘিনাহা + ঈ (স্ত্রী প্রঃ) |
| চটপটা | চটপটে | সং ঝটিতি > ঝাট > চাট > চট + পট (গতি;অনুকারঃ হিসেবে) +আ |
| চিক্না,চিকন | পরিচ্ছন্ন (পুং) | হিঃ চিক্না |
| চিক্নি | পরিচ্ছন্ন (স্ত্রী) | হিঃ চিক্নিয়া > চিক্নি |
| ছুঁইচ্লা | ছুঁচোলো | সং সূচি > সুইচ > ছুঁইচ + আল + আ |
| ট্যার্হ্যা | ট্যাড়া | সং তির্যক |
| নাম্ভা,লম্বা, লামভা | লম্বা | সং লম্ব + আ (প্রঃ) |
| ফুর্তি | উদ্যমী | সং স্ফূর্তি > হিঃ ফুরতী > ফুর্তি |
| বাঁট্কুরা,ব্যাইট্ঠ্যা | বেঁটে | সং বণ্ঠ > বেঁটে, বাঁট + কুরা |
| বাঁট্কুরি | বেঁটে (স্ত্রী) | বাঁট্কুরা + ঈ (স্ত্রী প্রঃ) |
| বাউনা | বেঁটে (পুং) | সং বামন |
| বাঙরু | বেঁটে (পুং) | সং বামন > বাউন > বাঙরু |
| বাঙরি | বেঁটে (স্ত্রী) | বাঙরু + ঈ (স্ত্রী প্রঃ) |
| বাংঠা | বেঁটে (পুং) | সং বন্ঠ > বাঁট > বাঁঠা > বাংঠা |
| বাংঠি | বেঁটে (স্ত্রী) | সং বন্ট > বাঁট > বাঁঠা + ঈ (স্ত্রী প্রঃ) |
| ভাল,ভালো | ভালো | সং ভদ্র > প্রাঃ ভল্ল > ভাল |
| ভারি | ভারী | সং ভৃ +অ > ভার + ই (প্রঃ) |
| লাল্ঠা | লোভী | সং লালা + ঠা |
| লেলঠি/লালঠি | লোভী (স্ত্রী) | সং লালা + ঠি |
| হ্যাইল্কা | হাল্কা | সং লঘুক > প্রাঃ হলুঅ > হাল্কা > হ্যাইল্কা |

## ৫.৪. পুরুষবাচক সর্বনাম

| | | |
|---|---|---|
| হামি | আমি | সং অস্মদ্, উঃ হামি |
| হাম্রা | আমরা | সং অস্মদ্ > অহম্ > হাম + রা |
| হামার | আমার | সং অস্মদ্ > অহম্ > হাম +আ + র |

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস |
|---|---|---|
| হারা,হাঁরা | আমরা | সং অস্মদ্ > অহম্ > হাঁ + রা |
| হাঁরঘে,হারঘে | আমাদের | সং অস্মদ্ > অহম্ > হাঁ + র + ঘে (বহুবচন বাচক বিভক্তি) |
| হাঁকে | আমাকে | সং অস্মদ্ > অহম্ > হাম + আ + কে |
| তুমি | তুমি | সং ত্বম্ > প্রাঃ তুমং > বাং তুমি |
| তুই | তুই | সং ত্বম্ > প্রাঃ তুহ + ই > তুহি > তুই |
| তোর | তোর | সং ত্বম > তুই + র |
| তোরঘে | তোদের | তোর + ঘে (বহুবচন বাচক বিভক্তি) |
| তোরা | তোরা | সং ত্বম > তুই + রা |
| তোম্রা | তোমরা | সং ত্বম > তুমি + রা |
| উ,অয় | সে | সং অসৌ > ও > উ,অয় |
| ওই | ও, সে | সং অদস্ > প্রাঃ ওই |
| অরা | তারা | সং অসৌ > ও + রা |
| অর | ওর | সং অসৌ > ও > অ + র |
| অরঘে | ওদের | সং অসৌ > ও > অ + র + ঘে (বহুবচন বাচক বিভক্তি) |

## ৫.৫. সম্বোধন পদ

| | | |
|---|---|---|
| জি | প্রয়োগ নেই | সং জীব > জীঅ > জি |
| হে | হে | সং অরেবে > ওরে > ওহে > হে |
| বে | প্রয়োগ নেই | ফাঃ বে |
| রে | রে | অজ্ঞাতমূল |
| হারে | ওরে | ওরে > হারে |
| গে | গো | সং অঘোঃ > ওগো > গো > গে |
| টে | প্রয়োগ নেই | অজ্ঞাতমূল |
| উটে | প্রয়োগ নেই | অজ্ঞাতমূল |
| ওরে | ওরে | সং অরেরে > ওরে |
| ওটে | প্রয়োগ নেই | অজ্ঞাতমূল |

## ৫.৬. নির্দেশক সর্বনাম, অনির্দেশক সর্বনাম ও প্রশ্নবাচক সর্বনাম

| | | |
|---|---|---|
| ইটা,এটা | ইহা,এটি | সং এতদ + টা = এতদ্‌টা এটা |
| এইগ্‌ল্যা,এগ্‌ল্যা | এইগুলি | সং এতদ্‌কুল > এইগুলো |
| অইগ্‌ল্যা,ঐগ্‌ল্যা | ঐগুলি | সং অদস্‌কুল > ঐগুলো |
| কে | কে | সং কিম |

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস |
|---|---|---|
| কয়ট্যা,কটা | কয়টি | সং কতি + টি |
| এখোন্,এখুন | এখন | সং এতদক্ষণ > এখন |
| কখোন্,কখুন | কখন | বাং কোন্ + সং ক্ষণ > কখন |
| কুন্ব্যালা | কোন সময় | বাং কোন বেলা > কুন ব্যালা |
| উ ব্যালা | ঐ সময় | বাং ঐ বেলা > উ ব্যালা |
| কুন্দিন্ | কোনদিন | বাং কোনদিন > কুনদিন |
| কুন্ঠে | কোথায় | বাং কোন ঠাঁই > কুন্ঠে |
| এইঠে,এট্টে | এখানে | বাং এই ঠাঁই > এইঠে, এট্ঠে |
| ঐঠে,ওট্ঠে | ওখানে | বাং ঐ ঠাঁই > ঐঠে,ওট্ঠে |
| সেইঠে,শেঠে | সেখানে | বাং সেই ঠাঁই > সেইঠে,শেঠে |

## ৫.৭. অঙ্গ- প্রত্যঙ্গ বিষয়ক শব্দ

| | | |
|---|---|---|
| শরিল্,শোরিল | শরীর | সং শরীর |
| গতর্,গত্তোর | শরীর | সং গাত্র > গত্তর > গতর |
| গা/গাও | দেহ | সং গাত্র > গাও,গা |
| জান্ | প্রাণ | ফাঃ জান |
| পারান,পেরান | প্রাণ | সং প্রাণ > পেরান/পারান |
| মাথা, মাত্থা | মাথা | সং মস্তক > প্রাঃ মত্থঅ > মাথা |
| ঘট | মাথা | সং ঘট [ঘট্+অ (অচ্)-ক] |
| মুক্,মুখ | মুখ | সং মুখ |
| চোক্ | চোখ | সং চক্ষু > প্রাঃ চক্খু >বাং চোখ >চোক |
| কপাল,কপ্পাল | কপাল | সং কপাল |
| চুল | চুল | সং চুল |
| লাক,নাখ | নাক | সং নাসিকা |
| কান | কান | সং কর্ণ |
| দাঁত | দাঁত | সং দন্ত |
| জিভ্যা | জিভ,জিহ্বা | সং জিহ্বা |
| টুটি | গলা | সং ত্রোটি |
| গল্লা | গলা | সং গল |
| কাহ্না | কাঁধ | হিঃ কন্না |
| ঘাড় | কাঁধ | সং ঘাট > প্রাঃ ঘাড >ঘাড় |
| গর্দান্ | কাঁধ | ফাঃ গর্দন |
| শিন্যা | বুক | ফাঃ সীনঃ |
| ছাতি | বুক | হিঃ ছাতী |

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস |
|---|---|---|
| হাত | হাত | সং হস্ত |
| পা,পাঁ,পাউ | পা | সং পদ |
| ঠ্যাং | পা | সং টঙ্গ |
| জাঙ্ | জঙ্ঘা | সং জঙঘা |
| কাছা | জঙ্ঘা | অজ্ঞাতমূল |
| ঘুট্টি | হাঁটু | হিঃ ঘুট্না |
| ঠেঁউনা | হাঁটু | অজ্ঞাতমূল |
| কাখোল,কাঁখ্যাল,কাখল | কাঁখ | সং কঙ্কাল > কাঁকাল > কাঁখ্যাল |
| কখা | কাঁখ | সং কঙ্কাল > কাঁকাল > কাঁখ > কখা |
| দাড়ুহি | দাড়ি | সং দাঢ়িকা > দাড়ি > দাড়হি |
| লোগ্,লহক,লহাগ, | নখ | সং নখ > লহগ > লোগ |
| কুনি | নখের কোনা | সং কোন + ই |
| আঙুল,আঙলি | আঙুল | সং অঙ্গুলি |
| বুড়হা আঙলি | বুড়ো আঙুল | সং বৃদ্ধ > প্রাঃ বুড্ঢ > বুড়া >বুড়হা + আঙলি |
| কহিন্যা,কাহিন্যা,কেহেনি | কনুই | সং কফোনি > কহোনি > কাহিন্যা |
| ত্যাইলা,তালুয়া, | হাতের তালু | সং তালু |
| গুল্লা,গুল্হা | গোড়ালি | হিঃ গুল্লা |
| এড়ি | গোড়ালি | হিঃ এড়ী |
| মান্জা | কোমর | সং মধ্য > মাঝা > মানজা |
| কম্মর,কোম্মর | কোমর | ফাঃ কমর্ |
| কাঁখাল | কোমর | সং কঙ্কাল >কাঁকাল >কাঁখাল |
| পুট্ঠা | নিতম্ব | হিঃ পুট্ঠা |
| পুট্কি | নিতম্ব | অজ্ঞাতমূল |
| গ্যাঁইড় | নিতম্ব | হিঃ গাঁড় > গ্যাঁইড় |
| লাবি,লাভি,ল্যাহি | নাভি | সং নাভি |
| চোপা | মুখমণ্ডল | সং চুব্র > চ্যুপ > চোপা |
| থোব্ড়া | মুখমন্ডল | হিঃ থোব্ড়া |
| ফেশ্ | মুখমন্ডল | ইং Face |
| কপ্জি,কোপজি,কোব্জি,কব্জা | কবজি | আঃ কুব্যহ্ |
| কোল্জ্যা,কোলিজা | মেটে,প্রাণ | হিঃ কলেজা |
| রোক্ত | রক্ত | সং √রন্জ্ + ত > রক্ত |
| লোহু | রক্ত | হিঃ লোহু |
| মাড়ুহি | মাড়ি | সং মাড়ি |
| প্যাট্ | পেট,উদর | দেশিমূল |

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস |
|---|---|---|
| হাড্‌ডি | হাড় | সং হড্ড > হিঃ হড্ডী |
| গোশ্‌ | মাংস | ফাঃ গোশ্‌ত |
| মাংস | মাংস | সং মাং (আমাকে) > মং সে (যে ভোজন করে) |
| ফুশ্‌ফুশি | ফুসফুস | সং পুপ্‌ফুস/ফুপ্‌ফুস > ফুসফুস +ই |
| ফুল্‌কা | ফুসফুস | সং √ফুল্ল > প্রাঃ ফুল > ফুল+কা |
| ফেপ্‌রা | ফুসফুস | হিঃ ফেফড়া |
| চাভোল | চোয়াল | সং চর্ব্ব >চাভা +ল >চাভাল >চাভোল |
| আলজিভা,আলোকজিভা/ আলাজিভা,অ্যালজিভ্‌ভা | আলজিহ্বা | সং অলিজিহ্বা >আলজিব >অ্যালজিভ্‌ভা |
| টাকলু,টাক্কল,টাক | টাক | মারাঠী- টক্কল > টাক্কল > টাকলু |
| ভুরু | ভুরু | সং ভ্রূ > ভুরু |
| চামড়া | চামড়া | সং চর্ম > হিঃ চমড়া > বাং চামড়া |
| মাজকি আঙলি | মধ্যমা আঙুল | সং মধ্য >মাঝ > মাজ + কি + আঙলি |
| কুনি আঙ্গুল | কনিষ্ঠা আঙুল | কোন + ই > কুনি + আঙ্গুল |
| পায়ের পাত্তা | পায়ের পাতা | পাদ >পা+য়ের+সং পত্র >পাতা >পাত্তা |
| রগ | শিরা ,উপশিরা | ফাঃ রগ |
| ভেন | শিরা | ইং Vain |
| তালা,তালু | তালু | সং তালু [ √ত্‌+ল (ক্রূন্‌)-ন,উ] |
| ঠোর | ঠোঁট | সং ওষ্ঠ,তুন্ড > প্রাঃ ওট্‌ঠ >ঠোঁট >ঠোর |
| হিরিদপিন্ড | হৃদপিন্ড | সং হৃদপিন্ড (হৃদ + পিন্ড + অ্‌) |
| দুধ,দুদ্‌ | স্তন | সং দুগ্ধ > প্রাঃ দুদ্ধ > দুদ্‌,দুধ |
| দুধের বোঁঠা | স্তনবৃন্ত | দুধ+এর+সং বৃন্ত > বোঁটা > বোঁঠা |
| শরীরের লোম | দেহরোম | সং শরীর + সং লোমন > লোম |

## ৫.৮. বস্তুর রং নির্দেশক শব্দ

| | | |
|---|---|---|
| ক্যাইল্যা,কালো | কালো | সং কাল > ক্যাইল্যা,কালো |
| কালছিয়া | কালচে | সং কাল + ছিয়া |
| নাল,লাল্‌ | লাল | ফাঃ লাল |
| লালছিয়া | লালচে,লাল আভাযুক্ত | ফাঃ লাল + ছিয়া |
| শবুজ,শুবুজ | সবুজ | ফাঃ সব্‌য্‌ |
| শোব্‌জ্যা | সবুজ আভা যুক্ত | ফাঃ সব্‌য্‌ + অ্যা |

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস |
|---|---|---|
| ক্যালাপাতি,কলাপাত্তা | সবুজ | সং কদলক > হিঃ কেলা >ক্যালা+সং পত্র >পাতি,পাত্তা |
| নিল,লিল্ | নীল | ফাঃ নীল হিঃ > লিল্ |
| বুল্লু | নীল | ইং Blue |
| হল্দ্যা,হলদ,হৈইলদ্যা হল্দি,হলদিয়া | হলুদ | সং হরিদ্রা > হল্দা > হৈল্দ্যা |
| বেঙ্গনি,বেগ্নি | বেগুনি | সং বাতিগন + ই; হিঃ বৈংগনী |
| শাদা,শাধা | সাদা | ফাঃ সাদহ্ |
| ধলো | সাদা | সং ধবল > ধল |
| খয়রী,খৈরি | খয়েরি | সং খদির >প্রাঃ খয়র >খয়ের + ঈ |
| আশমানী | আকাশি | ফাঃ আস্মান্+ই |
| আকাশি | আকাশি | মৈঃ আকাস >আকাশ+ই |
| গেরুয়া | গেরুয়া | সং গৈরিক |
| গোলাবী,গোলোপী | গোলাপি | ফাঃ গুলাবী |
| ছ্যাইহ্যা,ছ্যাইরং | ছাইরং | সং ক্ষার >ছার> ছাই+হ্যা |
| সোনালি | সোনালি | সং স্বর্ণ >সোনা+লি |
| রূপালি | রুপোলি | সং রৌপ্য >রূপা+লি |
| কমলা | কমলা | প্রাঃ কঁঅলা > কমলা |
| ফ্যাক্সা | ফ্যাকাশে,হাল্কা | হিঃ ফীকা >ফ্যাক্+সা |
| চকচক্যা | উজ্জ্বল রং | সং √চকাস |
| ঘোলাইট্ট্যা | ঘোলাটে,অস্বচ্ছ | সং ঘূর্ণ > প্রাঃ ঘোল + আ + ইট্ট্যা |
| সাপা,সাফা | স্বচ্ছ | আঃ সাফ + আ |
| চক্চকিয়া | স্বচ্ছ | সং √চকাস |

## ৫.৯. বস্তুর স্বাদ নির্দেশক শব্দ

| | | |
|---|---|---|
| মিঠ্ঠা,মিঠ্যা,মিট্ঠা | মিষ্টি | সং মিষ্ঠ > প্রাঃ মিট্ঠ > মিঠ্ঠ্যা |
| খাট্টা, খাটা | টক | হিঃ খট্টা |
| ট্যাংগা | টক | দেশিমূল |
| তিত্ত্যা,তিত্তা,তেঁতো,তিত্যা | তিক্ত | সং তিক্ত > প্রাঃ তিত্ত > তিত্ত্যা |
| নুন্ছ্যা,নুনছা,নুনতা | নোনতা | সং লবন > প্রাঃ লোন্ > নুন্ + ছা (স্বাদ) |
| টেশ্ | স্বাদ | ইং Test |
| মহাক্, মহক | সুগন্ধ | সং মধুক > মহুঅ > মহক |
| ঝাল | ঝাল | সং জ্বাল >ঝাল |
| গন্ধ | দুর্গন্ধ | সং গন্ধ |
| গনহা | গন্ধ | ফাঃ গন্দহ |

## ৫.১০. বস্তুর আকৃতি বিষয়ক শব্দ

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস |
|---|---|---|
| সোঝা,সঝা,সজা | সোজা | হিঃ সোঝা |
| সিধ্যা | সোজা | সং শুদ্ধ > হিঃ সীধা >সিধা,সিধ্যা |
| ট্যাড়ুহা,ট্যারা,ট্যাড়া,ট্যাঁড়া | বাঁকা | সং তির্যক > হিঃ টেঢ়া |
| ত্যার্ছা,তেরছা | তেরছা | সং তির্য্যচ > প্রাঃ তেরিচ্ছ >তেরছা |
| ভ্যাদাক্কা | বৃহৎ আকৃতির | অজ্ঞাতমূল |
| ঢাব্বা | বৃহৎ আকৃতির | অজ্ঞাতমূল |
| চ্যারকোনা,চারকোনিয়া | চৌকোনা | সং চতুষ্কোন > চারকোন + ইয়া |
| চৌখুট | চৌকোনা | সং চতুষ্কোন |
| তিনকোনিয়া | তিনকোনা | সং ত্রিকোণ > তিনকোন + ইয়া |
| চাক্‌লা | গোল | সং চক্র > চাক্ + লা/তুঃ চক্কল |
| নাম্‌ভা,লাম্‌ভা | লম্বা | সং লম্ব + আ |
| ব্যাঁইঠ্যা,ব্যাইট্‌ঠ্যা | বেঁটে | সং বন্ট > বেঁটে > ব্যাইট্‌ঠ্যা |
| কুঁক্‌ড়া,কোঁকড়া | কোঁকড়া | সং কর্কট > কক্কড >কংকড >কুঁকড়া >কোঁকড়া |
| গপ্‌শো,গাব্‌দা | মোটা | হিঃ গাবদা |
| পাতল্,পাতোল | পাতলা | সং পত্র > প্রাঃ পত্তল > পাতল,পাতোল |

## ৫.১১. পেশা নির্দেশক শব্দ

| | | |
|---|---|---|
| গিরশ্,গিরোশ্,গেরস্থ,গির্‌হস্ত | গৃহস্থ, গেরস্থ | সং গৃহস্থ > প্রাঃ গিরস্থ্ > গিরশ,গিরোশ গেরস্থ,গির্‌হস্ত |
| কিরিশক্ | কৃষক | সং কৃষক |
| বানিয়া | ব্যবসায়ী | সং বণিক >হিঃ বানিয়া; প্রাঃ ,বাং বান্যা |
| প্যাইকার,পাইকার | ব্যবসায়ী | ফাঃ পয়িকার |
| মাশ্‌টার্ | মাস্টার | ইং Master |
| দাক্‌তার,ডাক্‌টার,ডাক্‌তার | ডাক্তার | ইং Doctor |
| ডাকতারনি | ডাক্তার (স্ত্রী) | ডাক্‌তার+নি (স্ত্রী লিঙ্গ) |
| লাপিত,লাউয়া,লাওয়া | নাপিত | সং নাপিত > লাপিত > লাউয়া,লাওয়া |
| মাছুয়া | জেলে | সং মৎস্য > মাছ + উয়া |
| জ্যাল্যা,জাইল্যা,জেলা | জেলে | সং জালিক > জালিয় > জ্যাল্যা, জাইল্যা,জেলা |
| গুড়ুহি | জেলে | অজ্ঞাতমূল |
| কাম্‌হার | কামার | সং কর্ম্মকার > প্রাঃ কম্মর > কাম্‌হার |

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস |
|---|---|---|
| কুম্হার | কুমোর | সং কুম্ভকার > প্রাঃ কুম্ভার > কুম্হার |
| ছুতার | ছুতোর | সং সুত্রধার > প্রাঃ সুত্তহার > ছুতার |
| অ্যাইব্যারি | ঘটক | সং অবিবাহিত > আবিয়া >আইব্যা + রি (প্রঃ) |
| ঘটোক | ঘটক | সং ঘট্ + অক |
| গাড়িয়ান্ | গাড়োয়ান | হিঃ গাড়ীবান |
| ঘাটোয়াল | ঘাটোয়াল | দেশিমূল |
| সোনার | স্বর্ণকার | হিঃ সোনার |
| সর্নোকার | স্বর্ণকার | সং স্বর্ণকার |
| গুয়াল্,গুয়ালা | গোয়াল | সং গোপাল >প্রাঃ গোবাল >গুয়াল,গুয়ালা |
| কির্শ্যান্ | জনমজুর | সং কৃষ্ + বাং আন > কিরশান্ |
| প্যাইট,পাইট | জনমজুর | সং পাটী > প্যাইট |
| লেবার | জনমজুর | ইং Labour |
| রাজমিশ্তিরি,রাজমিস্তিরি | রাজমিস্ত্রি | সং রাজন > রাজ + পোর্তুঃ Mestre |
| চামার | মুচি | সং চর্ম্মকার |
| মুদি | মুদি | হিঃ মোদী |
| ঠিকাদার,ঠিক্যাদার | ঠিকাদার | হিঃ ঠিকা + দার |
| চোকিদার | চৌকিদার | হিঃ চৌকী + দার |
| পাহাড়াদার | পাহারাদার | হিঃ প্হরা + দার |
| ঝাড়ুদার | ঝাড়ুদার | হিঃ ঝাড়ু + দার |
| পকেটমার | পকেটমার | ইং Pocket + মার |
| ঘরামি | ঘরামি | হিঃ ঘরামী |
| মিস্তিরি | মিস্ত্রি | পোর্তুঃ Mestre |
| দারজি,দোরজি,দজ্জি | দর্জি | ফাঃ দর্জী |
| গেটমান | দারোয়ান | ইং Gate + Man |
| ফোকির,ফকির | ভিখিরি | আঃ ফকীর |
| ধোবা,ধুবি,ধোবি | ধোপা | হিঃ ধোবী |
| সুদখোর | মহাজন | ফাঃ সুদ + খোর |
| দালাল | দালাল | আঃ দল্লাল |
| রাখাল | রাখাল | সং রক্ষপাল |
| চামার্নি,চামান্নি | দাইমা,ধাত্রী | হিঃ চামারীন্ |
| নাস | সেবিকা | ইং Nurse |
| নাস্নি | সেবিকা | ইং Nurse > নাস্ + নি |
| আয়্যা,আয়া | সেবিকা | পোর্তুঃ Aya (Nurse) |
| কুলি | কুলি | তুঃ কুলী |

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস |
|---|---|---|
| রান্‌ধোনি | পাচক,রাঁধুনি | সং রন্ধন > প্রাঃ রংধণ >বাং রাঁধন > রানধোন + ই |
| মালি | মালি | সং মালী (লিন্) |
| ছাত্র | ছাত্র | সং ছাত্র |
| ছাত্রী | ছাত্রী | সং ছাত্র + ঈ (স্ত্রী প্রঃ) |
| পুলিশ,পুলিস | পুলিশ | ইং Police |
| দারোগা | দারোগা | ফাঃ দারোগহ্ |
| কালিগর | কারিগর | ফাঃ কারীগর |
| বেকার | বেকার | ফাঃ বে + কার > বেকার |
| বেশ্যা | বেশ্যা | গ্রাঃ বেউশ্যা > বেশ্যা |
| ছিনার | বেশ্যা | সং ছিন্না > ছিনার |
| সদাগর | বণিক,সওদাগর | ফাঃ সওদাগর্ |
| গায়ক | গায়ক | সং গায়ক |
| নায়ক | অভিনেতা | সং নায়ক |
| নায়িকা | অভিনেত্রী | সং নায়িকা |
| মোড়ল | বিচারক | সং মন্ডলী (লিন্) > মন্ডল> মোড়ল |
| উকিল | উকিল | আঃ ওয়াকীল |
| গুনি | তান্ত্রিক | সং গুণিন্ |
| কসাই | কসাই | আঃ কস্সাব |
| ওশ্তাদ্ | শিক্ষক | ফাঃ উস্তাদ |

## ৫.১২. পোশাক পরিচ্ছদ নির্দেশক শব্দ

| | | |
|---|---|---|
| জামা | জামা | ফাঃ জামহ্ |
| প্যায়জামা,পাইজামা,পজামা | পায়জামা | ফাঃ পাজামহ্ |
| পিড়হান | যে কোন জামা | ফাঃ পীরাহন্ |
| লুঙ্গি | লুঙ্গি | বর্মি শব্দ |
| তহবন্/তহ্মুন্,তহমন্ | লুঙ্গি | ফাঃ তহ্বন্দ |
| তোইল্যা,তয়লা,তয়ল্যা,তাবালী | তোয়ালে | পোর্তুঃ Toalha |
| গামছা | গামছা | হিঃ গামছা |
| রুমাল | রুমাল | ফাঃ রূমাল |
| গাঞ্জি,গ্যান্জি,গ্যাঞ্জি | গেঞ্জি | ইং Guernsey (Frock) |
| বেল | বেল্ট | ইং Belt |
| চামটি | বেল্ট | হিঃ চমোটী |
| পেটি | বেল্ট | হিঃ পেটী |

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস |
|---|---|---|
| ধোতি,ধুত্তি,ধুতি | ধুতি | হিঃ ধোতী |
| চান্দর,চান্দোর | চাদর | ফাঃ চাদর |
| টোপি,টুপি | টুপি | হিঃ টোপী |
| জ্যাকিট,জ্যাকেট | কোট | ইং Jacket |
| জাহাঙ্গিয়া,জাঙিয়া,জাঙগিয়া | জাঙ্গিয়া | হিঃ জাঁঘিয়া |
| কলাট,কলার | কলার | ইং Collar |
| বুদাম্,বাটাম,বুতাম,বোদাম | বোতাম | পোর্তুঃ Botao |
| শাল | শাল | আঃ শাল |
| চাপ্পল,চাপ্পাল | চপ্পল | হিঃ চপ্পল |
| পেন,প্যান্ | প্যান্ট | ইং Pant |
| হাত্মুঞ্জা,হাতমুজা | হাতমোজা | সং হস্ত > হাত + ফাঃ মূযহ > মুজা |
| শাড়ুহি | শাড়ি | সং শাটী >প্রাঃ সাডী >শাড়ুহি |
| কাপোড় | কাপড়,শাড়ি | সং কর্পট > কপ্পড > কাপোড় |
| ঠেঁটি | শাড়ি | দেশিমূল |
| বেলাউজ্ | ব্লাউজ | ইং Blouse |
| সয়া,সেমেজ,সায়া | সায়া | ফরঃ Saia |
| বেসিয়ার,ভেসিয়ার | ব্রেসিয়ার | ইং Brassiere |
| ফিত্যা,ফিত্তা | ফিতা | পোর্তুঃ Fita |
| আঁচলা | আঁচল | সং অঞ্চল > আঁচলা |
| ঘোঘা | ঘোমটা | সং অবগুণ্ঠন |
| ছাতা,ছাতি | ছাতা | সং ছত্র >হিঃ ছাত্তা >ছাতা,ছাতি |
| ওন্হা,ওড়না | ওড়না | হিঃ ওঢ়না |
| ডেরেশ্ | ড্রেস,কাপড় | ইং Dress |

## ৫.১৩. প্রসাধন সামগ্রী

| | | |
|---|---|---|
| আয়না,আইনা | আয়না | ফাঃ আঈনা |
| আরসি | আয়না | সং আদর্শিকা >আঅরসিআ >আরসি |
| চিরনি,চিরোনি | চিরুনি | চির (= বিদীর্ণ করা,চেড়া,ফাড়া)+নি(প্রঃ) |
| কাঁখোই,কাংহাই | চিরুনি | সং কঙ্কতিকা > কাঁকোই >কাঁখোই |
| হার | মালা | সং হার[হৃ(হরণে)+অ] |
| বালা | বালা | সং বল্(বেস্টন করা)+অয়=বলয় >বালা |
| নথ | নথ | সং নট্ >নথ |
| রিঙ | কানের দুল | ইং Ring |

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস |
|---|---|---|
| মাথার ত্যাল | মাথার তেল | সং মস্তক >মাথা+র+সং তৈল >তেল >ত্যাল |
| পাউডার | পাউডার | ইং Powder |
| সুনো | স্নো | ইং Snow |
| কিরিম,ক্রিম | ক্রিম | ইং Cream |
| আলতা | আলতা | সং অলক্তক >প্রাঃ অলত্তঅ >বাং আলতা |
| সেন্দুর,সেঁদুর,সেনুর | সিঁদুর | সং সিন্দূর > সিঁদূর >সেন্দুর, সেঁদুর, সেনুর |
| চাশমা | চশমা | ফাঃ চশ্‌মহ্ > চশমা > চাশমা |
| চুলের ফিত্যা | চুলের ফিতা | সং চূড় > চুল + এর + পোর্তুঃ Fita |
| নোকপালিশ,নখপালিশ | নেলপালিশ | ফাঃ নাখুন >নখ >নোক+ইং-Polish |
| লিপিসটিক | লিপস্টিক | ইং Lipstick |
| খোপা,খোপ্‌পা | খোঁপা | সং ক্ষুপ > খোপা,খোপ্‌পা |
| চুলগাঁথা | বিনুনি | সং চূড় >চুল + সং গ্রন্থ >গাঁথা |
| রবাট | গাডার | ইং Rubber |
| বাটোয়া,বাটুয়া | পার্স | হিঃ বটুয়া |
| গহ্‌না | গয়না | হিঃ গহ্‌না |
| চুড়ি | চুড়ি | সং চূড়া |
| শাবুন্ | সাবান | পোর্তুঃ Sabao |

## ৫.১৪. কৃষিকর্ম বিষয়ক শব্দ

| | | |
|---|---|---|
| ফাল্ | ফলা | সং ফাল |
| নাঙল,লাঙ্গল | লাঙ্গল | সং লাঙ্গল |
| হাল | লাঙ্গল | সং √হল + অ |
| জুয়াল,জুঁয়াল | জোয়াল | সং যুগ > প্রাঃ যুঅ >বাঃ জুআল/জুয়াল |
| কোদাইল,কোইদোল | কোদাল | সং কুদ্দাল |
| মই | মই | সং মদি > মই |
| কুড়হোল,কুড়হাইল,কুহ্‌ড়োল কুড়োওল,কুড়হ্যাল, | কুড়াল,কুড়ুল | সং কুঠার > প্রাঃ কুঢার >কুড়াল |
| দাও | দা | সং দাত্র >দা > হিঃ দাব |
| ক্যাইচ্‌চ্যা,কাচিয়া | কাস্তে | দেশিমূল |
| হ্যাইশ্‌শ্যা | হাঁসুয়া | অজ্ঞাতমূল |
| খুড়পা,খুরপা | খুরপি | সং ক্ষুরপ্র > প্রাঃ খুরপ্প > বাং খুরপা |

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস |
|---|---|---|
| দাউলি | খুরপি | সং দাত্র >দাও + লী (ক্ষুদ্রার্থে) |
| খন্তা | শাবল | সং খনিত্র |
| শাব্বল,সব্বল,শাব্বাল | শাবল | সং শর্ব্বলা |
| মাথৈল,মাথিয়াল,মাথোইল | ঝাঁপি,মাথাল | সং মস্তক >মাথা + ইল >মাথৈল |
| টাকটার,টাকটর,টেক্টার | ট্রাক্টর | ইং Tractor |
| থোসার,থেসার | থ্রেসার | ইং Thresher |
| মিশিন্,ম্যাশিং,ম্যাসিন | মেশিন | ইং Machine |
| শ্যালো | শ্যালো | ইং Shallow |
| ফিল্টার | ফিলটার | ইং Filter |
| ডেরেন্ | ড্রেন | ইং Drain |
| লাল,নালা,নালি | ড্রেন | সং প্রণালী > হিঃ পয়নালা > নালা সং<br>সং নাল > নালা |
| ইশ্পেরে,এসপ্রে, | স্প্রে | ইং Spray |
| উরিয়া | ইউরিয়া | ইং Uria |
| পটাশ্ | পটাশ | ইং Potash |
| ফশ্ফেট্,ফশপেট | ফসফেট | ইং Phosphate |
| মিশালা সার | মিক্সচার সার | সং মিশ্রণ > প্রাঃ মীসালিঅ >বাঃ মীশাল/<br>মিশালা+ সং সার |
| টিওয়েল,টিওল,টিউয়েল | টিউবওয়েল | ইং Tube Well |
| ডিপ্টিকল্,ডিপ্কল্ | ডিপটিউবওয়েল | ইং Deep Tube Well |
| পহিল্যা চাষ | প্রথম চাষ | হিঃ পহিলা >পহিল্যা+সং চষ+অ >চাষ |
| উভ্র্যাহ | পুনরায় চাষ | সং উৎপাটন >উপড়া >উভর্যাহ |
| দোহোর,দহার | পুনরায় চাষ | হিঃ দোহ্রা |
| চষা মাটি | চাষ উপযোগী মাটি | সং চষ + আ > চষা + সং মৃত্তিকা >মাটি |
| বালিমাটি,বালু মাটি, | বেলে মাটি | সং বালুকা > বালি +মাটি |
| বালুয়া মাটি | বেলে মাটি | সং বালুকা >বালুয়া+মাটি |
| দোঁয়াশ মাটি | দোঁআশ মাটি | সং দ্বৌ >প্রাঃ দো >বাং দো+অংশ<br>>আঁশ= দোঁআশ, দোঁয়াশ+মাটি |
| শুক্কা,শুখায়া,শুক্খা মাটি | শুকনো মাটি | সং শুষ্ক >শুক্কা/শুক্ষা +মাটি |
| ভিজ্যামাটি,ভিজ্জামাটি | ভেজা মাটি | সং √ভিজ্জ >ভিজা >ভিজ্যা + মাটি |
| কাদো মাটি | কাদামাটি | সং কর্দ্দ,কর্দম >কাদা >কাদো +মাটি |
| প্লেন জমি | সমান জমি | ইং Plane +ফাঃ জমীন্ >জমি |
| শুমান ভুঁই | সমান জমি | সম+আ/√অন্+অ = সমান+সং ভূমি >ভুঁই |
| উচ্চা ভুঁই | উঁচু জমি | সং উচ্চ >উচ্চা+ভুঁই |
| আঁড়া জমি | উঁচু জমি | সং আলি >বাং আল,আড় >আড়া+জমি |

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস |
|---|---|---|
| আল | আইল | সং আলি >বাং আল |
| খুদা,খুড়া | জমি কোপানো | হিঃ খুদাই > খুদা (খননের কাজ) |
| ঘাস ঝুড়া | আগাছা পরিষ্কার করা | ঘস্ + অ = ঘাস + হিঃ ঝড়ুনা |
| লিড়ানি,নিড়ানি | জমি নিড়ানি | হিঃ নিড়ানা |
| গাড়া | রোপণ করা | হিঃ গাড়না |
| পিটা | মাড়াই করা | সং পিট্ > বাং পিটা |
| মাড়া | মাড়াই করা | সং মৃৎ > মাড়া |
| ঝাড়া | ঝাড়াই করা | সং ঝাট > ঝাটা >ঝাড়া |
| বাঁউ দেওয়া | পরিষ্কার করা | সং বায় বা বাত (বাতাস দেওয়া ) |
| বোনা, বুনা | বোনা | সং বপন > হিঃ বুন্না > বুনা |
| অ্যাইঘোর্ | শীঘ্র | সং শীঘ্র |
| গাজোল্ | অবিশ্রান্ত বৃষ্টি | অজ্ঞাতমূল |

## ৫.১৫. কৃষিজাত ফসল বিষয়ক শব্দ

| | | |
|---|---|---|
| ফশল,ফশোল | ফসল | আঃ ফসল |
| ধান | ধান | সং ধান্য > ধন্ন > ধান |
| গহম,গহাম | গম | সং গোধূম >প্রাঃ গোহূম >গহম,গহাম |
| পাট,পাটুয়া | পাট | সং পট্ট > পাট |
| শইর্শ্যা,শোরিশা | সরষে . | সং সর্ষপ |
| জোউ,জও | যব | সং যব |
| তিশি,তিশ্শি | তিসি | সং অতসী |
| আলু | আলু | দেশিমূল |
| বাগুন্ | বেগুন | সং বাতিগন > বাইগন |
| মুলাই,মুলা | মুলো | সং মূলক > প্রাঃ মূলঅ > মুলাই |
| পোল্লা,পরলা | পটল | সং পটোল |
| কোবি,কোপি | কপি | পোর্তুঃ Couve |
| ঝিঙ্যা,ঝিঙা | ঝিঙে | দেশিমূল |
| শশ্ | শশা | দেশিমূল |
| সজনা | সজনে . | সং শোভঞ্জন > সজিনা >সজনা |
| শুক্কা মরিচ,শুক্খা মরিচ | শুকনা লঙ্কা | সং শুষ্ক > শুক্কা/শুক্খা + সং মরীচ |
| কাচ্চা মরিচ | কাঁচা লঙ্কা | হিঃ কচ্চা >কাচ্চা + সং মরীচ |
| গাছ মরিচ | কাঁচা লঙ্কা | সং গচ্ছ >প্রাঃ গাছ >বাং গাছ+সং মরীচ |
| খিরা | শশা | দেশিমূল |
| ছিচিন্দা,ছুচুন্দা | চিচিঙ্গা | সং চিচিন্ড |

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস |
|---|---|---|
| পিপিয়া,পিপাহা | পেঁপে | পোর্তুঃ Papaia |
| কুম্‌ড়্যা,কুম্‌ড়াহা | কুমড়ো | সং কুষ্মাণ্ড > কুমহণ্ড > কুমড়্যা |
| কইদ্‌ম্যা,কদিমা | মিষ্টি কুমড়ো | সং কদম্ব |
| শিম | শিম | সং শিম্ব |
| ছুটটি | সজনে ডাটা | অজ্ঞাতমূল |
| মোরিচ | মরিচ | সং মরীচ |
| কাঁক্‌রোল | কাঁকরোল | সং কর্কোটক |
| কৈল্‌ল্যা,কার্‌লা | করলা, উচ্ছে | সং কারবেল্ল |
| ওশুন্‌,রোশুন | রসুন | সং রশুন |
| মাকাই,মাকই | ভুট্টা | হিঃ মকঈ |
| কালাই | কলাই | সং কলায় |
| কোধু,কোদ্‌দু | কদ্‌দু,লাউ | ফাঃ কদ্দু |
| রামপোল্‌লা | ঢ্যাড়শ | রাম (বৃহৎ অর্থে)+পটল >পোল্‌লা |
| রামপটল | ঢ্যাড়শ | রাম (বৃহৎ অর্থে) + সং পটোল |
| ভিন্ডি | ঢ্যাড়শ | সং ভিন্ডকা >হিং ভিন্ডি |
| পেজ,পিয়াজ | পেঁয়াজ | হিঃ প্যাঁজ |
| তিল | তিল | সং √তিল + অ |
| বুট | ছোলা | হিঃ বুঁট |
| বাদাম,বোদাম | ছোলা | ফাঃ ছোলা |
| ধুম্মা | সবজি বিশেষ | সং ধুম্মা |
| তোরাই | সবজি বিশেষ | সং তোরাই |
| আদা | আদা | সং আর্দ্রক > প্রাঃ অদ্দঅ,আদ্দা >আদা |
| মিট্‌ঠা আলু | মিষ্টি আলু | সং মিষ্ট >মিঠা >মিট্‌ঠা +তুঃ/ফাঃ আলূ |
| সগরকন্দ,স্যাকারগুঞ্জ | মিষ্টি আলু | ফাঃ শক্করকন্দ |
| ক্যাশোর | কেশর আলু | সং কশেরু > কেশুর >ক্যাশোর |
| পিয়াজ লোল | পেঁয়াজ কলি | ফাঃ পিয়ায্‌ >পিয়াজ+হিঃ নল্‌ >লোল |
| ল্যাল | পেঁয়াজ কলি | হিঃ নল্‌ > লোল >ল্যাল |
| টামাটুর,টামাটুল | টমেটো | ইং Tomato |
| বিলাতি বেগুন | টমেটো | আঃ বিলায়ত্‌>বিলাত + ই + সং বাতিগন |
| ফুলকোবি | ফুলকপি | সং ফুল্ল > প্রাঃ ফুল+পোর্তুঃ Couve |
| পাতকোবি,পাতকপি,পাতাকপি | বাঁধাকপি | সং পত্র পাতা/পাত+পোর্তুঃ Couve |
| ওলকোবি | ওলকপি | সং ওল্ল > ওল+পোর্তুঃ Couve |
| মুশ্‌রি | মুসুর | সং মসূর |
| মুঙাইর,মুঙ্‌গ | মুগ | সং মুদ্গ >প্রাঃ মুগ্‌গ >মুগ্‌ >মুঙগ/মুঙাইর |

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস |
|---|---|---|
| মটর,মটোর,মোটর | মটর | হিঃ মটর |
| অড়োল,অড়ুহোল | অড়হর | সং আঢ়কী >অড়হর >অড়োল/অড়ুহোল |
| রহড় | অড়হর | সং আঢ়কী > অড়হর > রহড় |
| খৈইল,খৈল | খোল | প্রাঃ খলী > খৈল/খৈইল |
| পোস্ত | পোস্ত | ফাঃ পোস্ত্ |

## ৫.১৬. জীবজন্তুর নাম

| | | |
|---|---|---|
| গোরু | গোরু | সং গোরূপ > প্রাঃ গোরূব > গোরু |
| বল্ | বলদ | সং বলীবর্দ্দ |
| বক্কন,বাক্কন | বাছি,মেয়ে গোরু | সং বস্কয়নী > বক্কয়নী > বক্কন |
| আড়িয়া,আঁইড়্যা,এ্যাইড়া | ষাঁড় | সং অন্ড > প্রাঃ অংড > আড়িয়া,আঁইড়্যা, এ্যাইড়া |
| দাম্ড়া | এঁড়ে বাছুর | সং দ্রম্য >দাম + ড়া = দামড়া |
| লেরু | বাছুর | হিঃ লেরুয়া,লেরূ |
| গ্যাই,গাই,গায় | গাভি | সং গাভী > প্রাঃ গাঈ > গ্যাই,গাই,গায় |
| বোঁকা | পাঁঠা | হিঃ বোক |
| বোক্রি | ছাগোল | হিঃ বক্‌রী |
| ভুঁইশ্,ভোঁইশ্ | মহিষ | হিঃ ভৈঁস |
| কুত্তা | কুকুর | হিঃ কুত্তা |
| বিল্যাই,বিলাই | বিড়াল | সং বিলালী |
| বিল্লি | বিড়াল | হিঃ বিল্লী |
| এন্দুর,ইনুর,ইঁদুর | ইঁদুর | সং ইন্দুর |
| চুহা | ইঁদুর | হিঃ চুহা |
| শিয়াল্ | শিয়াল | সং শৃগাল |
| গিধোর,গিধর | শিয়াল | হিঃ গীদড় |
| খ্যাঁক্শিয়াল | খ্যাঁকশিয়াল | দেশিমূল |
| ভাল্লুক | ভালুক | সং ভল্লুক |
| খর্গোশ,খারগোশ্ | খরগোশ | সং খরগোস |
| ঘঁড়া,ঘোঁড়া,ঘোড়া | ঘোড়া | সং ঘোটক > প্রাঃ ঘোড়অ > ঘোড়া |
| কাচ্ছুয়া | কচ্ছপ | হিঃ কছুআ |
| কাছিম | কচ্ছপ | সং কচ্ছপ > প্রাঃ কচ্ছব > কাছিম |
| ভ্যাড়া,ভ্যাঁড়া | ভেড়া | সং ভেড়ক |
| ভেঁড়ি | ভেঁড়ি | সং ভেড়ক +ঈ (স্ত্রী প্রঃ) |
| জানুয়ার | পশু | ফাঃ জান্ওয়ার |

## ৫.১৭. পাখির নাম

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস |
|---|---|---|
| ক্যাইয়্যা,কাউয়া | কাক | হিঃ কৌয়া |
| চামচিক্ক্যা | বাদুর | সং চর্মচটিকা |
| বতোক্ | হাঁস | ফাঃ বত্তক |
| মুর্গা,মুগ্রা | মোরগ | ফাঃ মুর্গ |
| মুরগি,মুগ্রি | মুরগি | ফাঃ মুর্গ + ই |
| পোল্টি মুরগি | পোলট্রি মুরগি | ইং Poultry +ফাঃ মুর্গ > মুরগি |
| প্যাচা | পেঁচা | সং পেচক |
| ঘুগ্গু,ঘুগু | ঘুঘু | সং ঘুঘুকৃৎ |
| শারগ্ | শালিক | সং শারিকা |
| বাগ্রা | শালিক জাতীয় | অজ্ঞাতমূল |
| ফেচ্চু,ফিংগ্যা | ফিঙ্গে | সং ফিঙ্গক |
| শাতভ্যাইয়্যা | শালিক জাতীয় | অজ্ঞাতমূল |
| কবিতোর,কৈতোর | পায়রা | ফাঃ কবুতর |
| গিধ্নি | শকুন | সং গৃধ্র |
| বোগ্লা | বক | সং বক |
| ধাড়কাইয়্যা,ধাড়কাওয়া | দাঁড়কাক | সং দ্রোণ > দাঁড় > ধাড়+হিঃ কৌয়া > কাইয়্যা,কাওয়া |
| দাঁড়কাগ | দাঁড়কাক | সং দ্রোণ > দাঁড়+হিঃ কৌয়া > কাগ |
| কোঁকিল,কোকিল | কোকিল | সং কোকিল;তুলনীয় তাঃ কুয়িল্ মাঃ কোকীল |
| কাট্ঠোকরা | কাঠঠোকরা | সং কাষ্ঠ > কাঠ > কাট+হিঃ √ঠুক্রা |
| চিল্হা,চিল্ | চিল | সং চিল্ল |
| চটাই,চঠাই | চড়ুই | হিঃ চটক > চটাই,চঠাই |
| টিয়্যা,টিয়া | টিয়া | অজ্ঞাতমূল |
| টুনটুনি | টুনটুনি | সং টুন্টুক্ |
| ডাহুক | ডাহুক | সং দাত্যূহ |
| বায়োই,বাবুই | বাবুই | দেশিমূল (ওড়িঃ বাআ ) |
| বাগ্দুর,বাদুর | বাদুড় | সং বাতুল |
| বুলবুলি,বুলবুল | বুলবুল | আঃ বুল্বুল্ |
| মইন্যা,মাইনা | ময়না | সং মদনসারিকা > প্রাঃ ময়ণা > হিঃ মৈনা |
| মাছুয়াল পাখি,মাছরাঙ্গা | মাছরাঙা | সং মৎস্যরঙ্ক |
| হাঁস | হাঁস | সং হংস |

## ৫.১৮. কীট পতঙ্গের নাম

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস |
|---|---|---|
| পকা,পোকা | পোকা | সং পুলক |
| পুক | ছোট পোকা | সং পুলক |
| মশা | মশা | সং মশক > প্রাঃ মসঅ > মশা |
| মাচ্ছি | মাছি | সং মক্ষিকা > প্রাঃ মচ্ছিআ > মাচ্ছি |
| বোল্‌লা,বোলল্যা | মৌমাছি | সং বরলা > বোল্‌ল্যা |
| ডাঁশ্ বোল্‌ল্যা,বোল্‌লা | বোলতা | সং দংশ > ডাঁশ + বোলল্যা |
| তশর্ | প্রজাপতি | সং ত্রসর > তসর > তশর |
| পিপড়্যা | পিঁপড়ে | সং পিপীলিকা |
| ড্যাহিয়্যা | পিঁপড়ের মত | সং ডাকিনী > ডাহিন > ড্যাহিয়্যা |
| লাল পিপ্‌ড়্যা | পিঁপড়ের মত | ফাঃ লাল + পিপড়্যা |
| বিশ পিপড়্যা | পিঁপড়ের মত | সং বিষ + পিপড়্যা |
| বিচ্ছ্যা,বিছা | বিছে | সং বৃশ্চিক |
| ভুয়াঁ,ভুঁয়া | শূক কীট | সং শুঙ্গ > শুঁয়া > ভূঁয়া |
| রুইপোকা,রুই | উইপোকা | সং উপদীকা > উই > রুই |
| মাকুড়শা,মাকড়ুশা | মাকড়সা | সং মর্কটশাব |
| ত্যাল্‌কাট্‌টা,ত্যালচাট্‌টা | আরশোলা | সং তৈল > ত্যাল + চাটা |
| শুঝলি | উকুনের বিভাগ | সং সূচী > শুঝ + লি (প্রঃ) |
| উকুন | উকুনের বিভাগ | সং উৎকুন > প্রাঃ উক্কুন > উকুন |
| লিখি | উকুনের বিভাগ | সং লিক্ষা |
| ঢ্যালা | উকুনের বিভাগ | অজ্ঞাতমূল |
| জিট্‌ঠি,গিরগিটি | টিক্‌টিকি | সং জ্যেষ্ঠী |
| চিঁঅড়ু | তেঁতুলবিছে | অজ্ঞাতমূল |
| আশরাল,আরশোলা,ওশরাল | আরশোলা | সং অস্র (কোণ)-পদা;ওড়িঃ অসর্‌পা >আরশোলা > আশরাল,ওশরাল |
| ফোড়িং | ফড়িং | সং পতঙ্গ > পালি পটঙ্গ |
| গঙ্গা ফড়িং | গঙ্গা ফড়িং | গঙ্গা (অজ্ঞাতমূল) +পতঙ্গ >পালি পটঙ্গ |
| ফটিং পোকা | গঙ্গা ফড়িং | সং পতঙ্গ > পটিঙ্ > ফটিং + পোকা |
| উছরোঙ্গা | গঙ্গা ফড়িং | অজ্ঞাতমূল |
| উরোশ,উড়োশ | ছারপোকা | হিঃ উড়শ্ |
| জোনাহ্‌কি,জোনাকি | জোনাকি | সং জ্যোৎস্না > প্রাঃ জোণ্‌হা > জোনা + কি |
| ড্যাঁশ | ড্যাঁশ | সং দংশ > প্রাঃ ডংস > ডাঁশ |

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস |
|---|---|---|
| পোজাপতি,পোরজাপতি, | প্রজাপতি | সং প্রজাপতি[প্রজা(প্র-জন্+অ(র্তৃ)+ আ (যে পুনরায় জন্মে) +পতি(পুনরায় জন্মিয়াই যে পক্ষ দ্বারা গমন করে)] |
| ভুন্নি | ফড়িং | হিঃ ভুন্‌গা |
| ভোল্লা | বোলতা | সং বরলা > বোল্‌লা >ভোল্লা |
| ভোমরুল,ভোমরা | ভীমরুল | সং ভৃঙ্গরোল |
| মথ,মদ | মথ | অজ্ঞাতমূল |
| মাক্‌খি | মাছি | সং মক্ষিকা |
| লোহু চুশা | গিরগিটি | হিঃ লহু + চুশকা (যে চুষতে পারে) |

## ৫.১৯. মাছের নাম

| | | |
|---|---|---|
| রুহি | রুই | সং রোহিত |
| কাতল্‌,কাত্‌লা | কাতল | সং কাতর > কাতল,কাত্‌লা |
| অ্যাইখোড়,রাইখোড়, রেখড়ি,র‍্যাখোড়ি | রেখড়/রাইখড় | সং এরঙ্গ |
| মাগুর,মাঙুর,মাঙ্গুর,মাগুড় | মাগুর | সং মদগুর |
| চান্‌দা,চানা | চাদা | সং চন্দ্রক |
| পুঁঠি | পুটি | সং প্রোষ্ঠী |
| চ্যাঙ্ | চেং | সং চলদঙ্গ |
| ময়াঁ,মায়া | মঞা | অজ্ঞাতমূল |
| ট্যাঙরা,টেংরা | ট্যাংরা | সং ত্রিকন্টক |
| কাঁটাপাতাশি,কাঁটাবাতাশি | বাঁশপাতা,পাতাশি | সং কন্টক +পাত + শি |
| পাব্‌দা | পাবদা | সং পর্ব্বত > পব্বত > পাবদা |
| মির্‌কে,মিরকা,মিরক্যা, মিরক্যা,মিড়কা | মিরকে | সং মৃগেল |
| শোইল্‌,শোল | শোল | সং শকুল > প্রাঃ সউল > শোল |
| গজাড়ু,গজ্যাড় | শাল | সং গর্জ্জক |
| শিঙি,শিঙ্‌হি | শিঙ্গি | সং শৃঙ্গী |
| ভ্যাদা | ভেটকিমাছ | অজ্ঞাতমূল |
| জাল্‌মাছ | চিংড়ি | অজ্ঞাতমূল |
| গোটির্‌মাছ,গোটি | ল্যাটামাছ | অজ্ঞাতমূল |
| কোই | কই | সং কবয়ী |
| হিল্‌শ্যা,হিলস্যা | ইলিশ | সং ঈলীশ |
| গুচি | গোচি,পাকাল | সং গবাচী |

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস |
|---|---|---|
| জিওল | শিঙ্গি,মাগুর ইত্যাদি | সং জিবল ( = সহজে মরে না ) |
| কানজ | শিঙ্গি | অজ্ঞাতমূল |
| বোইল,বুয়াল,বোয়াইল | বোয়াল | সং বোদাল |
| অ্যাইড় | আড়মাছ | সং আটি >প্রাঃ আড়ি >আড় |
| চিতল ,চিথল | চিতল | সং চিত্রফল >হিঃ চীতল >চিতল |
| কালবাবুস,কালবোঁস | কালবাউস | অজ্ঞাতমূল |
| কাঁকড়া | কাঁকড়া | সং কর্কট > প্রাঃ কক্কড >কাঁকড়া |
| অ্যামরিকান রুই | আমেরিকান | ইং American + রুই |
| গিল্যাশ্ কাপ্,গিলাস কাপ | গ্রাস কার্প | ইং Grass Carp |
| শিলভার্ কাপ্ | শিলভার কার্প | ইং Silver Carp |

## ৫.২০. ফুল সম্বন্ধীয় শব্দ

| | | |
|---|---|---|
| ফুল | ফুল | সং ফুল্ল > প্রাঃ ফুল > বাং ফুল |
| নীলকণ্ঠ | অপরাজিতা | ফাঃ নীল্ + সং কণ্ঠ |
| নীলফুল | অপরাজিতা | ফাঃ নীল্ + ফুল |
| কদম | কদম্ব,কদম | সং কদম্ব |
| কল্গি,কোল্গি | করবী | হিঃ কল্গা |
| করবী,করোবি | করবী | সং করবীর |
| গ্যান্দা,গ্যাঁদা,গ্যানা | গাঁদা | সং গেন্দুক >হিঃ গেঁদা >গ্যাঁদা ,গ্যান্দা, গ্যানা |
| গোলাপ,গোলাব,গলাপ | গোলাপ | ফাঃ গুলাব |
| চাপা | চাঁপা | সং চম্পক >প্রাঃ চম্পঅ >চাঁপা >চাপা |
| চন্দমলিক্যা,চন্দ্রমল্লিকা | চন্দ্রমল্লিকা | সং চন্দ্র + সং মল্লিকা |
| জবা | জবা | সং জপা |
| জুই | জুঁই | সং যূথী > প্রাঃ জুহী >জুঁই >জুই |
| টগর,টগ্গর | টগর | সং তগর |
| ড্যালিয়া,ডালিয়া | ডালিয়া | ইং Dahlia (সুইডিশ উদ্ভিদ বিজ্ঞানী Dahl-এর নামানুসারে এইরূপ নামকরণ) |
| দুপাটি | দোপাটি | সং দ্বিপুটী |
| শঙ্খ ডাঁঠা | দোপাটি | সং শঙ্খ+সং দন্ড >হিঃ ডাঁঠ >ডাঁঠা |
| ধোতুরা,ধাতুরা | ধুতুরা | সং ধুস্তু (স্তূ) র়> প্রাঃ ধত্তু (ত্তূ)র় >ধুতুরা >ধোতুরা/ধাতুরা |
| পদ্দ,পোদ্দ | পদ্ম | সং পদ্ম > বাঃ পদ্দ/পোদ্দ |

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস |
|---|---|---|
| পলাশ,পোলাশ | পলাশ | সং পলাশ |
| বকুল,বোকুল | বকুল | সং বকুল |
| ভ্যাটের ফুল | শালুক ফুল | সং ঘন্টক > ঘন্টা > ঘাঁট > ভাঁট >ভ্যাট + এর +সং ফুল্ল > প্রাঃ ফুল |
| শেফালি | শিউলি | সং শেফালী |
| সুর্জমুখি,সুজ্জমুখি | সূর্যমুখী | সং সূর্য্য >সুর্জ/সুজ্জ+সং মুখ+ঈ (ক্ষুদ্রার্থে) >মুখী |
| ভ্যাটের ফুল | একধরনের জংলী ফুল, ঘেঁটু ফুল | সং ভান্ডীর |
| আকুন্দ | আকন্দ | সং অর্ক + মন্দার (শব্দ দ্বয়ের মিশ্রণে) = আকন্দ |
| বেলিফুল | বেলফুল | হিঃ বেলি + ফুল |
| পাত্তা | পাতা | সং পত্র |
| বোঁটা,বোটা,বঠা,বোঠা | বোঁটা | সং বোন্ট > বোঁটা > বোঠা |
| মোল,মৌল | মুকুল | সং মুকুল |
| গ্যাঁজ | অঙ্কুর | তুঃ গোংজী >গোঁজ >গ্যাঁজ |
| ডান্ঠি | বোঁটা | সং দন্ড > হিঃ ডাঁঠ >ডান্টি |

### ৫.২১. ফল সম্বন্ধীয় শব্দ

| | | |
|---|---|---|
| আঙুর,আঙ্গুর | আঙুর | ফাঃ আঙ্গুর |
| আতা,আঁতা | আতা | পোর্তুঃ Ata |
| আনার | ডালিম,বেদানা | ফাঃ আনার |
| আনারশ্,আনারোশ্ | আনারস | পোর্তুঃ Ananas |
| আপেল,আফেল | আপেল | ইং Apple |
| শেব | আপেল | হিঃ শেব |
| আম | আম | সং আম্র > প্রাঃ অম্ব > আম |
| আমড়া | আমড়া | সং আম্রাতক |
| আমতা | আমসত্ত্ব | সং আম্রাতক |
| আমচুনা | আমচুর | সং আম্র + চূর্ণ |
| আম্লি | তেঁতুল | সং অম্ল+ই >হিঃ ইম্লি >বাং আম্লি |
| কদ্ব্যাল,কাটব্যাল,কদ্ব্যাইল | কতবেল | সং কপিত্থ > কয়েথ > কদ +ব্যাল |
| কমলালেবু,কমলানেমু,নেবু | কমল্যালেবু | সং কাম্পিল্ল >প্রাঃ কঁঅলা >কমলা+লেবু >নেমু |
| কাঁহাটাল,কাঠোল,কাট্ঠেল | কাঁঠাল | সং কন্টকফল |

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস |
|---|---|---|
| ক্যালা,কেলা | কলা | সং কদলক |
| কাজুবাদাম,কাজুবোদম | কাজুবাদাম | দেশিমূল |
| কিসমিস,খিসমিস | কিসমিস | ফাঃ কিশ্‌মিশ্‌ |
| কাচ্চা | অপক্ক | হিঃ কচ্চা |
| খাজুর,খেজুর | খেজুর | সং খর্জ্জুর > খাজুর |
| খিরা | শশা | হিঃ খিরা |
| গুদ্দা | শাঁস (ফলের) | হিঃ গুদা |
| চোকা,ছোকা | খোসা (ফলের) | সং চোলক > চোকল (বিপর্যাস)+আ (অনাদরে) >চোকা, ছোকা |
| ছিল্‌কা | খোসা(ফলের) | হিঃ ছিল্‌কা |
| জাম,জাবুন | জাম | সং জম্বু |
| জলপাই,জালপাই | জলপাই | সং জম্বুপাদপ |
| ডালিম | ডালিম | সং দাড়িম্ব |
| ডাব | ডাব | দেশিমূল |
| তরমুজ,তোরমুঞ্জ,তরবুজ,তারমুজ | তরমুজ | ফাঃ তরমুজ |
| তাল | তাল | সং তাল |
| তেতুল,ত্যাতোল,ত্যাঁতল | তেঁতুল | দেশিমূল |
| নেমু;নেম্বু,লেবু | লেবু | সং নিম্বু |
| শুফ্‌রিআম,শুপরিআম,সাপরিআম | পেয়ারা | আঃ সফর +ই (প্রঃ) > শুফরি +আম |
| শুফারি,সুপারি | সুপুরি | আঃ সফর + ই (প্রঃ) |
| বোর,বইর | কুল | সং বদরী > প্রাঃ বোরী > বোর,বইর |
| বাঙি,বাঙ্গি | বাঙি,ফুটি | অজ্ঞাতমূল |
| বিচ্চি | বীজ | সং বীজ |
| বাতামি নেমু | বাতাবি লেবু | Batavia থেকে আনা হয়েছে যে নেমু (লেবু) |
| বেদানা | বেদানা | ফাঃ বে + দানহ্‌ |
| ব্যাল্‌ | বেল | সং বিল্ব |
| নারকেল,নারিকেল,লারকোল, নারিকেল,ন্যারকোল | নারকেল | সং নারিকেল |
| মৌসমী,মৌসমি,মোসমি | মৌসুমি | ফাঃ মৌসিম+ই |
| লেচু,নেচু,লিচু | লিচু | চীনা শব্দ (আগন্তুক) |
| পিপাইহা,পেপে,পিপাহা পিপিয়্যা,পাঁপিয়্যা,পিঁপিয়া | পেঁপে | পোর্তুঃ Papaia |
| পাক্কা | পাকা | সং পক্ক |
| ভ্যাদ্‌ভ্যাদা,ভ্যাদভ্যাদিয়া | অতিরিক্ত পাকা | অজ্ঞাতমূল |

## ৫.২২. রান্না ও গৃহকর্মাদির উপকরণ

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস |
|---|---|---|
| আখা | উনুন | সং উখা |
| উশ্‌কাঠি | উনুনের লাঠি | সং উষ্ণ + সং কাষ্ঠিকা |
| কচ্চুন,কোচ্চুন | তরকারির চামচ | হিঃ করছুল |
| কড়াই,কাড়াই,কাড়হাই | কড়াই | হিঃ কড়াহী > কড়াই |
| কাপ | কাপ | ইং Cup |
| কুলা | কুলো | দেশিমূল |
| কেট্‌লি | কেটলি | ইং Kettle |
| খুন্তি | খুন্তি | সং খনিত্র >খুন্তি |
| খুরি,খোরা | বাটি | ফাঃ আবখোরহ্‌ >হিঃ খোরা >খুরি |
| খোলা | তাওয়া | সং খোলক |
| গড় | ঢেঁকির খোল | সং গর্ত্ত > প্রাঃ গড্ড > বাং গড় |
| গাম্‌লা,ঘামলা | গামলা | পোর্তুঃ Gamela |
| গিল্যাশ্‌,গিলাশ,গেলাশ | গ্লাস | ইং Glass |
| চামুচ,চাম্‌চা | চামচ | ফাঃ চম্‌চা >চাম্‌চা >চামুচ্‌ |
| ছ্যাচ্‌কি | খুন্তি | অজ্ঞাতমূল |
| ছল্লি | খুন্তি | হিঃ সালন >ছাল্‌ন্যা >ছল্লি |
| ছাক্‌না,ছাঁক্‌নি | ছাক্‌নি | সং শাতন >হিঃ সান্‌না >বাং ছাঁক্‌না,ছাঁকনি |
| জাতি | জাঁতি(সুপারি কাটার যন্ত্র) | সং যন্ত্র >প্রাঃ জংত >জাঁত+ই |
| ঠিলি | ছোটো কলসি | হিঃ ঠিল্‌য়া |
| ডাগ্‌রা | গামলা,বড় গামলা | অজ্ঞাতমূল |
| ডাব্বু | বড় হাতা | হিঃ ডব্বূ |
| ডোই | কাঠের চামচ | হিঃ ডোঈ |
| ডোল্‌ | বালতি | হিঃ ডোলচী |
| ঢাকুন্‌ | ঢাকনা | হিঃ ঢক্‌না |
| ত্যাই,তাবা | তাওয়া | ফাঃ তাব |
| থালি | থালা | সং স্থালি > থালি |
| ধামা | ধামা | সং ধামক |
| পেলেট | পেয়াল | পোর্তুঃ Pires |
| বধ্‌না | বদনা | সং বর্ধনী |
| বাটি | বাটি | হিঃ বট্‌রী |
| বাশুন্‌ | বাসন | পোর্তুঃ Bacis |

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস |
|---|---|---|
| ব্যাল্‌চা | বেলচা | হিঃ বেল্‌চা |
| বোতুল | বোতল | পোর্তুঃ Botelha |
| বৈশ্‌ন্যা | হাঁড়ি রাখার জায়গা | সং বস্‌ + অন + ইয়া |
| মালাই,মালোই | নারকেলের মালা (কোন কিছু রাখার পাত্র) | সং মল্লঃ >মালা > মালাই |
| মোট্‌কি,মাট্‌কি | মাটির বড় হাড়ি | সং মৃত্তিকা >প্রাঃ মট্টিআ >বাঃ মাটি >মাট >মাটকি,মোটকি |
| লাব্‌নি,লাবনা | মাটির কলসি | অজ্ঞাতমূল |
| লোটা | ঘটি | হিঃ লোটা |
| লোহিয়্যা | কড়াই | সং লৌহ + ইয়া (প্রঃ) |
| শান্‌কি | মাটির গামলা | আঃ সহনক + ই (ক্ষুদ্রার্থে) |
| সাঁড়াশি | সাঁড়াশি | সং সন্দংশ >প্রাঃ সংডাস >বাং সাঁড়াশি |
| হাতা,হাত্তা | হাতা | সং হস্ত > হাত + আ (প্রঃ) |
| হ্যাশাল্‌ঘর | রান্নাঘর | সং হন্ডি > হাঁড়ি + শালা + ঘর |
| কাচের বাশুন | কাচের বাসন | সং কাচ +এর > কাচের + বাশুন্‌ |
| কাঁসার বাশুন | কাঁসার বাসন | সং কাংস্য > প্রাঃ কংস > বাঃ কাঁসা + এর + বাশুন |
| পিতোলের বাশুন | পিতলের বাসন | সং পিত্তল > পীতল > পিতোল +এর + বাশুন |
| ইশ্‌টিলের বাশুন | স্টিলের বাসন | ইং Steel >স্টিল >ইশ্‌টিল+এর+বাশুন |
| চিনিমাটির,চীনামাটির বাশুন | চীনামাটির বাসন | চীন+আ > চীনা +সং মৃত্তিকা > প্রাঃ মট্টিআ >বাঃ মাটি + র + বাশুন |
| নুনদানি | লবণ রাখার পাত্র | সং লবন > প্রাঃ লোন > বাং নুন+দানি |
| বোয়োম | বয়েম | পোঃ Boiao |

## ৫.২৩. খাদ্য বিষয়ক শব্দ

| | | |
|---|---|---|
| ভাত | ভাত | সং ভক্ত > প্রা ভত্ত > ভাত |
| ড্যাইল্‌,ডাইল,ড্যাল, দাল,দাইল | ডাল | সং দালি > দাইল >ড্যাইল |
| শাগ্‌ | শাক | সং শাক |
| গোশ্‌ | মাংস | ফাঃ গোশ্‌ত |
| ঘি | ঘি | সং ঘৃত > ঘি |
| দহি,দই | দই | হিঃ দহি |
| দুদ্‌ | দুধ | সং দুগ্ধ > দুধ্‌ধ > দুধ > দুদ |

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস |
|---|---|---|
| মাচ্ | মাছ | সং মৎস > মাছ > মাচ |
| লাড়ু,লাড্ডু | নাড়ু | সং লড্ডু > লাড়ু ,লাড্ডু |
| উটি,রুটি | রুটি | হিঃ রোটি > রুটি > উটি |
| চিত্যাই | চালের আটার রুটি | দেশিমূল |
| আন্ধার্শা | পুয়া | হিঃ অন্দরসা |
| পুয়া | পুয়া | সং পূপ > পোয়া > পুয়া |
| পিঠ্যা,পিট্ঠ্যা | পিঠা,পিঠে | সং পিষ্টক >প্রাঃ পিট্ঠক >পিটঠ্যা,পিঠ্যা |
| পুরি | পুরি,লুচি | হিঃ পূরী |
| ড্যাইলপুরি,দালপুরি | ডালপুরি | সং দালি > ড্যাইল + পুরি |
| অ্যাঁইখ্যার্ | ক্ষীর জাতীয় | অজ্ঞাতমূল |
| চিড়্যা,চিড়া | চিড়া | সং চিপিটক >চিবিডিঅ >চিড়া ,চিড়্যা |
| উখ্ড়া,অখরা | মুড়কি | হিঃ উখড়া |
| জোশ্ | ঝোল | সং জোষ |
| ঝোল | ঝোল | হিঃ ঝোর >ঝোল |
| শালুন্ | তরকারি | হিঃ সালন |
| শাবু | সাগু | পোর্তুঃ Sagu |
| খানাপিনা | খাওয়া দাওয়া | ফাঃ খানা + হিঃ পিনা |
| দানাপানি | খাদ্যশস্য | ফাঃ দানা + হিঃ পানি (< সং পানীয়) |
| লাহাড়ি পানি | সকালের খাবার | ফাঃ নহার + ই = লাহাড়ি + হিঃ পানি |
| তরকারি,তারকারি | তরকারি | ফাঃ তরহ্ |
| সানা | সিদ্ধ | হিঃ সান্না |
| ভারতা | আলু সিদ্ধ | হিঃ ভর্তা |
| ভাজি,ভাঁজি | আলু ভাজা | হিঃ ভাজী |
| চচ্চটি | চচ্চড়ি | সং সৃ >সর >সড়+সড়+ই >সড়সড়ি >চচ্চড়ি >চচ্চটি |
| মাংস | মাংস | সং মাংস |
| খিচ্রি,খিচ্ড়ি | খিচুড়ি | সং কৃসর >প্রাঃ কিসর >কিছর > খিচর খিচরি,খিচ্ড়ি |
| চা | চা | চীনা শব্দ (বিদেশী আগন্তুক শব্দ) |
| র চা | লাল চা | ইং Raw (অমিশ্রিত) + চীনা চা |
| দুধ চা | দুধ চা | দুধ+চা |
| খির | ক্ষীর | সং ক্ষীর > প্রাঃ খীর >খির |
| খিস্যা | ক্ষীর | খির+সা >খিরসা >খিস্যা |
| খির | পায়েস | সং ক্ষীর >প্রাঃ খীর >খির |
| ছ্যানা,ছানা | ছানা | হিঃ ছেনা >ছানা,ছ্যানা |

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস |
|---|---|---|
| মাখন | মাখন | সং ম্রক্ষণ > হিঃ মক্‌খন্ >মাখন |
| ভুজা,ভাজা | মুড়ি | হিঃ ভুজিয়া |
| ভাজার লাড়ু | মুড়ির মোয়া | হিঃ ভুজিয়া + র + লাড়ু |
| লুচি,নুচি | লুচি | সং লোচিকা > লুচি >নুচি |
| পারাঠা,পরোটা,পরঠা | পরোটা | সং পুরোডাশ > হিঃ পরাঠা >পারাঠা, পরোটা |
| ছ্যাঁচড়া | পাঁচমিশেলি তরকারি | সং ছিত্বর >হিঃ ছিছোড় >ছ্যাঁচড়া |
| বাল্লি | বার্লি | ইং Barley |
| আটা | রুটি | হিঃ আটা |
| দহি চিড়্যা | দই চিড়ে | হিঃ দহি + চিড়্যা |
| শরবৎ,শোরবৎ | শরবৎ | আঃ শর্‌বত |
| ঘুন্নি,ঘুমনি | ঘুগনি | বর্মী শব্দ (বিদেশী আগন্তুক) |
| বড়া | বড়া | হিঃ বড়া |
| পিঁয়্যাজি | পেঁয়াজ বড়া | ফাঃ পিয়াজ্ > পিঁয়াজ+ই(জাত অর্থে) |
| পাউরোটি,পাউরুটি | পাউরুটি | পোর্তুঃ Pao + হিঃ রোটি > রুটি |
| মধু,মহূ | মধু | সং মধু |
| কফি | কফি | ইং Coffee |
| বাসাতা,বাতাসা | বাতাসা | ফাঃ বাতাশা >বাসাতা |
| ছালি | দুধের সর | সং ছল্লী >ছালি |
| সিন্নী | গুড়,প্রসাদ | ফাঃ শীরনী >সিন্নী |
| গুড় | গুড় | সং গুড় |
| ঝোলা গুড় | ঝোলা গুড় | [ঝোল(জল)+আ(যুক্তার্থে)] =ঝোলা+গুড় |
| পাঁপড় | পাপড় | সং পর্পট |
| দিলখোস | নলপাপড় | ফাঃ দিলখুশ |
| মামলেট | ডিমের ভাজা,ওমলেট | ইং Omelet |
| মাড় | ভাতের ফ্যান | সং মন্ড >হিঃ মাঁড় >মাড় |
| পোশালু,পোসালু | চড়ুইভাতি,বনভোজন | পুষ্য+অ=পৌ+আলি=পৌষালি >পোসালু |
| তাড়ি | তাড়ি | সং তাল >তাড়+ই |
| দারু | মদ | ফাঃ দারূ |
| এসকা | এক ধরনের পিঠা | সং আসেকিম >আসকিয়া >এসকা |
| চাটনি | টক | ফাঃ চাটনি >চাটনি |
| কালিয়া | কালিয়া | আঃ কালিআ >কালিয়া |
| চিতাই | চিত্যাই | সং চিত্রাপূপ >চিতই >চিতাই |
| লিট্টি | ছাতু ও আটার তৈরি খাদ্য | হিঃ লিট্টি |

## ৫.২৪. গৃহ ও গৃহনির্মাণ সামগ্রী এবং শয্যা দ্রব্যের নাম

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস |
|---|---|---|
| বাড়ি | বাড়ি | সং বাটী |
| ঘর | ঘর | সং গৃহ > পালি গহ > ঘর |
| আঙ্না,অ্যাঙ্না | উঠোন | সং অঙ্গন > আঙ্না |
| এগন্যা,এগনা | উঠোন | সং অঙ্গন > এগ্না |
| ঝাপের ঘর | চালাঘর | হিঃ ঝাপ + এর + ঘর > ঝাপের ঘর |
| খ্যাড়ের ঘর | খড়ের ঘর | সং খেট্ (=তৃণ) > খাড়> খেড় > খ্যাড়/ খাড়+এর+ঘর |
| দরোজা,দজ্জা | দরজা | ফাঃ দরওয়াযহ্ > দরোজা |
| কপাট | দরজা | সং একপট্ট > কপাট |
| ঝাঁপ | দরজা | হিঃ ঝাপ |
| চান্দাড়ু | বহির্ভাগের বারান্দা | অজ্ঞাতমূল |
| ম্যাইঝ্যা ,মাঝিয়া,মেঝা,মেঝ্যা | মেঝে | সং মধ্য > মাঝ + ইয়া =ম্যাইঝ্যা |
| চাইলতোল | বারান্দা | অজ্ঞাতমূল |
| বারান্ডা | বারান্দা | পোর্তুঃ Varanda |
| ওশ্রা | বারান্দা | হিঃ ওসারা |
| কজা | কজা | আঃ ক্ববজা |
| বৈঠকঘর | বৈঠকখানা | সং বাট্যালক্ > বৈঠক +ঘর |
| রান্না ঘর | রান্না ঘর | সং রন্ধন > রানু + গৃহ > ঘর |
| হেশাল ঘর,হেঁশ্যালঘর | রান্না ঘর | মাঃ হাণ্ডীশাল |
| পুজার ঘর | পুজোর ঘর | সং পূজ্ > পূজা + র > পুজার + ঘর |
| ঠাকুর ঘর | পুজোর ঘর | সং ঠক্কুর > হিঃ ঠাকুর + ঘর |
| গোদাম ঘর | গুদাম ঘর | ইং Godown |
| হাগার ঘর | পায়খানার ঘর | সং √হদ্ > মৈঃ,মাঃ √হগ > হাগ+আ +র+ঘর |
| শুয়ার ঘর,শোয়ার ঘর | শোবার ঘর | সং শয়ন > শোয়া + র + ঘর |
| গুহাল,গুহ্যাল,গোহাইল,গোহিলঘর | গোয়াল ঘর | সং গোশাল > গোহাল> গুহাল,গুহাইল, গোহিল + ঘর |
| খুন্টা,খুঁটি,খুন্টি | খুঁটি | হিঃ খূঁটী |
| থোম | থাম | সং স্তম্ভ > প্রাঃ থম্ব > থাম > থোম |
| ব্যাঢ়া,ব্যাড়ুহা,ব্যাড়া | বেড়া | সং বেষ্ট > বেড় + আ |
| টাটি | বেড়া | হিঃ টট্টর |
| ধাপি | সিঁড়ি | সং পদস্থাপনী > ধাপ+ ই |
| কোরা | কড়িবরগা | অজ্ঞাতমূল |

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস |
|---|---|---|
| বরগা | কড়ি বরগা | পোর্তুঃ Verga |
| টাইলি,ট্যাইল,টাইল,ট্যাল,টালি | টালি | ল্যাটিন টে গিয়ার (ছাওয়া বা আস্থাদন করা) > ইং Tile > টালি,ট্যাইল,ট্যাল |
| সিমিট,সিমেন্ট | সিমেন্ট | ইং Cement |
| ইটকোল,ইটাল,ইট,ইটকাল | ইট | সং ইষ্টক > ইট+কোল,কাল,আল |
| বালু,বালি,বাল্লু | বালি | সং বালুক> প্রাঃ বালুয়া> বালু,বালি,বাল্লু |
| খুয়া,খয়া | খোয়া | অজ্ঞাতমূল |
| ছিটকানি,স্টিকিনি | ছিটকিনি | হিঃ সিট্‌কিনি |
| ছাত,ছাদ | ছাদ | সং ছাদ |
| দাওয়াল,দেওয়াল,দেয়াল | দেওয়াল | ফাঃ দীওয়ার |
| তাম্বু,তোম্বু | তাঁবু | আঃ তম্বূ |
| বাথান ঘর | ফসল পাহারা দেবার ও গবাদিপশু রাখার জায়গা | সং বাসস্থান > প্রাঃ বাহ্‌থাণ > বাথান |
| মিশিনঘর,ম্যাশিং ঘর | মেশিন ঘর | ইং Machine + ঘর |
| ফোঁকড় | ভেন্টিলেটর | সং ভূক |
| মুন্দির,মন্দির | মন্দির | সং √মন্দ+ ইর = মন্দির |
| মোহজিত,মহজিদ,মসজিদ | মসজিদ | আঃ মস্‌জিদ |
| গিজ্জা | গির্জা | পোর্তুঃ Igreja |
| গোশোল ঘর | স্নানের ঘর | আঃ গুসল্ > গোসল্+ ঘর |
| স্যানের ঘর | স্নানের ঘর | সং স্নান > স্যান + এর +ঘর |
| লাহার ঘর | স্নানের ঘর | সং √স্না (= শৌচে স্নানে)> হিঃ নহানা > লাহা+র+ঘর |
| আবসুদ ঘর | আঁতুর ঘর | সং অরিষ্ট > আঁতুর > আবসুদ+ঘর |
| আঁতর ঘর,আতোর ঘর | আঁতুর ঘর | সং অরিষ্ট >আঁতুর >আতর,আতোর +ঘর |
| ড্যাওয়া | দাওয়া | সং দর্বট> দাওঔয়া> ড্যাওয়া |
| চেন | শিকল (দরজার) | ইং Chain |
| জিনজির | শিকল (দরজার) | ফাঃ যন্‌জীর |
| লাদনা | হুড়কো/হুড়কা | অজ্ঞাতমূল |
| হুড়কা | হুড়কো/হুড়কা | সং হুড়ুক্ক > হিঃ হুড়ুক > হুড়কা |
| শিক্‌লি,সিকলি | খিল | সং শৃঙ্খল > শিকল > শিকলি |
| দুয়ার্ | দরজা | সং দ্বার > পালি দুবার >দুয়ার |
| জান্‌লা,জান্না,জাল্‌না | জানালা | ইং Janela |
| চোকি,চকি | চৌকি | সং চতুস্কী |
| খাটলা | খাট্ | সং খট >প্রাঃ খট্টা >বাং খাট + লা |
| ছপ্পর খাট | খাট,পালঙ্ক | হিঃ ছপর্ খট্ |

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস |
|---|---|---|
| গোদ্দি,গাদ্দি | গদি | হিঃ গদ্দী |
| বিশ্না | বিছানা | ফাঃ বিস্তর্ |
| বিছ্যান্ | বিছানা | সং বি + স্তৃ (=আচ্ছাদন) > বিস্তর >বিছ্যান |
| ল্যাপ | লেপ | সং লিপ্ > লেপ > ল্যাপ |
| তশোক্,তোশক্ | তোশক | ফাঃ তোশক |
| তয়লা,তাবালি | তোয়ালে | পোর্তুঃ Toalha > তয়লা,তাবালি |
| বালিশ্ | বালিশ | ফাঃ বালিশ্ |
| ক্যাঁথা | কাঁথা | সং কন্থা > প্রা কংথা > বাং কাঁথা> ক্যাঁথা |
| চাদ্দোর,চাদ্দর | চাদর | ফাঃ চদ্দর,চাদর |
| মোশারি | মশারি | সং মশক> মশা+অরি> মশারি> মোশারি |
| মোশাহারি | মশারি | হিঃ মশেহ্‌রী > মোশাহারি |
| মাঁচান,মাঁচা | মাচা | সং মঞ্চ > প্রাঃ মাংচ > বাং মাচা+ন |
| দোল্‌না | দোলনা | সং √দুল্ + অ (অচ্) > দোল + না > দোলনা > দোল্‌না |
| ঝুল্‌নু | দোলনা | হিঃ ঝুল্‌নু |
| শিথ্যান্ | বিছানার শিয়র | সং শিরস্থান > শিথ্যান |
| পৈথ্যান | বিছানার পশ্চাৎ | সং পদস্থান > পৈথান |
| পাঙ্খা | পাখা | সং পক্ষ |
| গাদ্‌লা | গদি জাতীয় কাঁথা | হিঃ গদিলা |
| বিল্‌ডিঙ | বিল্ডিং | ইং Building |

## ৫.২৫. গৃহোপকরণ বিষয়ক শব্দ

| | | |
|---|---|---|
| ইশ্‌কুরু | স্ক্রু | ইং Screw |
| কাঁটা | স্ক্রু,পেরেক | সং কন্টক >হিঃ কাঁটা |
| কাঠের বাক্সা | কাঠের বাক্স | সং কাষ্ঠ > কাঠ+এর +ইং Box |
| বাক্‌শ | বাক্স | ইং Box |
| চাভি,চাবি | চাবি | পোর্তুঃ Chave |
| ছড়ান,ছোড়ান | চাবি | হিঃ ছোড়ান্ |
| তালা | তালা | সং তালক > হিঃ তালা |
| চ্যায়ার,চিয়্যার,চ্যার | চেয়ার | ইং Chair |
| টেবিল | টেবিল | ইং Table |
| টুল | টুল | ইং Tool |
| কার্ড,কাড | কার্ড | ইং Card |

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস |
|---|---|---|
| টচ | টর্চ | ইং Torch |
| লাইট | লাইট | ইং Light |
| পাখা | পাখা, তালের পাখা | সং পক্ষ >পাখ + আ >পাখা |
| পাঙখা | পাখা, তালের পাখা | হিঃ পংখা |
| পার্দা, পর্দা | পর্দা | ফাঃ পরদ্হ >পরদা >পারদা |
| পাঁ মুচ্ছা, পামুচা | পাপোশ | সং পাদ >প্রাঃ পায, *পাঅ >বাং পা+সং পুঁছা >মুছা >মুচ্ছা, মুচা |
| পালকি | পালকি | সং পাল্যঙ্ক |
| ফ্যান | ফ্যান | ইং Fan |
| বল্ | বল | ইং Ball |
| বল্ | বালব | ইং Bulb |
| টিবি, টিভি | টিভি | ইং Television |
| রেডি, রেডিও | রেডিও | ইং Radio |
| লাদ্না | লাঠি | অজ্ঞাতমূল |
| শালাই, শলাই, শালহাই | দেশলাই | সং শলাকা |
| শালাই, শলাই, শালহই-এর খোপ | দেশলাই বাক্স | শালাই+ এর + সং ক্ষুপ > খোপ |
| চ্যারাক | প্রদীপ | ফাঃ চিরাগ |
| ধুনা | ধূপ | সং ধূপন, ধূনক > ধূনা > ধুনা |
| ধুন্চি, ধুপচি | ধুনুচি | ধুনা + তুঃ চী > ধুনচী > ধুনচি |
| লালটোন, লল্ঠন্ | লণ্ঠন | ইং Lantern |
| লম্ফ | টেবিল ল্যাম্প | ইং Lamp |
| পোইলত্যা | সলতে | ফাঃ পলিতহ্ |
| সলত্যা, সলতা | সলতে | হিঃ সিলবট্ >সলিতা >সলতা >সলত্যা |
| গজাল কাটা | গজাল | ফাঃ গজ+সং আল (=সূক্ষ্মমুখ)> গজাল + কাটা |
| খুচি | গজাল | সং সূচী |
| সেন্ধুক | সিন্দুক | আঃ সন্দূক্, সিন্দূক্ |
| আল্মারি | আলমারি | পোর্তুঃ Armario |
| আল্পিন, পিন | আলপিন | পোর্তুঃ Alfinete |
| শপ্, শোপ্ | শপ (বড় মাদুর) | আঃ সফ্ফ |
| ম্যাইচ্যা, মাচা | মঞ্চ | সং মঞ্চ |
| মুড়া | মোড়া | হিঃ মোঢ়া |
| পিড়হ্যা | পিঁড়ি | সং পিণ্ডিকা |
| পাটি | পাটি | সং পট্টিকা |
| ছালা | চটের মাদুর | সং স্থালী |

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস |
|---|---|---|
| কেরেন্ট | কারেন্ট,বিদ্যুৎ | ইং Current |
| বিজ্‌লি | বিদ্যুৎ | হিঃ বিজ্‌লী |
| ডান্ডা | লাঠি | সং দন্ড |
| লাটি | লাঠি,গরু তাড়ানোর লাঠি | সং লগুড়,যষ্টি >ষট্টি > লট্টি > লাটি |
| সুইচ,সুই,ছুঁচ | সুচ | সং সূচী |
| হুক্কা | হুক্কা,হুকো | আঃ হুক্ক্‌ঃ |
| কল্কি | কল্কে | সং কলিকা >কল্কি |
| ডিব্বা | ডিবে | হিঃ ডিব্‌বা |
| লল | নল | সং নল |
| শাব্বল,শাব্বোল | শাবল | সং শর্ব্বলা |
| আরি | করাত | ফাঃ আররহ্ > উর্দু আরী |
| তারুয়াল,তালওয়ার,তালোয়ার | তলোয়ার | হিঃ তল্‌ওয়ার |
| শুলপি | বর্শা | সং শূল > প্রাঃ >শূল >বাং শূলফী >শুলপি |
| চাভুক | চাবুক | ফাঃ চাবুক |
| হাতুড় | হাতুড়ি | সং হাতমগুর |
| চাক্কু | ছুরি | ফাঃ চাকূ |
| ছোরা,ছুঁরি | ছুরি | সং ছুরিকা >প্রাঃ ছুরিয়া,ছুরিআ >বাং ছুরি ছুঁরি,ছোরা |
| ঢ্যারা | ঢ্যারা | হিঃ ঢ্যারা |
| ক্যাঁইচি,কাঁচি | কাঁচি | তুঃ ক্বইঁচী |
| লগ্‌ঘা | বড় লগা | সং লগ্ন >হিঃ লগ্‌গা >লগ্‌ঘা |
| খুর | ক্ষুর | সং ক্ষুর |
| বিলেট,বেলেট,ব্লেট | ব্লেড | ইং Blade |
| পাতিখুর | ব্লেড | পাতি (উপসর্গ) + খুর |
| বোচ্‌কা | বোঁচকা | তুঃ বোক্‌চহ,বোগ্‌চহ্ |
| পুটলি,পোট্‌লি,পোঁটলা | পুঁটলি | সং পোটলিকা,পোট্টলী |
| সাইকেল,স্যাইকেল,শাঁইকেল | সাইকেল | ইং Cycle |
| মটর সাইকেল,স্যাইকেল | মোটরসাইকেল | ইং Motor + ইং Cycle |
| রেস্‌কা,রেক্‌সা | রিক্সা | জাপানি শব্দ (আগন্তুক শব্দ) |
| ঘড়ি,ঘোড়ি | ঘড়ি | সং ঘটীযন্ত্র |
| ঝাঁটা | ঝাড়ু | দেশিমূল |
| বারুন,বাড়ুন | ঝাড়ু ,ফুলঝাড়ু | তুঃ বারুন |
| দাতের মান্‌জোন | দাঁতের মাজন | সং দন্ত >দাঁত+এর+ সং মার্জ্জন >মাজন >মানজোন্ |
| দাঁতন | দাঁতন | সং দন্তদাবন |

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস |
|---|---|---|
| ছাতা | ছাতা | সং ছত্র >প্রাঃ ছত্ত >বাং ছাতা |
| ছাতি | ছাতা | সং ছত্র >হিঃ ছতরী >ছাতি |
| হাইতার | হাতিয়ার | হিঃ হথিয়ার |

## ৫.২৬. প্রাকৃতিক বস্তু বিষয়ক ও দৈনন্দিন জীবন সম্পৃক্ত শব্দ

| | | |
|---|---|---|
| আশমান | আকাশ | ফাঃ আসমান |
| জমিন,জমি | মাটি | ফাঃ যমীন |
| ম্যাগ্,ম্যাঘ | মেঘ | সং মেঘ |
| চিক্যাশ্ | সূর্য | অজ্ঞাতমূল |
| সুরুজ,সুজ্জ | সূর্য | সং সূর্য্য > প্রাঃ সুজ্জ >সুরুজ |
| তারা | তারা | সং তারকা |
| জাড়্ | ঠান্ডা | সং জাড়া > প্রাঃ জড্ড,জড্ডা> হিঃ জাড় >জাড় |
| শীত | শীত | সং শীত |
| গরম | উত্তাপ | ফাঃ গরম |
| আজাব্ | শাস্তি | আঃ আ'জাব |
| আবাজ | আওয়াজ | ফাঃ আবাজ |
| আকাল | আকাল,অভাব | দেশিমূল |
| ভুঁই | জমি | সং ভুমি |
| লদ্দি,লোদ্দি,লোদি | নদী | সং নদী >লদ্দি,লোদ্দি,লোদি |
| লরম্ | নরম | ফাঃ নরম |
| চান্ | চাঁদ | সং চন্দ্র |
| পৈখোর্,পোখোর | পুকুর | সং পুষ্করিণী |
| লহা | লোহা | সং লৌহ |
| অদা | অঙ্গীকার | আঃ উয়াদাঃ |
| ইজ্‌মালি | যৌথ | আঃ ইজমাল |
| ইনকার্ | অস্বীকার,অবজ্ঞা | আঃ ইনকার |
| ইয়াদ্ | স্মরণ | ফাঃ য়াদ |
| কান্ধা,কান্হা | কিনারা | হিঃ কান্না |
| কাফি | যথেষ্ট | আঃ কাফী |
| খনোখায় | খামোখা | ফাঃ খ্বাহমখ্বাহ + য় (বিভক্তি) |
| খ্যাইশ্ট্যা | কদাকার | ফাঃ খাস্তহ্ |
| খাবোল্ | অঞ্জলি | সং কবল |
| কিরা | শপথ,প্রতিজ্ঞা | হিঃ কিরিয়া |

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস |
|---|---|---|
| কোড়,কট্ | দিক,পার্শ্ব | হিঃ কোড় |
| ঝাড়া | পায়খানা | হিঃ ঝাড়া |
| মাটি | মাটি | সং মৃত্তিকা > প্রাঃ মিত্তিআ > বাং মাটি |
| হাওয়া | বাতাস | আঃ হওয়া |
| পানি | জল | সং পানীয় > হিঃ পানি > পানি |
| বাতাস | বায়ু | সং বাতঃ > হিঃ বাতাস |
| শীত | কুয়াশা | সং শর + অ (অচ্) |
| শীত | শিশির | সং শাত + অ (অচ্) |
| চান,চান্দ | চাঁদ | সং চন্দ্র > চান,চান্দ |
| বিশ্‌টি | বৃষ্টি | বৃষ (বর্ষণ করা) + তি (ভা.) > প্রাঃ বিষ্টি |
| তাপ | উত্তাপ | তপ (উত্তপ্ত করা,গরম করা) + অ |
| গরম | গরম | সং ঘর্ম্ম; Av.garema>ফাঃ গর্‌ম্> গরম |
| দুনিয়্যা,দুনিয়া | জগৎ | আঃ দুন্‌য়া >দুনিয়া,দুনিয়্যা |
| খাল | খাল | সং খল্ল |
| বিল | বিল | সং বিল |
| নালা | নালা | সং নাল >নালা |
| পোখর,পখোর,পোইখোর | পুকুর | সং পুষ্করিনী |
| দিঘি | দিঘি | সং দীর্ঘিকা > প্রাঃ দিগ্‌ঘিঅ >দিঘি |
| পোখর পাটাল,ফখরের পাড় | পুকুরপাড় | সং পুষ্করিনী + সং পার |
| নয়নজোলি | নয়নজুলি | অজ্ঞাতমূল |
| ঢালাইরাস্তা | ঢালাই,পাকারাস্তা | হিঃ ঢলাই >ঢালাই+ফাঃ রাস্‌তহ্ >রাস্তা |
| গোল্লি | গলি | হিঃ গলী |
| জলা জাগা/জাঘা | জল জমার জায়গা | জল্+আ >জলা+ফাঃ জয়িগাহ্ >জাগা/ জাঘা |
| ঢিব্ | ঢিবি,স্তুপ | হিঃ টীপা > ঢিপি > ঢিবি > ঢিব্ |
| ঝড়ি,ঝড় | ঝড় | সং বি [ঝটিকা >টি] > ঝড়ি,ঝড় |
| তুফান | তুফান | আঃ তূ'ফান্ |
| বইন্যা,বান | বন্যা | সং স্ত্রী [বন + য +স্ত্রী আ (টাপ)] |
| খরা | খরা | সং খর > প্রাঃ খরা |
| আকাল | দুর্ভিক্ষ | দেশিমূল |
| ভোক্ | খিদে | হিঃ ভূখ্ |
| খিদা | ক্ষিদে | সং ক্ষুধা |
| গুমসট্টা গরম,গুমসাটা | গুমটভাব | হিঃ গুম্‌সা > গুমসাট্টা + ফাঃ গরম |
| খুব গরম | অত্যধিক গরম | ফাঃ খুব > ফাঃ গরম,সং ঘর্ম্ম |

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস |
|---|---|---|
| খিপোত | দুর্নাম | আঃ গীবত |
| দুন্নাম | দুর্নাম | সং দুর্নাম |
| চিন্হার | পরিচিত | হিঃ চিনহা + র > চিন্হার |
| অনচিন্হার | অপরিচিত | অন্ (না অর্থে) + চিন্হার |
| মোট্কা,মেটুরাম | ভীষণমোটা | হিঃ মট্কা > মোটকা,মোটু+রাম (বৃহৎ অর্থে) |
| চারদিক | চারদিক | সং চতুর >চার > চ্যার+সং দিক্ |
| কোনা | কোন | সং কোণ |
| উভুর | উবুড় | সং অবমুন্ড >প্রাঃ উমন্ড >উবুর >উভুর |
| উবভুড়,উভুড় | উপুড় | সং অবমুন্ড >প্রাঃ উমন্ড >উবুর >উভুড়, উবভুড় |
| ডুবকি | ডুব সাঁতার | হিঃ ডুবকি |
| হ্যালা | সাঁতার কাটা | অজ্ঞাতমূল |
| ফুস ফুস করা,ফুসুর ফুসুর করা | ফিসফিস করা | হিঃ খুসুর খুসুর |
| কাজিয়া,কাইজ্যা,কেইজ্যা | ঝগড়া | আঃ ক্বাযীয়্যহ্ |
| নুনছা,ননছ্যা | লবণাক্ত | হিঃ নুন + ছা > নুনছা,নুনছ্যা |
| নুনকড়া,খড়া | অত্যধিক লবণাক্ত | হিঃ নুনখরা |
| পেনস্যা | পানসে | হিঃ পনসা |
| জোট | যৌথ | হিঃ জুট্না |
| জুদ্‌দা | পৃথকভাবে | হিঃ জুদা |
| বেইমান | অকৃতজ্ঞ | হিঃ বেইমান |
| কিন্হার | কিনারা | হিঃ কিনারা |
| মোইধ্যে | মাঝামাঝি | সং মধ্যে |
| খাড়োমোনে | লম্বালম্বি | হিঃ খড়া > খাড়ো + মোনে (ভাবে) |
| কশ্‌শা | কষে | সং√কষ্ + আ > কষা > কশ্‌শা |
| আল্‌গা | ঢিলে | সং অলগ্ন >হিঃ অল্‌গা >আল্‌গা |
| ফুর্তি | দ্রুত | হিঃ ফুর্‌তী |
| দোড়া | দ্রুত চলা | হিঃ দৌড় |
| অ্যালসা | অত্যধিক ধীরে | সং আলস্য >অ্যালসা |
| গু | মল | সং গূ |
| পেচ্ছাব | মূত্র | ফাঃ পেশাব >প্রাঃ পেচ্ছাব |
| মুত | মূত্র | সং মূত্র >প্রাঃ মুত্ত >বাং মুত |
| কপ্ | কফ্ | ফাঃ কফ্ >কপ |
| সদ্দি | সর্দি | ফাঃ সর্‌দী >সর্দ্দি >সদ্দি |
| কাশি | কাশি | সং কাসি >কাশি |

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস |
|---|---|---|
| বুকে লাগা | বুকব্যথা | সং বক্ষ্য >বুকে+সং লগ্>হিঃ লগ্না >লাগা |
| হাঁপানি | হাঁপানি | ফাঃ হাঁপা +অন্ |
| জ্বর | জ্বর | সং জ্বর >জর |
| বোমি | বমি | সং√ বম (<বমন) > +ই |
| মাথাদুখা | মাথাব্যথা | সং মস্তক >প্রাঃ মত্থ >বাং মাথা+হিঃ দুখ্না >দুখা |
| মাথাঘুরা | মাথাঘোরা | বাং মাথা + সং √ঘূর্ণ >বাং ঘুর+আ |
| নিমনতন | নিমন্ত্রণ | নি+মান্ত্র্+অন = নিমন্ত্রন >নিমন্তন্ |
| জাফোত | নিমন্ত্রণ | আঃ যিয়াকত |
| লাফাঙ্গার | উচ্ছৃঙ্খল | অজ্ঞাতমূল |
| ভিজ্জা কাঠ | ভেজা কাঠ | হিঃ ভিজ্না >প্রাঃ ভিজা >ভিজ্জা+সং কাষ্ঠ >কাঠ |
| শুক্কা কাঠ,শুকখখাকাঠ | শুকনো কাঠ | সং শুষ্ক >প্রাঃ শুকা >শুক্কা+কাঠ |
| পিরথিবি | পৃথিবী | সং পৃথিবী |
| খড়ি | জ্বালানিকাঠ | সং খড় >হিঃ খরী >বাং খড়ি |
| লোকড়ি | জ্বালানিকাঠ | হিঃ লক্ড়ী > লোক্ড়ি |
| ঘিনাহা | আবর্জনা | সং ঘৃনার্হ |
| নোংরা | আবর্জনা | সং ন্যক্কার |
| চিক্না | পরিস্কার | সং চিক্কন >চিকন + আ |
| পরিস্ক্যার | পরিস্কার | পরি + কৃ + অ = পরিস্কার >পরিস্ক্যার |
| কাপড় | বস্ত্র | সং কর্পট >হিঃ কাপ্ড়া >কাপড় |
| বাসিয়া,বাসি | বাসি | সং পর্য্যুসিত > হিঃ বাসী>বাং বাসিয়া, বাসি |
| ফাঁকা | অবকাশ | সং ভাগ > হিঃ ফাঁক > বাং ফাঁকা |
| এক লাগাড়ে | অবিরত | সং এক + সং লগ্ > লাগা > লাগাড়ে |
| জোরকোরা | জবরদস্তি | ফাঃ জোর্ > জোর + সং √কৃ >করা |
| চাইটি | খুবকম | চারটি > চাইটি |
| দয়্যা | দয়া | √দয় + অ |
| ঘিন্না,ঘিন্না | ঘৃনা | সং ঘৃনা > বাং ঘিন্ন, ঘিন্না |
| লোভি | লোভ | √লুভ + নিচ্ |
| তরকা তরকি | তর্কবিতর্ক | তর্ক + আ + তর্ক + ই |

## ৫.২৭ দৈনন্দিন জীবনে নারীর ভাষায় ব্যবহৃত শব্দাবলি

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস |
|---|---|---|
| অ্যাক্‌চিন | অল্প,সামান্য | সং এক + বাং চিমটি |
| আঁটকুড়া | গালি বিশেষ | সং আত্ত >আঁট+সং কুল >কুড়+আ |
| আঁটকুড়ি | গালি বিশেষ | সং আত্ত >আঁট+সং কুল >কুড়+ই |
| আহিড়্যা | কনিষ্ঠের পূর্বসন্তান | সং অণ্ড >এঁড়ে > আইড়্যা |
| অ্যাইল্‌মা-ডেড়ুহি | অনুপূর্বক কথা | অজ্ঞাতমূল |
| আরোশ | বিয়ের কনে | আঃ আরূস |
| আশ্‌টাছাড়া,আশ্‌ঠ্যাছাড়া | অসার,অপ্রাসঙ্গিক | অজ্ঞাতমূল |
| উপুর্‌জুলি | জ্বালাতন | অজ্ঞাতমূল |
| উলিবুলি | জ্বালাতন,বিরক্তি | সং আকুলি-ব্যাকুলি |
| উইশ্‌ট্যা | হোঁচট | সং উচ্চাটন |
| খ্যায়শ্যাল্‌ | ঝগরাটে | অজ্ঞাতমূল |
| খাপসন্নী | যে স্ত্রীলোক কেবল ঝগড়া করে | অজ্ঞাতমূল |
| খাইপালি | যে স্ত্রীলোক বারবার খায় | অজ্ঞাতমূল |
| ভুস্‌কী | যে স্ত্রীলোক গোপনে পরপুরুষ গামিনী হয় | অজ্ঞাতমূল |
| খিদিবিদি | বিরক্তি | অজ্ঞাতমূল |
| খাধ্‌ড়ি | নোংরা | অজ্ঞাতমূল |
| খাচ্‌ড়া | খিস্তিপূর্ণ | অজ্ঞাতমূল |
| খোব্‌বিশ্‌ | শয়তান | আঃ খবীশ |
| খোবিশ্‌ মাগী | গালি বিশেষ | অজ্ঞাতমূল |
| খনোখ্যায় | খামোখা | ফাঃ খ্বাহমখ্বাহ |
| গাড়ুহুয়ামুখা | স্থূলকায় | অজ্ঞাতমূল |
| ডাইনি | ডাইন,পিশাচী,পেতনি | সং ডাকিনী > প্রাঃ ডাইনী |
| ডাইনচুশ্‌শি | গালিবিশেষ | সং ডাকিনী >ডাইনি >ডাইন+সং চূষ+ঈ |
| ছ্যাচাই | সত্যি | হিঃ সাচ্চা |
| ছুঁচকা | গালি বিশেষ | দেশিমূল |
| ছুঁচ্‌কি | গালি বিশেষ | দেশিমূল |
| ছিঃ | ছিঃ | সং ছিঃ |
| ছিক্‌কো | ছিঃ | সং ছিঃ |
| ছিক্‌কোটে | ছিঃ | সং ছিঃ |

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস |
|---|---|---|
| ছিন্‌হ্যার্ | ছিনাল | সং ছিন্না > প্রা ছিন্নাল > ছিন্‌হ্যার্ |
| ছুঁচলামুখি | গালি বিশেষ | সং সূচী > সূচ > ছুঁচ+লা > ছুঁচলা + মুখ+ঈ (স্ত্রী প্রঃ) |
| ড্যাহিংমাগী | গালি বিশেষ | সং ডাকিনী > প্রাঃ ডাইনী >ড্যাহিং+সং মাতৃগ্রাম >প্রাঃ মাউগগাম >বাং মাগ+ঈ |
| জারুয়া | জারজ | সং √জৄ+অ = জার (উপপতি) +উয়া |
| গিধ্‌নি | গালিবিশেষ | সং গৃধ্র+ইনি = গৃধ্রিনী > গিধ্‌নি |
| জিদালি | গালি বিশেষ | আঃ জিদ্ + আলি (স্ত্রী বাচক) |
| ঢেমনি মুখি | গালি বিশেষ | সং ধমনী (= হট্ট বিলাসিনী) > ঢেমনি +মুখ+ই |
| ঢেমনামুখা | গালি বিশেষ | হিঃ ঢেমন (চরিত্র হীন ব্যক্তি) +মুখ+আ |
| নাং | অবৈধ প্রেমিক,উপপতি | সং নগ্ন > নাং (উপপাতি) |
| প্যাট্ | গর্ভ | দেশিমূল |
| পেঁচকুট্‌টি | কুচ্‌কুচে কালো | অজ্ঞাতমূল |
| পোয়াতি | আসন্ন প্রসবা | সং পুত্রবতী,প্রসূতি |
| ভাতার্ কাম্‌ড়ি | গালি বিশেষ | সং ভর্তৃ > ভাতার+কামড়ি |
| ভাতার | স্বামী | সং ভর্তৃ >ভাতার |
| ভাতার পুরা | গালি বিশেষ | সং ভর্তৃ > ভাতার+পোড়া >পুরা |
| ভাতার খাকি | গালি বিশেষ | সং ভর্তৃ > ভাতার+খাকি |
| মিন্‌শ্যা | পুরুষ | সং মনুষ্য |
| লিত্‌ত্যা | সংকোচ,লজ্জা | অজ্ঞাতমূল |
| বার ভাতারি | গালি বিশেষ | বার + ভাতার + ই |
| হ্যায়্যাখোর | লজ্জাহীন | আঃ হায়া + বাং খোর |

## ৫.২৮. সময় নির্দেশক শব্দ

| | | |
|---|---|---|
| টাইম | সময় | ইং Time |
| ওয়াক্‌ত্ | সময় | আঃ বক্‌ত্ |
| ভোর্‌র‍্যাইত্ | ভোর | হিঃ ভোর + র‍্যাইত < সং রাত্রি |
| ঝালাপালা | প্রাক্- সকাল | অজ্ঞাতমূল |
| সক্কাল | সকাল | সং উষঃকাল >বাং (সঃ কাল)সক্কাল |
| বিহান | সকাল | হিঃ বিহান |
| ভোর | ভোর | হিঃ ভোর |
| পঁহাত | ভোর/সকাল | সং প্রভাত |
| চিক্যাশ্ | সূর্য | অজ্ঞাতমূল |

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস |
|---|---|---|
| পঁহাত | সকাল | সং প্রভাত |
| দুপ্পহার,দুপ্পহার, দুপ্পহর,দুপ্পোহর | দুপুর | সং দ্বিপ্রহর |
| তেপ্পহার | প্রাক্-বিকাল | সং ত্রিপ্রহর |
| ভাট্টিব্যালা,ভাটিবেলা,ভাট্টিবেলা | বিকালবেলা | সং ভাটি > ভাট্টি +বালা |
| স্যাঁঝ,সাঁঝ,শান্‌ঝ | সন্ধ্যা | সং সন্ধ্যা >সান্‌ঝ্যা >স্যাঁঝ/সাঁঝ |
| শান্‌ঝেরব্যালা | সন্ধ্যাবেলা | সং সন্ধ্যা > সান্‌ঝ্যা +র (সম্বন্ধ)+ব্যালা |
| র‍্যাইত্,রাইত | রাত | সং রাত্রি |
| আগকার দিন,আগা দিন | আগের দিন | সং অগ্র >প্রাঃ অগ্‌গ>বাং আগ+কার (সম্বন্ধার্থে)+সং দিবস >দিন |
| ক্যাইল | পরের দিন | সং কল্যে >প্রাঃ কল্লিং >বাং কাইল >ক্যাইল |
| রোজরোজ | প্রতিদিন | ফাঃ রোজ > রোজ |
| পরতিদিন,পোরতিদিন | প্রতিদিন | সং প্রতি > পরতি/পোরতি +সং দিবস >দিন |
| হপ্তা | সাপ্তাহিক | সং সপ্তাহ; ফাঃ হফতহ >হপ্তা |
| সপ্তাহিক | সাপ্তাহিক | সং সপ্তাহ +ইক (প্রঃ) |
| রোজ | দৈনিক | ফাঃ রোজ্ |
| বচ্ছরকার,বছরকি | বাৎসরিক | সং বৎসর >বচ্ছর+কার (সম্বন্ধার্থে)/কি |
| মিনিটে মিনিটে,মিলিটে মিলিটে | মিনিটে মিনিটে | ইং Minute |
| বচ্ছরে বচ্ছরে | বছরে বছরে | সং বৎসর >প্রঃ বচ্ছর >বাং বচ্ছর + এ |
| মাসে মাসে | মাসে মাসে | সং মাষ >প্রঃ মাস+এ >মাসে |

## ৫.২৯. মাসের নাম

| | | |
|---|---|---|
| বৈশাগ্,বৈশ্যাখ,বৈশাক্,বোশাক্ | বৈশাখ | সং বৈশাখ (বিশাখা + অ) |
| জ্যাঠ্,জ্যাট,জেট | জৈষ্ঠ্য | সং জ্যৈষ্ঠ্য > প্রাঃ জইট্‌ঠ > জ্যাঠ্,জ্যাট, জেট |
| জষ্ঠি | জৈষ্ঠ্য | সং জ্যৈষ্ঠ্য > জষ্ঠি |
| আশাঢ়,আশার | আষাঢ় | সং আষাঢ় |
| শাউন্,শাওন,শাব্বন্ | শ্রাবণ | সং শ্রাবণ > প্রাঃ সাঅন >শাউন্, শাওন,শাব্বন্ |
| ভাদর,ভাদ্‌দুর,ভাদ্দড়,ভাদ্দোর | ভাদ্র | সং ভাদ্র > ভাদ্দর >ভাদর |
| আশ্‌শিন্,আশিন্ | আশ্বিন | সং আশ্বিন |
| কাত্‌তিক্,কারতিক | কার্তিক | সং কার্ত্তিক > পালি কত্তিক |

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস |
|---|---|---|
| আঘুন্,অগ্রান,আগ্‌ঘন | অগ্রহায়ণ | সং অগ্রহায়ণ |
| পুশ্,পোষ | পৌষ | সং পৌষ |
| মাগ্ | মাঘ | সং মাঘী (মঘা +অ +ঈ) |
| ফাগুন্ | ফাল্গুন | সং ফাল্গুন |
| চৈত্ | চৈত্র | সং চৈত্র > চইত্ত > চৈত্ |

## ৫.৩০. বারের নাম

| | | |
|---|---|---|
| রোইব্‌ব্যার,রোব্‌বার | রবিবার | সং রবিবার |
| শম্‌বার্,সোমবার | সোমবার | সং সোমবার |
| মঙল্‌বার,মোঙ্গলবার | মঙ্গলবার | সং মঙ্গলবার |
| বুদ্‌বার | বুধবার | সং বুধবার |
| বিশদ্‌ব্যার,বিশুত্‌বার | বৃহস্পতিবার | সং বৃহস্পতিবার |
| শুক্‌কর্‌বার,শুককুরবার | শুক্রবার | সং শুক্রবার |
| জুম্মাবার | শুক্রবার | আঃ জুম্‌আ + বাং বার |
| শনিবার | শনিবার | সং শনিবার |

## ৫.৩১. ভগ্নাংশ সংখ্যা শব্দ

| | | |
|---|---|---|
| হাপ্ | হাফ | ইং Half |
| পুয়া | পোয়া | সং পাদ |
| চ্যার্ আনা,চারানা | চারআনা | সং চতুর্ আনাক |
| আধা,আদ্ | অর্ধেক | সং অৰ্দ্ধ > আধা |
| পনে | পৌনে | সং পাদোন |
| শুয়া | সওয়া | সং সপাদ |
| ড্যাড়্,দ্যাড়,ডের | দেড় | সং দ্ব্যপার্দ্ধ/দ্ব্যর্দ্ধ >মৈঃ দেঢ় >ড্যাড়্/দ্যাড় |
| শাড়ে | সাড়ে | সং সার্ধ |
| আড়হাই | আড়াই | সং অর্ধতৃতীয় |
| আধাআধি | অর্ধেক অর্ধেক | সং অর্দ্ধ > আধ+আ+আধ+ই |
| শিকি,শিক্যা | সিকি | আঃ সিক্‌কঃ |

## ৫.৩২. বিশুদ্ধ সংখ্যা শব্দ

| | | |
|---|---|---|
| অ্যাক্ | এক | সং একা > প্রাঃ এক্ক >অ্যাক |

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস |
|---|---|---|
| এক | এক | হিঃ এক্ (মানিকচক অঞ্চলে কথিত) |
| দু,দুই | দুই | সং দ্বে > ম. বাং দুই > দু |
| তিন্ | তিন | সং ত্রি, ত্রীনি> প্রাঃ তিন্নি >তিন |
| চ্যার্,চ্যাইর,চার,চাইর | চার | সং চতুর,চত্বারি >চত্তারি >চার,চ্যাইর, চ্যার,চাইর |
| পাঁচ্,পাচ | পাঁচ | সং পঞ্চ > পাঁচ |
| ছ,ছও,ছয় | ছয় | সং ষট্ > ছ,ছও,ছয় |
| শাত্ | সাত | সং সপ্ত > প্রাঃ সত্ত >সাত |
| আট্ | আট | সং অষ্ট > অট্ঠ >আট |
| ল,লয়,নয়,ন | নয় | সং নব >প্রাঃ নঅ >নয় >লয় >ল |
| দশ্ | দশ | সং দশ |
| অ্যাগারো,আগারো | এগার | সং একাদশ |
| এগারো | এগার | সং একাদশ (মানিকচক অঞ্চলে) |
| বারো | বারো | সং দ্বাদশ > হিঃ বারহ্ |
| ত্যারো,তেরো,তারো | তেরো | সং ত্রয়োদশ |
| চৌদ্দো ,চোদ্দ,চোদদো | চৌদ্দ | সং চতুর্দশ |
| পনর,পন্রো,পোন্রো,পোন্দ্রো | পনেরো | সং পঞ্চদশ |
| শোল্লো,শোলো | ষোলো | সং ষোড়শ |
| শত্রো,শতেরো | সতেরো | সং সপ্তদশ |
| আঠারো | আঠারো | সং অষ্টাদশ |
| উন্নিশ,উনিশ | উনিশ | সং ঊনবিংশতি |
| বিশ্ | বিশ | সং বিংশতি |
| কুড়ি | কুড়ি | হিঃ কোড়ী,কোরী > কুড়ি |
| অ্যাক্কোইশ্,অ্যাকুইশ, একুশ,একুইশ | একুশ | সং একবিংশতি |
| বাইশ্ | বাইশ | সং দ্বাবিংশতি |
| তেইশ | তেইশ | সং ত্রয়োবিংশতি |
| চোব্বিশ্,চব্বিশ্ | চব্বিশ | সং চতুর্বিংশতি |
| পোঁচিশ্,পোচিশ্ | পঁচিশ | সং পঞ্চবিংশতি |
| ছাব্বিশ্ | ছাব্বিশ | সং ষড়্‌বিংশতি |
| শাতাইশ্,শাতাশ্ | সাতাশ | সং সপ্তবিংশতি |
| আঠাইশ | আঠাশ | সং অষ্টাবিংশতি |
| উন্তিশ্,উন্তিরিশ্ | উনত্রিশ | সং ঊনত্রিংশৎ |
| তিশ্,তিরিশ্ | ত্রিশ | সং ত্রিংশৎ |
| অ্যাক্তিশ,অ্যাকতিরিশ,একতিরিশ | একত্রিশ | সং একত্রিংশৎ |

| এই অঞ্চলের কথ্য-বাংলায় ব্যবহৃত শব্দ | চলিত বাংলায় প্রচলিত প্রতিশব্দ | উৎস |
|---|---|---|
| বত্‌তিশ,বত্তিশ্‌ | বত্রিশ | সং দ্বাত্রিংশৎ |
| তেত্‌তিশ,তেত্‌তিরিশ | তেত্রিশ | সং ত্রয়োস্ত্রিংশৎ |
| চৌতিশ্‌,চাউতিশ,চোউতিরিশ্‌,চাঁওত্রিশ | চৌত্রিশ | সং চতুস্ত্রিংশৎ |
| প্যাঁয়তিশ্‌,প্যাঁয়তিরিশ,পাইতিশ | পঁয়ত্রিশ | সং পঞ্চত্রিংশৎ |
| ছত্‌তিশ,ছত্‌তিরিশ,ছত্তিশ্‌ | ছত্রিশ | সং ষট্‌ত্রিংশৎ |
| শায়তিশ্‌,শ্যাঁইতিশ্‌,শ্যাঁইতিরিশ্‌ | সাঁয়ত্রিশ | সং সপ্তত্রিংশৎ |
| আট্‌তিশ্‌,আটতিরিশ | আটত্রিশ | সং অষ্টাত্রিংশৎ |
| উন্‌চাল্‌লিশ্‌,উনচোল্‌লিশ্‌,উনচালিশ | উনচল্লিশ | সং ঊনচত্বারিংশৎ |
| চাল্‌লিশ্‌,চোল্‌লিশ,চালিশ্‌ | চল্লিশ | সং চত্বারিংশৎ |
| অ্যাকচাল্‌লিশ্‌,একচোল্‌লিশ্‌,একচালিশ | একচল্লিশ | সং একচত্বারিংশৎ |
| বিয়াল্‌লিশ্‌ | বিয়াল্লিশ | সং দ্বিচত্বারিংশৎ |
| তেতাল্‌লিশ্‌ | তেতাল্লিশ | সং ত্রিচত্বারিংশৎ |
| চুয়াল্‌লিশ্‌ | চুয়াল্লিশ | সং চতুশ্চত্বারিংশৎ |
| প্যায়তাল্‌লিশ | পঁয়তাল্লিশ | সং পঞ্চচত্বারিংশৎ |
| ছিচোল্লিশ,ছিয়াল্‌লিশ | ছেচল্লিশ | সং ষট্‌চত্বারিংশৎ |
| শাতচোল্লিশ,শাচ্‌চল্‌লিশ,শারচল্লিশ | সাতচল্লিশ | সং সপ্তচত্বারিংশৎ |
| আট্‌চাল্‌লিশ্‌,আরচল্‌লিশ,আটচোল্‌লিশ | আটচল্লিশ | সং অষ্টচত্বারিংশৎ |
| উনপন্‌চাশ্‌ | উনপঞ্চাশ | সং ঊনপঞ্চাশৎ |
| পন্‌চাশ্‌,পানচাশ্‌ | পঞ্চাশ | সং পঞ্চাশৎ |
